১৯৮০ সালে ব্র্যাক ডায়রিয়া প্রতিষেধক কর্মসূচি (ওটোপ) চালু করে। এই প্রকল্পের মাধ্যমে ডায়রিয়া রোগের প্রতিষেধক হিসেবে ওরাল স্যালাইনকে জনগণের কাছে গ্রহণযোগ্য করা হয়। এর ফলে বাংলাদেশে এ ধরনের রোগের ক্ষতিকর প্রভাব কমে আসে। এ ছাড়া ব্র্যাক ইউনিভার্সাল চাইল্ড ইমিউনাইজেশন প্রকল্পে অংশগ্রহণ করে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। যক্ষ্মা রোগ নিয়ন্ত্রণেও তারা এগিয়ে আসে। স্বাস্থ্যসেবিকাদের মাধ্যমে জনগণের কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দেন। এসব কর্মসূচির সাফল্যের ফলেই জনসাধারণ অনেক ক্ষেত্রে রোগ বালাইয়ের হাত থেকে মুক্তি লাভ করে। এর ফলে বাংলাদেশের মানুষ শ্রমবাজারে তাদের অবদান রাখতে সক্ষম হন। আফ্রিকার সঙ্গে বাংলাদেশের তুলনা করলে দেখা যাবে যে,

আফ্রিকাতে এইডস মহামারি রোগ প্রতিরোধে এই মহাদেশের বিভিন্ন দেশ অক্ষম হওয়াতে তাদের শ্রম শক্তির অবদান কমে যায়, অন্যদিকে বাংলাদেশ প্রচলিত মহামারি রোধে সক্ষম হওয়াতে বাংলাদেশের শ্রমিকরা অনেক বেশি অবদান রাখতে পারেন। প্রতিষেধমূলক ব্যবস্থা বিস্তারে ব্র্যাকের ব্যাপক সাফল্যের পেছনে রয়েছে জনগণের সক্রিয় অংশগ্রহণ। এই অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনেক উদ্ভাবনমূলক কর্মসূচি বাস্তবায়ন করতে হয়েছে।

বাংলাদেশে শিক্ষার ক্ষেত্রেও আবেদের নেতৃত্বে বলিষ্ঠ ভূমিকা রয়েছে। উপআনুষ্ঠানিক শিক্ষার ক্ষেত্রে ব্র্যাকের অবদান বিশেষভাবে স্মরণীয়। বাংলাদেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় ঝরেপড়ার হার উল্লেখযোগ্য। কিন্তু আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় ঝরেপড়ার হার হ্রাস করার কোনো সহজ সমাধান ছিল না। আনুষ্ঠানিক শিক্ষা কর্মসূচি সাধারণ মানুষের জীবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না। এই শিক্ষা ব্যবস্থাতে অভিভাবক ও শিক্ষার্থীদের অর্থনৈতিক ও সামাজিক সমস্যা আদৌ বিবেচনায় নেওয়া হতো না। উপরন্তু এই শিক্ষাব্যবস্থা ছিল শিক্ষার্থীদের জন্য খুবই নিরানন্দ।

বাংলাদেশে প্রথম কে ক্ষুদ্রঋণ কর্মসূচি চালু করেন, সে সম্পর্কে বিতর্কের অবকাশ রয়েছে। কিন্তু ব্র্যাক যে ক্ষুদ্রঋণ কর্মসূচি চালু করেছে, সেটি নিঃসন্দেহে একটি সফল প্রকল্প। ব্র্যাকের ঋণ কর্মসূচির কতিপয় ব্যতিক্রমধর্মী দিক রয়েছে। এ প্রকল্পে শুধু ঋণই দেওয়া হয় না, ঋণ গ্রহীতাদের প্রশিক্ষণের ব্যবস্থাও করা হয়। হতদরিদ্রদের জন্য বিশেষ ক্ষুদ্রঋণ কর্মসূচি সাফল্য অর্জন করেছে। ক্ষুদ্রঋণ কর্মসূচির মাধ্যমে মহিলাদের মধ্যে শুধু ঋণ বিতরণই করা হয়নি, তাদের মধ্যে নতুন দৃষ্টিভঙ্গিও প্রসারিত হয়েছে।

বাংলাদেশের মতো দরিদ্র দেশের একটি বড় সমস্যা হলো যে, এখানে দরিদ্রবান্ধব ব্যবসায়ের উদ্যোক্তার অভাব রয়েছে। দরিদ্রদের জন্য যেসব ব্যবসা প্রতিষ্ঠান গড়ে ওঠে, সেগুলো বেশিরভাগই লোকসান করে। দরিদ্রদের পণ্য প্রতিযোগিতারভিত্তিতে বাজারজাত করা সম্ভব হয় না। এর প্রেক্ষিতে আবেদ বাংলাদেশে ষোলটি প্রতিষ্ঠান গড়ে তুলেছেন, যারা দরিদ্রদের পণ্য বাজারজাতকরণে



সহায়তা করে। এর মধ্যে উল্লেখযোগ্য প্রতিষ্ঠান হলো আড়ং, যা এ দেশের হতদরিদ্র মহিলাদের পণ্য দেশে ও বিদেশে ন্যায্যমূল্যে বাজারজাতকরণের ব্যবস্থা করেছে। এসব সেবা ও পণ্য দেশের এগার কোটিরও বেশি মানুষের নানা চাহিদা মেটাচ্ছে। এ ছাড়া বীজ, মৎস্য, কৃত্রিম প্রজনন, ব্র্যাক চিকেন, দুগ্ধ, মুদ্রণ, ব্যাংকিং প্রভৃতি খাতে এখন এত সফল হয়েছে যে, এদের লাভের অর্থ দিয়েই ব্র্যাকের প্রায় আশি শতাংশ কাজের অর্থায়ন হচ্ছে। সম্পদের জন্য ব্র্যাক শুধু বাইরের সহায়তার ওপর নির্ভরশীল নয়। দরিদ্রদের স্বার্থে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের অর্জিত মুনাফায় দরিদ্রদের জন্য কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ব্র্যাকের কর্মসূচিসমূহ দরিদ্রদের উদ্যোক্তা হওয়ার নতুন সুযোগ তৈরি করেছে।

এ ধরনের উপলব্ধি থেকে ব্র্যাকের কর্মসূচিতে উপআনুষ্ঠানিক শিক্ষা কর্মসূচিকে একদিকে শিক্ষার্থীদের জীবনের সঙ্গে সম্পৃক্ত করা হয়, অন্যদিকে শিক্ষাব্যবস্থা যাতে উৎপাদন ব্যাহত না করে, তার জন্যও ব্যবস্থা নেওয়া হয়। এই উপআনুষ্ঠানিক শিক্ষাব্যবস্থা সারাদেশে জনপ্রিয়তা অর্জন করে। এ ধরনের ৩৪ হাজারের বেশি শিক্ষা প্রতিষ্ঠান কম খরচে দরিদ্র মানুষের সন্তানদেরকে শিক্ষাজগতের সঙ্গে সম্পৃক্ত করেছে। তবে এ কর্মসূচি এখানেই থেমে নেই, মাধ্যমিক ও উচ্চতর শিক্ষাব্যবস্থার উন্নয়নের জন্যও প্রয়াস চলছে।

উন্নয়নশীল দেশসমূহে অর্থনীতির একটি বড় সমস্যা হলো, নারীদের অর্থনৈতিক ক্রিয়াকাণ্ডে অবদান সীমিত। বাংলাদেশে নারীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধা অপসারণ বেসরকারি সংস্থাসমূহের একটি বড় অবদান। দক্ষিণ এশিয়ার চিরাচরিত সমাজ ব্যবস্থায় নারীদেরকে পুরুষদের ওপর নির্ভরশীল করে রাখা হয়েছে। মনুসংহিতায় বিধান দেওয়া হয়েছে যে কোনো শিশুকন্যা বা তরুণী এমনকি কোনো বৃদ্ধা মহিলা নিজের বাড়িতেও তার ইচ্ছামতো কিছু করতে পারবেন না। শৈশবে নারী পিতার নিয়ন্ত্রণে থাকবে, যৌবনে থাকবে স্বামীর নিয়ন্ত্রণে এবং স্বামী মারা গেলে থাকবে ছেলের নিয়ন্ত্রণে। তার কোনো স্বাধীনতা থাকবে না। কোনো অবস্থাতেই নারী নিজেকে তার পিতা, স্বামী বা ছেলে থেকে আলাদা কিছু করার উদ্যোগ নিতে পারবে না। যদিও পশ্চিমা জগতে এ ধরনের বিধান নেই, তবু পাশ্চাত্যে অর্থশাস্ত্র মহিলাদের বিপক্ষে অবস্থান নিয়েছে।

মহিলারা অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখে, কিন্তু পারিবারিকভাবে মহিলা যে কাজ করে তার কোনো স্বীকৃতি অর্থশাস্ত্রে নেই। যদি কোনো মহিলা চাকরানী হিসেবে কাজ করে, তাহলে তার আয় জাতীয় আয়ে অন্তর্ভুক্ত হবে। সেই মহিলাই যদি বাড়ির কর্তাকে বিয়ে করে আরও অনেক বেশি কাজ করে, তবুও তার অবদান অর্থনীতির হিসেবে যোগ হয় না। এর ফলে অর্থনীতির হিসেবে জাতীয় আয় কমে যাবে, যদিও বাস্তবে জাতীয় আয় বেড়ে যায়। এই প্রেক্ষিতেই অমর্ত্য সেন লিখেছেন, চাকরানীদের বিয়ে করলে অর্থনৈতিক কেলেঙ্কারি হবে অর্থাৎ জাতীয় আয় কমে যাবে। বাংলাদেশে দারিদ্র্য নিরসনে মহিলাদের অংশগ্রহণ সবচাইতে উল্লেখযোগ্য অর্জন। অবশ্য এ কাজটি প্রথমে পরিকল্পিতভাবে করা হয়নি। দারিদ্র্য নিরসন করতে গিয়ে দেখা যায় যে, যেসব কর্মসূচিতে মহিলারা অংশগ্রহণ করেছে, সেসব কর্মসূচি সবচাইতে বেশি সফল।

আবেদ লিখেছেন, তিনি গ্রামীণ মহিলাদের দায়িত্বশীলতায় মুগ্ধ হয়ে মহিলা কর্মসূচির দিকে ঝুঁকে পড়েন। প্রকৃতপক্ষে বাংলাদেশের মহিলারা যে দায়িত্বশীলতার সঙ্গে তাদের কর্মকাণ্ড পরিচালনা করেন, সে ধরনের কাজ বাংলাদেশের পুরুষরা করতে পারে না। বাংলাদেশের বড়লোক পুরুষেরা ব্যাংক থেকে হাজার হাজার কোটি টাকা ঋণ নেয়, অথচ তার অধিকাংশই ফেরত দেয় না। বাংলাদেশের দরিদ্র মহিলারা ক্ষুদ্রঋণ কর্মসূচির মাধ্যমে যে ঋণ নেয়, তার শতকরা প্রায় ৯৯ ভাগ সম্পূর্ণরূপে পরিশোধ করে।

স্যার আবেদের ব্র্যাক বর্তমানে পৃথিবীর বৃহত্তম এনজিও। ব্র্যাকের একটি বড় বিশেষত্ব হলো যে, ব্র্যাক নীল নকশার প্রতিষ্ঠান (blue print organization) নয়, যারা আগে থেকে সব পরিকল্পনা তৈরি করে ওই পরিকল্পনার ভিত্তিতে কাজ করে। এদের পক্ষে নীল নকশার কোনো পরিবর্তন মেনে নেওয়া সম্ভব হয় না। ব্র্যাক নীল নকশার প্রকল্প বাস্তবায়ন না করে তারা প্রকল্প বাস্তবায়নকালেও শিক্ষাগ্রহণ করে এবং প্রকল্পে পরিবর্তন করে। শিক্ষারত প্রতিষ্ঠান হওয়ার ফলেই ব্র্যাকের পক্ষে নানা দুর্যোগ অতিক্রম করা সম্ভব হয়েছে।

অর্ধশত বছর পূর্তিতে শুভকামনা

ড. কামাল হোসেন

ব্র্যাক যাত্রা শুরু করেছিল ছোট্ট পরিসরে, সুনামগঞ্জে জেলার শাল্লায়। মুক্তিযুদ্ধের পর যখন ফজলে হাসান আবেদ ব্র্যাকের কার্যক্রম শুরু করেন, তখন তা ছিল একান্তই ভারত থেকে ফিরে আসা শরণার্থীদের সহায়তার জন্য। শরণার্থী সহায়তার গণ্ডি পেরিয়ে খুব অল্প সময়েই সেই 'বাংলাদেশ রিহ্যাবিলিটেশন অ্যাসিস্ট্যান্স কমিটি' রূপান্তরিত হয়েছিল 'বাংলাদেশ রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি'তে। স্বাধীনতা সংগ্রাম আবেদকে উদ্বুদ্ধ করেছিল মানুষের কল্যাণে নিজেকে নিয়োজিত করতে। গতানুগতিক সফল পেশাজীবী হওয়ার হাতছানি উপেক্ষা করে তিনি তাঁর অসামান্য মেধা নিহিত করেছিলেন মানুষের কল্যাণে। সেই কঠিন সময়ে তাঁর প্রতিক্রিয়া ছিল ব্র্যাকের মতো একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা, যা স্বয়ংসম্পূর্ণভাবে মানুষের কল্যাণে কাজ করে যেতে পারবে।

পরিসর বড় হওয়ার সঙ্গে সঙ্গে বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণে ব্র্যাকের শেকড় গভীর থেকে গভীরে প্রবেশ করতে থাকে। আবেদ

স্বাধীনতা পরবর্তী দেশ গঠনের সময়ে উপলব্ধি করতে পেরেছিলেন যে, বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন এবং সর্বস্তরের মানুষের জীবনের মান পরিবর্তন খেটে খাওয়া মানুষ এবং প্রান্তিক জনগোষ্ঠীকে বাদ দিয়ে সম্ভব নয়।

নারীর ক্ষমতায়ন ও অর্থনৈতিক স্বাধীনতায় ব্র্যাক ভূমিকা রেখেছে। ব্র্যাক সূচনালগ্ন থেকেই বাংলাদেশের মানুষের জন্যে কর্মসংস্থান সৃষ্টি করে আসছে। এই উদ্যোগগুলোর মাধ্যমে গ্রামবাংলার নারীদের কর্মসংস্থান, অর্থনৈতিক স্বাধীনতালাভের সঙ্গে সঙ্গে বাংলাদেশের ঐতিহ্যবাহী কুটির শিল্পগুলোও বেঁচে আছে।

মানবাধিকার ও আইনসেবা নিয়ে কাজ করার উদ্দেশ্যে '৮০'র দশকে ব্র্যাক মানবাধিকার এবং আইনি পরিষেবাবিষয়ক নতুন বিভাগ প্রতিষ্ঠা করে। এর অধীনে দরিদ্রদের আইনগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে অ্যাডভোকেট ফজলুল হকের প্রতিষ্ঠিত



‘মাদারীপুর লিগ্যাল এইড’-এর মডেলটি গ্রহণ করা হয়। পরবর্তীকালে ব্র্যাক লিগ্যাল এইডের ধারণাটির বিস্তৃতকরণে অগ্রগণ্য ভূমিকা পালন করে। আবেদ এই কার্যক্রমে ব্যারিস্টার সালমা সোবহানকে সম্পৃক্ত করেন এবং তাঁর ওপর নেতৃত্ব অর্পণ করেন। ব্র্যাকের আইনি সহায়তা প্রদানের এই উদ্যোগ গ্রহণের ফলে অর্থনৈতিক কারণে যারা ন্যায়বিচার বা আইনি প্রতিকার প্রাপ্তি থেকে বঞ্চিত হতে পারতেন, তারা আইনি সহায়তার মাধ্যমে প্রতিকার লাভ করেছেন। ব্র্যাক অ্যাডভোকেট ফজলুল হকের মধ্যস্থতাকরণের (mediation) মডেলটিও গ্রহণ করেছিল। এর ফলে প্রচলিত গ্রাম্য সালিশের পরিবর্তে অফিসে আইনি কাঠামোর অধীনে প্রশিক্ষিত কর্মীদের মাধ্যমে মধ্যস্থতা করা শুরু হয়। যদিও এই ক্ষেত্রে আরও উন্নয়ন প্রয়োজন কিন্তু এই মডেল গ্রহণের ফলে গ্রাম্য সালিশের বিধিবহির্ভূত এবং খামখেয়ালি সিদ্ধান্তগুলো উল্লেখযোগ্যহারে কমে আসে। এ ছাড়াও ব্র্যাকের কার্যক্রমের অধীনে সালমা সোবহান তৃণমূল পর্যায়ে আইনি সচেতনতা সৃষ্টি এবং বাড়ানোর লক্ষ্যে বিশেষ করে পারিবারিক আইন ও ভূমি আইনের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করেন এবং এর বিকাশ করতে থাকেন। তিনি পরবর্তীতে আইন ও সালিশ কেন্দ্র (আসক) এবং বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিস ট্রাস্ট (ব্লাস্ট)-এর মতো প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকরণেও ভূমিকা রাখেন।

আবেদ ব্র্যাকের আইনি সহায়তা কার্যক্রমের পাশাপাশি আইনের শাসন প্রতিষ্ঠা এবং সাধারণ মানুষের ন্যায়বিচার প্রাপ্তিবিষয়ক একাডেমিক চর্চায়ও ভূমিকা রেখেছেন। সাউথ এশিয়ান ইন্সটিটিউট অব অ্যাডভান্সড লিগ্যাল অ্যান্ড হিউম্যান রাইটস স্টাডিজ গঠনকালে তিনি একজন প্রতিষ্ঠাতা সদস্য তো ছিলেনই, এর সঙ্গে সঙ্গে তিনি প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠাকালে এর কাঠামোগত উন্নয়নের জন্যে ব্র্যাকের পক্ষ থেকে জমিও দান করেন। প্রতিষ্ঠানটি আইনবিষয়ক গবেষণা এবং একাডেমিক চর্চায় সক্রিয় ভূমিকা রেখে চলেছে।

এ ছাড়াও ব্র্যাক ইন্সটিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট গবেষণার মাধ্যমে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে, যা আবেদের প্রতিষ্ঠিত আরেক প্রতিষ্ঠান ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অংশবিশেষ। প্রতিষ্ঠানটি বাংলাদেশে আইনের শাসন এবং সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ড সংক্রান্ত গবেষণা, পর্যালোচনা এবং পর্যবেক্ষণভিত্তিক বার্ষিক রিপোর্ট প্রকাশ করে, যা অত্যন্ত প্রশংসনীয়।

আমি নিজেই সৌভাগ্যবান মনে করি যে, আমি আমার জায়গা থেকে নানা সময়ে ব্র্যাকের আইনি সহায়তায় এগিয়ে আসতে পেরেছি। ব্র্যাক ব্যাংকের প্রতিষ্ঠাকালে সৃষ্ট বিতর্ক যা মামলা পর্যন্ত গড়িয়েছিল সেটির কথা এখন বিশেষভাবে মনে পড়ছে। এ মামলায় আমি ব্র্যাকের পক্ষের একজন কৌশলি ছিলাম। এই মামলাটি একটি জনস্বার্থ রিট হিসেবে দায়ের করা হলেও বস্তুত তা সমাজের পিছিয়েপড়া কোনো জনগোষ্ঠীর স্বার্থরক্ষার জন্য ছিল না। ব্র্যাক

ব্যাংকের বিপক্ষে যুক্তি-তর্কে বলা হয় যে, ব্র্যাক যেহেতু দাতব্য উদ্দেশ্যে সংগঠিত এনজিও তাই ব্র্যাক কোনো লাভজনক ব্যাংক গঠনে নিয়োজিত হতে পারে না এবং সেইসঙ্গে ব্র্যাক ব্যাংকের অবলুপ্তিও দাবি করা হয়। এই বিষয়টি অগ্রাহ্য করা হয় যে, ব্র্যাক ব্যাংক থেকে প্রাপ্ত লভ্যাংশ ব্র্যাক দাতব্য উদ্দেশ্যে এর অন্যান্য কার্যক্রমে ব্যবহার করবে। এতে করে ব্র্যাকের বৃহত্তর দাতব্য উদ্দেশ্যে কোনোভাবেই ক্ষুণ্ণ হয় না। মামলাটি দায়েরের পর্যায়ে ব্র্যাক ব্যাংক বাংলাদেশ ব্যাংক থেকে ছাড়পত্র নিয়ে ইতোমধ্যে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিস অ্যান্ড ফার্মসের মাধ্যমে নিবন্ধিত। ব্র্যাক ব্যাংকের পক্ষে যুক্তিতর্কের সময় আমি বক্তব্য উপস্থাপন করি যে, ব্র্যাক ব্যাংক আইনের কোনো বিধান দ্বারা বারিত নয় এবং ব্র্যাক ব্যাংক থেকে প্রাপ্ত লাভ দাতব্য উদ্দেশ্যে ব্যবহার করতে আইনত কোনো বাধা নেই বরং তা ব্র্যাকের দাতব্য কার্যক্রম আরও বিস্তৃত করবে। ব্র্যাক ডোনেশনের মাধ্যমে এর কল্যাণমূলক কাজ সম্পাদন করলেও ব্র্যাক ব্যাংকের লভ্যাংশ একে জনগণের কল্যাণে আরও বৃহৎ পরিসরে নিয়োজিত হতে সহায়তা করবে। অবশেষে মহামান্য আদালত আমাদের পক্ষে রায় দেয় এবং ব্র্যাক ব্যাংক এখনও ব্র্যাকের কল্যাণমূলক কাজের অন্যতম অংশ হিসেবে কাজ করে যাচ্ছে।

সুনামগঞ্জ থেকে শুরু হওয়া ব্র্যাকের কার্যক্রম আজ সকল দিকে বিস্তৃত। একটি স্বপ্ন নিয়ে শুরু করা ব্র্যাকের সকল কার্যক্রমে সে স্বপ্নেরই প্রতিফলন দেখা যায়। শিক্ষা, স্বাস্থ্য, আইনি সহায়তা প্রদানসহ অন্যান্য বিষয়ে ব্র্যাক এবং ব্র্যাকের সরাসরি পৃষ্ঠপোষকতায় অন্যান্য প্রতিষ্ঠানগুলো নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ব্র্যাকের প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলোর মধ্যে আছে একটি বিশ্ববিদ্যালয়, একটি ব্যাংক, জাতীয় ও আন্তর্জাতিক অনেক উদ্যোগ, যা থেকে প্রাপ্ত মুনাফা জনগণের জন্য, দারিদ্র্য নিরসনে এবং স্বাস্থ্য, শিক্ষা, টেকসই উন্নয়নসহ নানা বিষয়ভিত্তিক গবেষণায় ব্যবহৃত হচ্ছে। ১৯৭২ সালে শরণার্থীদের কল্যাণার্থে গড়ে তোলা ব্র্যাক আজ শুধুমাত্র বাংলাদেশের ৬৪ জেলার মানুষেরই ভাগ্য পরিবর্তন করছে না, বরং অন্য অনেক দেশেও কাজ করে যাচ্ছে, পাচ্ছে বিশ্বের শ্রেষ্ঠ এনজিও-র মর্যাদা।

ব্র্যাকের সকল অবদানের মধ্যে আলাদা করে বলতে হয় যে, ব্র্যাকের সামাজিক কার্যক্রম এবং ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের দ্বারা নাগরিক সেবা প্রদানের মাধ্যমে রাষ্ট্রকে সহায়তা করে যাচ্ছে। ব্র্যাকের কার্যক্রম ও সফলতা এটাই প্রমাণ করে যে, একজন দক্ষ পথপ্রদর্শক এবং একটি স্বপ্ন কীভাবে বৃহৎ পরিসরে পরিবর্তন আনতে সক্ষম। ব্র্যাকের উত্তরোত্তর সফলতা কামনার পাশাপাশি এ আশাও রাখব যে, আবেদের জীবন সকলের জন্যে উদাহরণ হিসেবে থাকবে এবং ব্র্যাক গণ মানুষের অধিকার আদায়ে সোচ্চার হবে।

ড. কামাল হোসেন
বিশিষ্ট আইনজীবী, সংবিধান প্রণেতা ও রাজনীতিবিদ

ব্র্যাক ও ফজলে হাসান আবেদ : আর্থ-সামাজিক উন্নয়নের পথিকৃৎ

ড. সালেহউদ্দিন আহমেদ

একটি বিশেষ জনগোষ্ঠী ও ছোট একটি ভূখণ্ডে বাংলাদেশের আবির্ভাব ঘটেছে ১৯৭১ সালে। বহুমাত্রিক সমস্যা ও দারিদ্র্যপীড়িত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে প্রথম থেকেই বিরাট চ্যালেঞ্জের মুখোমুখি হয় এই দেশটি। কেউ উল্লেখ করেছিলেন যে, বাংলাদেশ একটি তলাবিহীন ঝুড়ি এবং কেউ উল্লেখ করেছিলেন বাংলাদেশ উন্নয়ন প্রচেষ্টার একটি পরীক্ষা। বাংলাদেশের ৫০ বছর পূর্তির এই শুভক্ষণে দুটি সংশয়পূর্ণ বক্তব্যই ভুল প্রমাণিত হয়েছে। অনেক চড়াই-উত্থাই পেরিয়ে বাংলাদেশ উন্নয়নের একটি সন্তোষজনক পর্যায়ে পৌঁছেছে এবং দেশটিকে একটি 'উন্নয়নের মডেল' হিসেবেই গণ্য করা যায়। বাংলাদেশের যে উন্নয়ন হয়েছে সেটা সমসাময়িক অন্যান্য দেশের তুলনায় সন্তোষজনক। আমাদের এই পথচলায় সরকার, সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান এবং আপামর জনগণের প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা অপরিসীম।

বেসরকারি অবদানের একটি প্রকৃষ্ট উদাহরণ হলো ব্র্যাক এবং তার প্রতিষ্ঠাতা ফজলে হাসান আবেদের নিরলস প্রচেষ্টা। প্রতিষ্ঠান ও ব্যক্তি ওতপ্রোতভাবে জড়িত, যেমন মানুষ ও তার ছায়া। স্যার আবেদের এই অনন্য অবদান এখনও সমুজ্জ্বল এবং ভবিষ্যতেও ব্র্যাকের পথচলা ও কার্যক্রম আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবে। একটি বিষয় উল্লেখ করা দরকার যে, শুধুমাত্র বাংলাদেশেই নয়, ব্র্যাক সারা বিশ্বের মধ্যে সর্ববৃহৎ বেসরকারি সংস্থা এবং এর বহুমাত্রিক কার্যক্রম পৃথিবীর বহু দেশে ছড়িয়ে পড়েছে। তদুপরি ব্র্যাকের নীতি, কৌশল এবং উন্নয়ন অভিজ্ঞতা উন্নত ও উন্নয়নশীল দেশ সমভাবে অনুসরণ করার প্রয়াস নিয়েছে। এই হিসেবে আমি বলব যে, ব্র্যাক ও স্যার আবেদের অবদান বহুমাত্রিক এবং দেশের সীমানা ছাড়িয়ে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে।

বাংলাদেশের সুনামগঞ্জের একটি সাধারণ জনপদ থেকে ব্র্যাকের মাধ্যমে স্যার আবেদের কার্যক্রম শুরু এবং বাংলাদেশে এর শিকড় স্থাপিত করে দেশের দারিদ্র্য বিমোচন, ক্ষুদ্রঋণ, শিক্ষা, স্বাস্থ্য, নারীর অধিকারসহ অন্যান্য বহু আর্থ-সামাজিক কার্যক্রমে তিনি অবদান রেখেছেন। এখানেই শেষ নয়, বিশ্বের বহু দেশ এবং

প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দিয়েছেন তাঁর কার্যক্রমের অভিজ্ঞতা, কৌশল ও কাঠামো।

কয়েকটি বিশেষ দিকের প্রতি মনোনিবেশ করা যাক। প্রথমত: অনেক প্রতিষ্ঠান ও উন্নয়নকর্মী সাধারণত ছোটখাটো পরিসরে পরীক্ষামূলক প্রকল্প নিয়ে কাজ করেন এবং পরীক্ষা শেষেও সুনির্দিষ্ট একটি ভৌগোলিক এলাকা নিয়েই তারা কার্যক্রম সীমাবদ্ধ রাখেন। অনেক ক্ষেত্রেই 'রেপ্লিকেশন' অর্থাৎ কার্যক্রমের পরিধি অন্য স্থানে নিয়ে যাওয়া হয় না অথবা নিয়ে যাওয়া হলেও সেটা সফল হয় না। এটার কারণ প্রকল্পের বহুবিধ দুর্বলতা অথবা সংগঠকের দক্ষতা ও দূরদর্শিতার অভাব। স্যার আবেদ এক্ষেত্রে ছিলেন ব্যতিক্রম। তাঁর কার্যক্রম ছিল অত্যন্ত প্রাসঙ্গিক ও যুগোপযোগী এবং মাটি ও মানুষের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত। সেইসঙ্গে যোগ হয়েছে স্যার আবেদের ব্যবস্থাপনা ও সাংগঠনিক দক্ষতা। আমার জীবনের ৪০ বছরের অধিক সময়ের ব্যক্তিগত পরিচয় তাঁর সঙ্গে। আমি দেখেছি কার্যক্রমের উদ্দেশ্য, কৌশল ও বাস্তবায়নের সঙ্গে ব্যবস্থাপনা, নজরদারি ও মূল্যায়নের বিরল সংযোগ যেটা স্যার আবেদের পক্ষেই সম্ভব ছিল। তাঁর লেখনী, বক্তব্য ও বাচনভঙ্গি এমনই স্পষ্ট ও বোধগম্য ছিল যেটা সবাইকে মুগ্ধ করে রাখত। আমার মতে এই বিষয়টি নিয়ে ব্র্যাকের বর্তমান পরিচালক ও ব্যবস্থাপক যারা আছেন, তাদের বিশেষ নজর দেওয়া প্রয়োজন। দ্বিতীয়ত: স্যার আবেদের বিশেষ লক্ষ্য ছিল দরিদ্র মানুষের উন্নয়ন। অর্থ, প্রশিক্ষণ, সৃজনশীলতার বিকাশ, সচেতনতা ও সংগঠন এগুলোর মাধ্যমে তিনি দরিদ্র-অসহায় মানুষকে স্বাবলম্বী করে তুলতে অবিরাম কাজ করে গেছেন। নারীর ক্ষমতায়ন, মা ও শিশুস্বাস্থ্য, পুষ্টি এসব বিষয়ে অত্যন্ত সফল কার্যক্রম গ্রহণ করেছেন। তৃতীয়ত: বৈষয়িক চাহিদা পূরণই শুধু নয়, মানুষের চিন্তার সুযোগ, কথা বলার সুযোগ, মানুষের অভিব্যক্তি ও অভিজ্ঞতা প্রকাশ করার সুযোগ এগুলোও ছিল তাঁর কার্যক্রমের বিশেষ কতগুলো দিক। সার্বিকভাবে বিশ্বব্যাপী দরিদ্র মানুষের উন্নতির অগ্রদূত হিসেবে বিবেচিত হবেন স্যার আবেদ।

চতুর্থত: শুধু আর্থ-সামাজিক উন্নয়নই নয়, স্যার আবেদ বিশ্বের একটি বিশাল সমস্যা আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব বিশেষ করে বাংলাদেশের মতো দেশের জন্য হুমকি সে সম্পর্কেও তিনি ছিলেন অত্যন্ত সচেতন। পৃথিবীর সব সম্পদ সংরক্ষণ করা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবীকে বাসযোগ্য করার বিশ্বব্যাপী যে প্রয়াস চলছে, সেগুলোর সঙ্গে সামঞ্জস্য রেখে স্যার আবেদ বাংলাদেশে বিভিন্ন প্রকল্প চালু করেছেন। জাতিসংঘের 'সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস'-এ যে ১৭টি ক্ষেত্র আছে, সেগুলোর বেশিরভাগ ক্ষেত্রেই ব্র্যাকের সক্রিয় ও কার্যকর প্রকল্প রয়েছে। এ বিষয়গুলো নিয়ে স্যার আবেদের চিন্তা ও কার্যক্রম তাঁর সৃজনশীলতা ও দূরদৃষ্টির পরিচায়ক।

কুমিল্লা একাডেমির প্রতিষ্ঠাতা ড. আকতার হামিদ খানের সঙ্গে ১৯৯৮ সালের ডিসেম্বর মাসে করাচীতে তাঁর বাসায় আমার দীর্ঘ আলাপচারিতা হয়। তখন তিনি বলেছিলেন যে, বাংলাদেশ উজ্জ্বল সম্ভাবনার দেশ, কারণ এখানে রয়েছে স্যার আবেদের মতো কিছু ব্যক্তি, যাঁরা সমাজকে নাড়া দিতে পারেন, উন্নতির পথে নিয়ে যেতে পারেন।

আমি বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে ২০০৫-২০০৯ পর্যন্ত নিয়োজিত ছিলাম। তখন ব্র্যাকের ক্ষুদ্রঋণ কার্যক্রমকে 'সিটি ব্যাংক এনএ'-র সহায়তায় 'সিকিউরিটাইজেশন'-এর প্রস্তাব বাংলাদেশ ব্যাংকে পাঠানো হয়। আমরা তাতে সম্মতি দেই। এটাই ক্ষুদ্রঋণের ক্ষেত্রে বিশ্বের প্রথম ও উল্লেখযোগ্য উদাহরণ। এই ধরনের সৃজনশীল আর্থিক পদ্ধতি স্যার আবেদের চিন্তা ও কার্যক্রমের একটি পরিচয়।

আমি ঢাকায় অবস্থিত 'এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সমন্বিত পল্লী উন্নয়ন কেন্দ্র (সিরডাপ)', বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং বাংলাদেশ ব্যাংকে কর্মরত অবস্থায় বিভিন্ন সময়ে তাঁর সঙ্গে আমার আলাপ-আলোচনা হয়েছে। তাঁর সুপরামর্শ এবং সহযোগিতা আমার কাজে অত্যন্ত সহায়ক হয়েছে।

বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) এবং অন্যান্য স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান-এর গঠন ও পরিচালনের ব্যাপারে স্যার আবেদের বিশেষ অবদান রয়েছে। অনেকগুলো প্রতিষ্ঠানের তিনি ছিলেন প্রতিষ্ঠাতা, যেগুলো এখনও দেশের মানুষের জীবনমান

উন্নয়নে অসামান্য অবদান রাখছে। এসব প্রতিষ্ঠানের মাধ্যমেও স্যার আবেদ স্মরণীয় হয়ে থাকবেন। তিনি প্রায়শই প্রাতিষ্ঠানিক কাঠামো ও টেকসই উন্নয়নের ব্যাপারে গুরুত্ব দিতেন। উদাহরণস্বরূপ তিনি বিশ্বের কিছু বিখ্যাত বিশ্ববিদ্যালয় যেমন: অক্সফোর্ড, কেমব্রিজ, হার্ভার্ড এগুলোর উদাহরণ দিতেন। তাঁর স্বপ্ন ছিল ব্র্যাক এবং অন্যান্য প্রতিষ্ঠান যেমন: ব্র্যাক বিশ্ববিদ্যালয়, আড়ং, ব্র্যাক ব্যাংক, ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন এগুলোও সফল ও টেকসই হবে এবং বাস্তবেও আমরা দেখছি যে, এগুলো এখনও সফলভাবে কাজ করে যাচ্ছে। আমি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে যোগদান করার পর প্রত্যক্ষভাবে তাঁর উপদেশ ও ব্যবস্থাপনা দেখেছি, যার ফলে বিশ্ববিদ্যালয়টি দ্রুতই দেশের প্রথম সারির বিশ্ববিদ্যালয় হিসেবে পরিগণিত হয়েছে। ব্র্যাক ব্যাংকের কথাই ধরা যাক। এটিও একটি উল্লেখযোগ্য প্রতিষ্ঠান, যেটি বিশেষ করে ছোট ও মাঝারি শিল্প/ব্যবসার অর্থায়ন করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

স্যার আবেদ সব কাজের নেতৃত্বে থাকলেও তিনি সব শ্রেণির এবং সব প্রতিষ্ঠানের লোকের সঙ্গে যৌথভাবে কাজ করতে দ্বিধা করেন নি। এই টিম স্পিরিট অনেকের মধ্যেই থাকে না। একটা বিশেষ ঘটনা মনে পড়ে। আমি তখন পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক। ১৯৯৮ সালের ভয়াবহ বন্যায় ৭৫ ভাগ বাংলাদেশ বন্যায় প্লাবিত। ক্ষুদ্রঋণ কার্যক্রম হুমকির মুখে। সে সময় আমি অধ্যাপক ইউনুস, স্যার আবেদসহ অন্যান্য নেতৃস্থানীয় ব্যক্তিদের অনুরোধ করি সেই দুর্যোগে ক্ষুদ্রঋণ কার্যক্রমকে বাঁচাতে। যেহেতু পিকেএসএফ সরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত ক্ষুদ্রঋণের অর্থায়নকারী প্রতিষ্ঠান, আমাকে অনুরোধ করা হয় একটি সভার আয়োজন করতে। ধানমন্ডিতে আমার ছোট্ট অফিসে সভার আয়োজন করা হয়। অধ্যাপক ইউনুস এবং স্যার আবেদসহ অন্যান্য নেতৃস্থানীয় ব্যক্তির সেখানে আসেন। সে এক অনন্য অভিজ্ঞতা। স্যার আবেদের ভূমিকা সেখানে ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের স্বার্থে তিনি সবসময় ছিলেন সদাপ্রস্তুত ও অগ্রহী। সবশেষে বলব, ব্র্যাকের কাজের মধ্য দিয়ে তিনি একটি দক্ষ ও নিবেদিতপ্রাণ কর্মীবাহিনী গড়ে তুলেছেন। মানবসম্পদ উন্নয়নে তাঁর এই দান অপরিমীম।

ড. সালেহউদ্দিন আহমেদ

সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক ও অধ্যাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয়



আবেদ ভাই : আলো দিয়ে আলো জ্বালানো একজন আলোকিত মানুষ

মোস্তাফিজুর রহমান

স্বাধীনতা-পরবর্তী সময়ে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে, সামাজিক অগ্রগতি অর্জনে ও সামগ্রিক বিচারে জাতীয় বিকাশে সরকার-বহির্ভূত বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। স্যার আবেদ ভাই ও ব্র্যাক-অবিচ্ছেদ্য ও একইসঙ্গে উচ্চারিত এ দু'টি নাম সে আখ্যানের অনেকেংশেই ঘনিষ্ঠভাবে জুড়ে আছে। আবেদ ভাইয়ের বহুমুখী অবদান নিয়ে অনেক কিছুই বলা যায়; অন্যরা বিশেষতঃ যাঁরা আবেদ ভাইয়ের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে সে আখ্যানের সক্রিয় অংশীদার ছিলেন, তাঁরা সে সম্বন্ধে আমার থেকে আরও অনেক ভালোভাবে বলার ক্ষমতা, যোগ্যতা ও জ্ঞান রাখেন। আমি ব্যক্তি আবেদ ভাইয়ের ব্যতিক্রমী বৈশিষ্ট্য নিয়ে কিছু কথা বলতে চাই, যার মধ্য দিয়ে তাঁর আলোকিত সত্ত্বার ও ব্যক্তিগত গুণাবলীর সঙ্গে ব্যক্তিগতভাবে পরিচিত হওয়ার সৌভাগ্য আমার হয়েছে। তাঁর আলো দিয়ে কীভাবে তিনি অন্যদের আলোকিত করেছেন, তা দেখারও অভিজ্ঞতা আমার হয়েছে।

আবেদ ভাইয়ের বিভিন্ন উদ্যোগ ও ব্র্যাকের বহুমুখী কর্মকাণ্ডের সঙ্গে কিছুটা সংশ্লিষ্টতার সূত্রে এবং কতকটা গবেষণা কর্মের সুবাদে অবহিত থাকলেও ব্যক্তি আবেদ ভাইকে নিকট দূরত্ব থেকে জানার সুযোগ হয়েছে, যখন তিনি ১৯৯৩ সালে অধ্যাপক রেহমান সোবহানের আহ্বানে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর প্রতিষ্ঠাতা ট্রাস্টি হিসেবে সিপিডি-র ট্রাস্টি বোর্ডে যোগ দিলেন। এরপর জীবনের শেষদিন পর্যন্ত তিনি এ দায়িত্ব পালন করে গেছেন অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে এবং সে কারণে তাঁকে কাছ থেকে দেখার ও তাঁর কাছ থেকে শেখার অনন্য ও দুর্লভ সুযোগ আমি পেয়েছি।

'৮০'র দশকের সামরিক স্বৈরশাসনের পর নব্বইয়ের প্রারম্ভে যে গণতন্ত্রায়ন ও গণতান্ত্রিক প্রক্রিয়ার সূচনা হয়, তাকে সুসংহত করতে নাগরিক সমাজকে যে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে, এ ধারণা তিনি দৃঢ়ভাবে পোষণ করতেন এবং বিশ্বাস করতেন যে, সেখানে তাঁর একটি ভূমিকা আছে। গঠনমূলক আলোচনা-সমালোচনার প্রয়োজনীয়তা এবং বুদ্ধিবৃত্তিক চর্চা ও জ্ঞানভিত্তিক গবেষণার অপরিহার্যতা সম্বন্ধে তাঁর দৃঢ়মূল বিশ্বাস ছিল। সিপিডি-র প্রতিষ্ঠালগ্নের প্রথম দিককার দিনগুলো থেকে

তাঁর জীবনের শেষ অবধি মূল্যবান পরামর্শ ও উপদেশ দিয়ে সিপিডি-র নানা কর্মকাণ্ড বাস্তবায়নে তিনি অব্যাহতভাবে সমর্থন জুগিয়ে গেছেন। ব্র্যাক পরিচালনায় তাঁর দীর্ঘ অভিজ্ঞতা দিয়ে তিনি সিপিডি-র কর্মসূচি ও অগ্রাধিকার নির্ধারণে অন্য ট্রাস্টিদের সঙ্গে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। সভায় উপস্থিত হতেন যথাসময়ে এবং অন্যদের কথা শুনতেন মনোযোগ দিয়ে। তিনি কথা বলতেন কম কিন্তু মৃদু শব্দে গুছিয়ে বলতেন। অধ্যাপক রেহমান সোবহান ও ট্রাস্টি বোর্ডের সদস্যরা যাঁরা প্রত্যেকেই ছিলেন নিজস্ব ক্ষেত্রে ও ভূমানে অনন্যসাধারণ ব্যক্তিত্ব, সকলেই তাঁর বক্তব্যকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে গ্রহণ করতেন। তাঁর জীবনের অভিজ্ঞতা, প্রতিষ্ঠান পরিচালনা বিষয়ে গভীর জ্ঞান, কোন্ বিষয়ে মাঠ-পর্যায়ে সাধারণ মানুষের অগ্রহ, উদ্বেগ ও উৎকণ্ঠা থাকতে পারে তার সঙ্গে প্রত্যক্ষ পরিচিতি, এ সবই সিপিডি-র গবেষণা কর্মসূচি নির্ধারণে ও নীতি-প্রভাবক উদ্যোগ, সংলাপ ও প্রচার কর্মসূচি প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

মনে পড়ছে ২০০৬ সালে সিপিডি যখন 'জবাবদিহিমূলক উন্নয়ন প্রচেষ্টায় সুশীল সমাজের উদ্যোগ' কর্মসূচি গ্রহণের পরিকল্পনা করে, তিনি তাতে অকুণ্ঠ সমর্থন দিয়েছিলেন। বাংলাদেশের বিভিন্ন স্থানে টাউন হল মিটিংয়ের মাধ্যমে সুশাসনের পক্ষে জনমত গঠনের ব্যাপক একটি কর্মসূচি তখন বাস্তবায়িত হয়, যার নেতৃত্ব দিয়েছিলেন সিপিডি-র তখনকার নির্বাহী পরিচালক ড. দেবপ্রিয় ভট্টাচার্য। সেসব আলোচনা থেকে প্রাপ্ত নাগরিক সমাজের পরামর্শের ওপর ভিত্তি করে প্রণীত হয়েছিল আটটি অভীষ্ট নিয়ে রূপকল্প ২০২১। এ কর্মসূচিকে কেন্দ্র করে গঠিত 'নাগরিক কমিটি'-র অন্যতম সদস্য হিসেবে তিনি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ উত্তরণকালীন সময়ে একজন অগ্রগামী নাগরিক হিসেবে যে অবদান রেখেছিলেন, সে সূত্রে তাঁর চরিত্রের আরেকটি বিশেষ দিকের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পেয়েছিলাম। আলোকিত সমাজ, বহুমতের উপস্থিতি ও মত প্রকাশের স্বাধীনতা এবং জ্ঞাননির্ভর যুক্তি-তর্ক যে গণতান্ত্রিক ব্যবস্থাকে শক্তিশালী করতে অপরিহার্য এবং এ অপরিহার্যতা যে অর্থনৈতিক উন্নয়নকে টেকসই করার গুরুত্বপূর্ণ অনুঘটক-এ বোধ তাঁর মধ্যে যে সदा জাগ্রত ছিল, তা তখন কাছ থেকে দেখার সুযোগ হয়েছিল। এ বোধই তাঁকে



এমন একটি উদ্যোগের সঙ্গে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করেছিল। কিন্তু এতে আশ্চর্য হওয়ার কিছু ছিল না। ব্র্যাকে তিনি তখন বহুমুখী কর্মকাণ্ড পরিচালনা করছিলেন-শিক্ষা, স্বাস্থ্য, নারীর কল্যাণ, কৃষির উন্নয়ন, স্বল্প আয়ের মানুষ, প্রান্তজন ও পিছিয়েপড়া মানুষদের জন্য বৈচিত্র্যময় ও উদ্ভাবনী সব উদ্যোগ। অর্থনৈতিক উন্নয়ন আর সুশাসন-এ দুটিকে তিনি পরিপূরক হিসেবেই দেখেছেন।

পরবর্তীতে আবেদ ভাইকে কাছ থেকে দেখার এবং নতুনভাবে জানার সুযোগ হয়েছে যখন তিনি আমাকে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টার সদস্য হওয়ার জন্য প্রস্তাব দিলেন। ট্রাস্টি বোর্ডের সভাপতি হিসেবে তখন আবেদ ভাইকে দেখেছি একজন স্বপ্নদ্রষ্টা হিসেবে, যিনি দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন এ বিশ্ববিদ্যালয়কে এবং এর সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন একাডেমিক প্রতিষ্ঠানকে সর্বোচ্চ মানে নিয়ে যাওয়ার প্রত্যয়ে। এক্ষেত্রে তিনি প্রতিটি খুঁটিনাটি বিষয়ে নজর রাখতেন, দেশ-বিদেশ থেকে সবচাইতে ভালো ট্যালেন্ট কীভাবে আকর্ষণ করা যায়, সে বিষয়ে ভাবতেন। শিক্ষার্থীদের কীভাবে সবচাইতে কার্যকরভাবে শিক্ষা দেওয়া যায়, তা জানতে অগ্রহী ছিলেন। তাদের পুঁথিগত জ্ঞানের সঙ্গে বাস্তব জীবনের অভিজ্ঞতার মিশ্রণ কীভাবে সবচাইতে ভালোভাবে করা যেতে পারে এবং এ ক্ষেত্রে ব্র্যাকের বহুমাত্রিক প্রাতিষ্ঠানিক শক্তিকে উদ্ভাবনীভাবে কীভাবে কাজে লাগানো যেতে পারে, এ বিষয়ে তিনি গভীরভাবে উৎসুক ছিলেন, সক্রিয়ভাবে উদ্যোগী ছিলেন। বাংলাদেশকে এগিয়ে নিতে হলে নবীন প্রজন্মকে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা দিয়ে প্রস্তুত করতে হবে, যাতে তারা আগামীর সরকারী কর্মকর্তা ও নীতি-নির্ধারক,

উদ্যোক্তা ও উদ্ভাবক, ব্যক্তিখাতের ব্যবস্থাপক ও পরিচালক, বেসরকারী সংস্থার কর্মী, শিক্ষক-প্রশিক্ষক-গবেষক হিসেবে যথাযথ অবদান রাখতে পারে, এ কথা তিনি মনে প্রাণে বিশ্বাস করতেন। তাঁর চরিত্রের ব্যতিক্রমী বৈশিষ্ট্য চিন্তার মধ্যে সীমাবদ্ধ না থাকা। যদি সত্যিই প্রয়োজন আছে বলে মনে কর, তবে কিছু একটা কর-এটাই ছিল তাঁর যুক্তি, যা তিনি নিজে নিষ্ঠা ও একাগ্রতার সঙ্গে পালন করতেন। এটাই ছিল তাঁর ব্রত। আর তা করতেন প্রথাগত চিন্তা ও প্রচেষ্টার বাইরে গিয়ে। সে অর্থেই তিনি স্বপ্নদ্রষ্টা। কিন্তু এ স্বপ্নদ্রষ্টা অনেকটাই এবং অনেক ক্ষেত্রেই ভিন্ন প্রকৃতির ও মাপের। তিনি সে স্বপ্ন বাস্তবায়নেও অগ্রণী সৈনিক, যিনি উদ্যোগ নিতে প্রস্তুত, ঝুঁকি নিতে পিছপা নন, যিনি দীর্ঘমেয়াদী আকাঙ্ক্ষাকে স্বল্পমেয়াদী দৃষ্টিভঙ্গি ও সীমাবদ্ধতা দিয়ে বিচার ও বিবেচনা করতে রাজী নন। অতীষ্ট ঠিক করতে হবে। তারপর কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন। অন্যদের উদ্বুদ্ধ করে সে যাত্রায় সামিল করা এবং এগিয়ে চলা।

আমি দেখেছি, একটি বিষয়ে তিনি সবসময় খুব বেশী গুরুত্ব দিতেন। নারীর শিক্ষা, নারীর ক্ষমতায়ন। ব্র্যাক বিশ্ববিদ্যালয় নিয়ে বিভিন্ন আলোচনায় তিনি অবধারিতভাবে সে দিকটাতে বিশেষ দৃষ্টি রাখতেন। তাঁর দৃঢ় বিশ্বাস ছিল বাংলাদেশকে এগিয়ে নিতে হলে দুই-তৃতীয়াংশ কর্মক্ষম নারীকে শ্রমবাজারের বাইরে রেখে তা কিছুতেই অর্জন করা সম্ভব হবে না। আমাদের সমাজে মেয়েদের যেসব বিশেষ প্রতিকূলতার মধ্যে দিয়ে যেতে হয়, সে সম্বন্ধে তিনি বিশেষভাবে সচেতন ছিলেন। সে সবার সমাধানের জন্য তিনি বিশেষভাবে সজাগ, সতর্ক ও সক্রিয় ছিলেন। এক্ষেত্রে কোনো বিবেচনায়ই তিনি কোনো ছাড় দিতে রাজি ছিলেন না।

কিছু কিছু মানুষ আছেন যাঁরা আমাদের ছেড়ে চলে যাওয়ার পর বেশকিছু সময় পেরিয়ে গেলে তাঁরা যে আমাদের মাঝে নেই সেটা ভেবে আমাদের যতটা না দুঃখবোধ হয়, তার চাইতে আমরা বেশি বিপ্লিত হই এই ভেবে যে, এমন একজন মানুষ আমাদের মাঝে সত্যিই একদিন ছিলেন! তাই আবেদ ভাই নেই, সেটা যেমন সত্য, তিনি আমাদের মাঝে ছিলেন সেটাও বড় সত্য। আবেদ ভাই ছিলেন, আমাদেরই মধ্যে-আবেগ ও উদ্যোগ নিয়ে, উৎসাহ আর কর্মস্পৃহা নিয়ে, উদ্ভাবন ও স্বপ্ন নিয়ে, বাংলাদেশের জন্য তাঁর ভালোবাসা নিয়ে। বেঁচে আছেন আজও তাঁর রেখে যাওয়া সৃষ্টির মধ্যে। সে সৃষ্টি আর স্বপ্ন আমাদের প্রেরণা দিয়ে যাবে আগামীতে, সে স্বপ্নকে নতুন স্বপ্ন দিয়ে ঋদ্ধ করতে, সে সৃষ্টিকে আরও নতুন সৃষ্টি দিয়ে সমৃদ্ধ করতে। সে শিক্ষাও তো আমাদের তাঁর কাছ থেকেই পাওয়া।

মোস্তাফিজুর রহমান

সম্মানীয় ফেলো, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) ও সদস্য, ব্র্যাক ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টি

ব্র্যাকের আগামী হবে সম্ভাবনাময়

তপন চৌধুরী

আজ থেকে ৫০ বছর আগে যখন দেশ স্বাধীন হয়েছিল, তখন আমি সদ্য যুবা। ইউনিভার্সিটিতে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছিলাম। স্বাধীনতার পরের ৩ বছর আমার ব্র্যাককে দেখার সুযোগ হয়েছিল। তখন ব্র্যাক-এর কাজ এজন্য চোখে পড়েছে যে, আমার প্রয়াত পিতাও এ ধরনের প্রতিষ্ঠান গড়েছেন। যদিও তিনি ব্যবসায়ী ছিলেন কিন্তু স্বাধীনতা উত্তরকাল থেকে তিনি এসব কাজের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত ছিলেন। তখন প্রোটোস্ট্যান্ট খ্রিস্টিয়ানদের একটি সংগঠন ছিল। ইস্ট পাকিস্তান খ্রিস্টিয়ান কাউন্সিল। মুক্তিযুদ্ধের সময় ওই সংগঠনের মাধ্যমে তিনি মুক্তিযোদ্ধাদেরকে নানাভাবে সহায়তা করেছিলেন। বিভিন্ন কেন্দ্রে ওষুধ পৌঁছানোর ব্যবস্থা করেছিলেন। যদিও মানুষ এসব খবর জানত না। আমাদের পরিবার তখন থাকত পাবনায়। ঢাকাতেও আমাদের অফিস ছিল। দেশ স্বাধীন হওয়ার পরে আমরা পুরোপুরিভাবে ঢাকাতে চলে আসি।

ঢাকায় আসার পর ফজলে হাসান আবেদের নাম কানে আসে। ছাত্রাবস্থায় আমার তখন ভীষণ আগ্রহ ছিল তিনি কী করছেন, তা জানার। মানুষ তো এসব কর্মকাণ্ড সাদা চোখে দেখে না। অনেকরকম সমালোচনা ছিল। অনেকেই বলতে চাইত, দরিদ্র মানুষের নামে সাহায্য এনে কী হচ্ছে? স্যার আবেদের মতো যারা বিদেশে ছিলেন এবং লেখাপড়া জানা মানুষ, তখন তারা ফিরে এসে কিছু করার চেষ্টা করছিলেন। সাধারণ মানুষ ভাবত, ওইসব মানুষদের কোনো উদ্দেশ্য আছে। কিন্তু প্রথম থেকেই যেটা লক্ষ্য করতাম, ব্র্যাকের কর্মকাণ্ড একটু ব্যতিক্রমী ছিল। দরিদ্র মানুষ বা গ্রামের প্রান্তিক মানুষগুলোকে সংগঠিত করে স্বাভাবিকভাবে যখন তিনি মাইক্রোক্রেডিট শুরু করলেন, তখনই সমালোচনা বেশি হচ্ছিল। বলা হচ্ছিল, হয়তো অল্প কিছু অর্থ দিয়ে অনেক বেশি ইন্টারেস্ট চার্জ করা হচ্ছে বা হবে। এভাবেই সাধারণ মানুষকে ব্যবহার করা হচ্ছে। ঋণের টাকা আদায়ের বিষয় নিয়েও নানা রকমের কথা ছিল। কিন্তু ফজলে হাসান আবেদ জানতেন তিনি কী করতে চাইছেন। তাই তিনি তাঁর লক্ষ্যে অবিচল থেকেছেন।

ব্র্যাকের কাজ নিয়ে একটি উদাহরণ তুলে ধরি। আমার কাছে অবিশ্বাস্য লেগেছে উপআনুষ্ঠানিক শিক্ষা (নন ফরমাল এডুকেশন)। কখনও কেউ ভাবতে পারে নি যে, স্কুল ছাড়া শিশুরা লেখাপড়া শিখতে পারে। স্কুলের কোনো ঘর নেই। আমাদেরও তখন বিশ্বাস করতে কষ্ট হয়েছে। গ্রামে বড় ঘরকে বৈঠকখানা বলে। সেই বৈঠকখানায় স্কুলের ক্লাস চলছে! খরচ কমানোর জন্য এভাবে করা হয়েছে। ওই গ্রামের ভেতর থেকেই



শিক্ষক এসেছে। এমনকি গ্রামের যেসব শিশুরা জমিতে কাজ করত বা পরিবারের কাজে সহায়তা করত, সেসব ছেলেমেয়েদেরকে একত্র করে তাদেরকে লেখাপড়া শেখানোর উদ্যোগ নেওয়া হয়েছে। ওইসব শিশুদের বাবা-মা অর্থাৎ কৃষাণ-কৃষাণীদেরকেও শিক্ষার আওতায় নিয়ে আসা হয়েছে। শুধু লেখাপড়া নয়, তাদেরকে নানা ধরনের ব্যবহারিক জ্ঞান যেমন : স্বাস্থ্যশিক্ষা, ফসলসংক্রান্ত জ্ঞান বা ধারণা দেওয়া, এটা তো সম্পূর্ণ নতুন ধরণ। আমরা কিন্তু ওই সময় ব্র্যাক ছাড়া আর কাউকেই এভাবে করতে দেখিনি। এসব উদ্যোগ দেখে তখন কিন্তু মানুষের মধ্যে বিশ্বাস তৈরি হয়েছে। যে কারণে আমাদের দেশের মানুষ এরকম নতুন ধরনের কাজের জন্য নিজের জমি পর্যন্ত দিয়েছে। শুধু কাজের জন্যই নয়, এসব জমি একেবারে দান করে দিয়েছে। এটা তো গ্রামে গ্রামেই হয়েছে। মানুষ ব্র্যাককে জায়গা দিচ্ছে সেখানে কাজ করার জন্য। এটা ছিল অবিশ্বাস্য ধরনের ঘটনা।

ব্র্যাকের প্রতি মানুষের বিশ্বাস সৃষ্টির মূলে ফজলে হাসান আবেদের বিশেষ ভূমিকা ছিল। কর্মসূচিগুলো শুরু করার প্রথম থেকেই তিনি নিজেই যুক্ত হয়ে যেতেন। গ্রামেগঞ্জে গিয়ে প্রান্তিক মানুষের সঙ্গে কথা বলতেন। তাদের সঙ্গে উঠোনের মধ্যে বসে সময় কাটাতেন। এটা ভাবলেই ভালো লাগে। তখন তো তাঁর বয়স খুব বেশি ছিল না। তাঁর

মতো মানুষ ইংল্যান্ডে পড়াশোনা করে একটা ভালো চাকরি ছেড়ে দিয়ে এসে সাধারণ মানুষের সঙ্গে একেবারে মিশে গেলেন! যার ফলে মানুষ কিন্তু প্রথম থেকেই তাঁকে বিশ্বাস করেছে। তিনি কিন্তু আরেকটা কাজ করেছেন। কখনও দলীয় রাজনীতির সঙ্গে জড়ান নি। তাঁর জীবনযাত্রার সঙ্গে কখনই রাজনীতিকে গুলিয়ে ফেলেন নি। তিনি খুব স্বচ্ছতার সঙ্গে তাঁর কাজগুলো করেছেন এবং দিনে দিনে অন্য অনেক সেক্টরে তাঁর কাজের বিস্তার ঘটিয়েছেন। ব্র্যাক ইউনিভার্সিটি যখন শুরু হলো, তখন কেউ বিশ্বাস করতে পারেনি যে এতো ভালো মানের শিক্ষকরা এখানে আসবেন, সারা পৃথিবী থেকে শিক্ষার্থীরা এখানে ইন্টার্নশিপ করতে আসবে। অর্থাৎ তারা বাংলাদেশকে চিনেছে। ব্র্যাকের সূচনালগ্নে যারা জড়িত ছিলেন, তাঁদের মুখ থেকে যখন শুনি, তখন ফজলে হাসান আবেদ এবং তাঁর প্রতিষ্ঠানের প্রতি আমাদের বিশ্বাস আরও দৃঢ় হয়। মানুষের দূরদৃষ্টি তাকে কোথায় পৌঁছে দিতে পারে, সেটিই স্যার আবেদ তাঁর জীবদ্দশায় প্রমাণ করেছেন।

ফজলে হাসান আবেদের কাজের সঙ্গে যারা জড়িত ছিলেন, তাদের বেছে নেওয়ার ক্ষেত্রেও তিনি খুবই সচেতন থেকেছেন। এমন মানুষজনকেই তিনি সঙ্গে নিয়েছেন, যারা তাঁর একই পথের



পথিক। যাদের নিয়ে সত্যিকারের কোনো বিতর্ক নেই এবং যারা কখনও নিজের স্বার্থের জন্য কাজ করেন নি। আমাদের সমাজে এরকম নিঃস্বার্থ মানুষের অভাব নেই। আমাদের দুর্ভাগ্য যে, আমরা হয়তো তাদের চিনতে কিংবা খুঁজে বের করতে পারি না। মানুষকে দেখার ক্ষেত্রে ফজলে হাসান আবেদের দৃষ্টিশক্তি অত্যন্ত প্রখর ছিল। তিনি খুব সহজেই মানুষের কাছে পৌঁছতে পারতেন। তাঁর সমস্ত কর্মকাণ্ড পর্যবেক্ষণ করলে দেখা যাবে, এত বৃহৎ একটি প্রতিষ্ঠান চলছে যার সবকিছুর কেন্দ্রে রয়েছে কিন্তু গ্রামের সেই সাধারণ মানুষগুলোই! এখানেই ব্য্র্যাকের সৌন্দর্য! আমার মনে হয়, যারা তাঁকে খুব কাছ থেকে পেয়েছেন, তারা এরকম অসংখ্য ছোট ছোট বিষয় দেখেছেন। তাঁকে কাছ থেকে দেখার সৌভাগ্য আমার খুব বেশি হয় নি। যদিও প্রাতিষ্ঠানিকভাবে আমরা খুবই কাছাকাছি ছিলাম। অথচ আমি তাঁর কথা ভাবতে খুবই উচ্ছ্বসিত বোধ করি। আমরা অনেক সময় মানুষকে খুশি করার জন্য প্রশংসার কথা বলি। কিন্তু তাঁর প্রশংসা করার ক্ষেত্রে ব্যাপারটি সেরকম ঘটে না। যাদের সঙ্গেই তাঁর বিষয়ে কথা হয়, আমি দেখেছি তাদের অন্তরের ভেতর থেকে তাঁর জন্য সমাদর এবং শ্রদ্ধাবোধ আছে। আমাদের দেশে এ ধরনের ঘটনা খুবই বিরল। কিছু না কিছু হলেই মানুষের একটা সমালোচনা থাকে। কিন্তু তাঁর সম্পর্কে কখনই সে ধরনের সমালোচনা শুনিনি। এটি তাঁর অসাধারণ একটি দিক।

মাইক্রোক্রেডিটের কথাটা মানুষ বারবার বলে থাকে, যা বিশাল একটি অপারেশন। এর মাধ্যমে তিনি অনেক বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছতে পেরেছেন। কিন্তু এর বাইরেও শিক্ষা, স্বাস্থ্য কিংবা শুধু উচ্চশিক্ষার ক্ষেত্রেই নয়, বরং গ্রামগঞ্জের ছোট ছোট শিশুদেরকে প্রকৃত মানুষ হিসেবে তৈরি করার ক্ষেত্রে তাঁর উদ্যোগগুলোকেও আমাদের গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। আমরা কথাগুলো ভালো মানুষ তৈরি করার কথা বলি, কিন্তু স্যার ফজলে হাসান আবেদ তাঁর জীবনে তা প্রমাণ করে দেখিয়েছেন।

ফজলে হাসান আবেদ কুমুদিনী ট্রাস্ট, বারডেম এবং স্কার-এই তিন প্রতিষ্ঠানের কথা উদাহরণ হিসেবে বহুবার বলেছেন। তিনি বলতেন, এই প্রতিষ্ঠানগুলো তাঁর প্রিয়। তিনি ছিলেন ফাইন্যান্স ব্যাকগ্রাউন্ডের মানুষ। সফল জীবন ছিল তাঁর। কিন্তু তিনি তাঁর যুক্তরাজ্যের আয়েশি জীবন, শেল অয়েল কোম্পানির লোভনীয় চাকরি ছেড়ে সদ্যস্বাধীন বাংলাদেশে চলে এসেছেন। ফাইন্যান্স ব্যাকগ্রাউন্ডের মানুষ হওয়ার কারণেই হয়তো তিনি মনেপ্রাণে বিশ্বাস করতেন যে, দান নিয়ে বা দান করে সত্যিকার অর্থে মানুষের অবস্থা পরিবর্তন করা সম্ভব নয়। বরং এমন যদি কিছু করা যায়, যার মাধ্যমে তারা নিজের পায়ে দাঁড়াবে, স্বাবলম্বী হয়ে উঠবে। সেই ভাবনা থেকেই উন্নয়নের এই মডেলটা তিনি একদম হাতেকলমে দাঁড় করিয়েছেন। কেবল মুনাফার জন্যই ব্যবসা করতে হবে, এমন দৃষ্টিভঙ্গি তাঁর কখনই ছিল না। তিনি যে তিনটি

প্রতিষ্ঠানের কথা উল্লেখ করেছেন, সেগুলোর সঙ্গে তাঁর আদর্শগত মিল ছিল। অনেকেই মনে করেন, লাভ করা খুব খারাপ। কিন্তু প্রশ্ন হলো, লাভের টাকাটা কী উদ্দেশ্যে ব্যবহার করা হচ্ছে? যদি তা ব্যক্তির ভোগবিলাসের জন্য ব্যবহার করা হয়, তাহলে নিশ্চয় সেটা কেউ ভালো চোখে দেখবে না। আর যদি সেটা মানুষের কল্যাণে ব্যয় করা হয়, তবে সেই মুনাফা অর্জনও একটি মহৎ কাজ। আমাদের মতো একটি জনবহুল দেশে, যেখানে কোটি কোটি মানুষ প্রতিনিয়ত কষ্ট করছে, সেখানে এ ধরনের একটি মডেল আরও বিশেষ অর্থ বহন করে। এমন মডেল তিনি একটি-দুটি নয়, তাঁর গড়া প্রতিটি প্রতিষ্ঠানের ক্ষেত্রেই করে দেখিয়েছেন।

ব্য্র্যাক ইউনিভার্সিটির ক্ষেত্রে তিনি সেরা ফ্যাকাল্টি নিশ্চিত করেছেন। এটাই ব্য্র্যাক। এই ইউনিভার্সিটি থেকে যে ছেলেমেয়েরা পাস করে বের হয়, তারা শিক্ষার পেছনে যে পয়সাটা খরচ করছে, সেই ব্যয়ভার তারা বহন করতে পারে। শিক্ষার্থীদের কাছ থেকে পাওয়া টিউশন ফি বা আয় দিয়েই কিন্তু ব্য্র্যাক ইউনিভার্সিটি চলছে। স্বয়ংসম্পূর্ণ একটি মডেল। আমি তো দেখেছি, যারা ব্য্র্যাক ইউনিভার্সিটি থেকে পাস করে বের হয়, তারা অন্য ইউনিভার্সিটির শিক্ষার্থীদের চাইতে আলাদা। অথচ শুরুতে এই ইউনিভার্সিটি নিয়েও অনেক সমালোচনা ছিল।

স্বাস্থ্যক্ষেত্রে ব্য্র্যাকের যেসব কর্মকাণ্ড চলছে, তা হয়তো মানুষের স্বাস্থ্যবিষয়ক সকল চাহিদা পূরণ করতে পারছে না, কিন্তু এর দ্বারা সাধারণ মানুষ উপকৃত হচ্ছে। এই কর্মকাণ্ড পরিচালনা করতে গিয়ে ব্য্র্যাক যে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এমনটাও কিন্তু নয়। এই মডেলগুলোর কথা শুনলে সোজা মনে হয়। কিন্তু এর সামগ্রিক পরিচালনা ভীষণ কষ্টকর। খুবই চ্যালেঞ্জিং। কারণ সীমিত একটি বাজেটের মধ্যে এসব কর্মকাণ্ড চালাতে হয়। আমরা যারা বিজনেস রান করি, তাদের কিন্তু কিছু flexibility থাকে। কিন্তু ব্য্র্যাকের মতো প্রতিষ্ঠানে এই flexibility খুবই কম। অনেকটা টানা পড়েনের সংসারের মতো। এর থেকে বেশি খরচ করা সম্ভব হয় না। এটা তো মুনাফা অর্জনের প্রতিষ্ঠান নয়। আমার প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমি জানি যে, একটা ইনভেস্টমেন্ট করলে ভালো রিটার্ন আসবে। সুতরাং ঝুঁকি নেওয়া যেতে পারে। কিন্তু ব্য্র্যাকের মতো প্রতিষ্ঠানে তো সেটা নেই। যদি লাভ করার উদ্দেশ্য থাকত, তবে তো অন্য ধরনের মডেল তৈরি হতো। এটা স্যার আবেদের পক্ষেই করা সম্ভব হয়েছে। আমার মতে, ফাইন্যান্স ব্য্র্যাকগ্রাউন্ড থেকে এসেছেন বলেই তিনি এসব কিছু খুব ভালোভাবে বুঝতেন।

স্যার ফজলে হাসান আবেদের সঙ্গে আমি নানা ধরনের প্রোজেক্ট নিয়ে যখনই কোনো আলোচনা করেছি, তিনি খুব অল্পতেই আমাদের সুন্দর করে বুঝিয়ে দিতেন, কোন মডেলটা কাজ করবে, কোনটা করবে না। আমাদের কথা তিনি খুব মন দিয়ে শুনতেন, তারপর বলতেন, এটা তোমরা যতই বল না কেন, বাস্তবে কিন্তু খুব বেশি

কাজ করবে না। সুতরাং এটা থেকে তোমরা দূরে থেক। এ বিষয়ে আর অগ্রসর হওয়ার প্রয়োজন নেই।

আমি বলব যে, বুদ্ধিমত্তা ও দূরদৃষ্টি না থাকলে এরকম হয় না। এই দূরদৃষ্টি স্যার আবেদের ছিল। তিনি আগে থেকেই যেন বুঝতে পারতেন। খুব বেশি কিছু বলতেন না, শুধু বলতেন, না থাক। তিনি খুব ভালো করে মানুষ চিনতে পারতেন। দূরদৃষ্টির এই জায়গাগুলোতে আমার বাবার সঙ্গে তাঁর খুবই মিল ছিল। দু'জনের চিন্তাধারায় যেমন মিল ছিল, তেমনি পারস্পরিক সমন্বয়ও খুব ভালো ছিল।

ব্র্যাক তো ৫০ বছর পার করল। ফজলে হাসান আবেদ এতদিন প্রতিষ্ঠানের মাথার ওপর ছায়া হয়ে ছিলেন। সেই জায়গাটায় তিনি এখন আর নেই। ব্র্যাককে এখন আমি আরও কাছ থেকে দেখার সুযোগ পাচ্ছি। ব্যক্তিগতভাবে আগামী ৫০ বছরের ব্র্যাককে নিয়ে আমি খুবই আশাবাদী। স্যার আবেদ ছিলেন বটগাছের মতো। তাঁর ছায়াতে সবকিছু ছিল। তিনি আমাদের ছেড়ে চলে যাওয়ার পরে বুঝতে পারছি, তিনি জানতেন একসময় তাঁর অবর্তমানেই ব্র্যাক চলবে। সেজন্য তিনি ব্র্যাকের মধ্যে সেই প্রফেশনালিজম তৈরি করে দিয়ে গেছেন। ব্র্যাকে একদল পেশাজীবী তৈরি হয়ে গিয়েছে। পুরনো যারা আছেন, তারা কিন্তু তাদের দায়িত্বকে শুধু চাকরি হিসেবে দেখছেন না। তারা এই প্রতিষ্ঠানকে নিজের মনে করেন। এই প্রতিষ্ঠান তাদের কাছে অনেক বড়, ঠিক নিজের সন্তানের মতো। এর সঙ্গেই তাদের জীবনের সবকিছু জড়িয়ে আছে। এটাও স্যার আবেদের অনেক বড় ধরনের কাজ।

ব্র্যাক যদি তার সেবার মান এবং পেশাদার মানুষগুলোকে ধরে রাখতে পারে, তাহলে কোনো সমস্যাই হবে না। আমরা যদি পৃথিবীর অন্যসব সফল প্রতিষ্ঠানগুলোর দিকে তাকাই, দেখি পেশাদার মানুষেরাই প্রতিষ্ঠানকে ধরে রাখে। পেশাদার মানুষেরাই নিষ্ঠা ও দায়িত্বের সঙ্গে কাজ করে প্রতিষ্ঠানকে সামনের দিকে এগিয়ে নেয়। চ্যালেঞ্জ তো অবশ্যই রয়েছে। ব্র্যাকের কর্মীরা জানতেন ফজলে হাসান আবেদের কাছে গেলে সমস্যার সমাধান পাওয়া যাবে বা তিনি বলে দিতেন কীভাবে সমাধান করতে হবে। সেই শূন্যতা হয়তো আর কখনও পূরণ হবে না, কিন্তু এটা খুব বড় ধরনের সমস্যা তৈরি করবে বলে আমি মনে করি না। এখন যারা নেতৃত্বে আছেন বা যারা এর সংস্পর্শে আছেন তারা অত্যন্ত যোগ্য। তারা দায়িত্ব নিয়ে এবং প্রতিষ্ঠানকে নিজেদের মধ্যে ধারণ করে অনেক গভীরভাবে কাজ করছেন। আমি গর্বিত। যখন তাদের সঙ্গে কথা হয় বা কাজ করার সুযোগ পাই এবং কর্মকাণ্ডের রিপোর্টগুলো পড়ে দেখি, লক্ষ্য করি তা অনেক বিস্তৃত। এসব দেখে আমি ব্যক্তিগতভাবে আশাবাদী হই।

করোনা মহামারীর সঙ্কটময় পরিস্থিতির মধ্যেও ব্র্যাকে সবকিছু

ঠিকমতোই চলেছে। দীর্ঘসময় প্রায় সব ধরনের কার্যক্রম বন্ধ রাখতে হয়েছে। মাইক্রোক্রেডিটের মতো বিশাল কর্মসূচিও বন্ধ ছিল। কিন্তু তা স্বত্ত্বেও ব্র্যাক প্রমাণ করেছে শুধুমাত্র একটি কর্মসূচির ওপর নির্ভর করে ব্র্যাক চলে না। বরং সামগ্রিক অর্থেই ব্র্যাকের কর্মকাণ্ডের পরিধি অনেক বড়। আমি বিশ্বাস করি, পুরনো কর্মীরা স্যার আবেদের মতো করে প্রতিনিয়ত এই প্রতিষ্ঠানকে আঁকড়ে থাকবেন। যদি তাঁরা নবীন কর্মীদের মধ্যে এই সংস্কৃতি এবং দায়িত্ববোধ ছড়িয়ে দিতে পারেন, তবেই স্যার আবেদের স্বপ্ন পরিপূর্ণভাবে সফল হয়ে উঠবে।

আমি একটি প্রতিষ্ঠান পরিচালনা করি। আমাকে যখন কেউ জিজ্ঞেস করেন যে, আপনি কীভাবে এতকিছু পরিচালনা করেন? আমি বলি, আমি তো কিছু না। আমি একজন facilitator মাত্র। প্রতিষ্ঠানে যারা কাজের সঙ্গে যুক্ত আছেন, তারাই সবকিছু পরিচালনা করছেন। ব্র্যাকের ক্ষেত্রে স্যার আবেদ কখনই বলেন নি যে, তিনি সবকিছু করছেন। বরং কর্মীদের মধ্যে সমস্ত কৃতিত্ব বিলিয়ে দেওয়ার অসাধারণ ক্ষমতা ছিল তাঁর। আমার পিতাও একই মানসিকতার ছিলেন। তিনি সব জায়গায় বলেছেন, আজকে যেখানে পৌঁছেছি, এসবের পেছনে আমাদের কর্মীদের অবদান সবচাইতে বেশি।

ব্র্যাক পরিবার যতদিন এই আদর্শ নিয়ে চলবে, ততদিন কোনো সমস্যা হবে না। অনেক ঝড়ঝাপটা আসবে, তবে তাকে স্বাভাবিকভাবেই গ্রহণ করতে হবে। পুরনো এবং নতুনরা মিলে একসঙ্গে চ্যালেঞ্জ মোকাবিলা করলে সামনের দিকে এগিয়ে যাওয়া অনেক সহজ হবে। আমি বিশ্বাস করি, ব্র্যাকের আগামী হবে সম্ভাবনাময়।

অনুলিখন

তপন চৌধুরী

ব্যবস্থাপনা পরিচালক, ফ্লোর ফার্মাসিউটিক্যালস লিমিটেড এবং

ফ্লোর টেক্সটাইল লিমিটেড

বোর্ড মেম্বর, ব্র্যাক

ব্র্যাক ও আবেদ ভাই

পারভীন মাহমুদ

বাংলাদেশের উন্নয়ন জগতের পথ প্রদর্শক, যিনি বটবৃক্ষের মতো একজন অভিভাবকও হয়ে উঠেছিলেন, তিনি ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ, আমাদের সকলের প্রিয় 'আবেদ ভাই'। সাধারণত উন্নত দেশের ধ্যান ধারণাকে অবলম্বন করে কাজ শুরু করতে আমরা দেখে আসছি। কিন্তু যুদ্ধবিধ্বস্ত নতুন স্বাধীন বাংলাদেশে পুনর্বাসন ও পুনর্গঠনের কাজ শুরু করেছিলেন তিনি সিলেটের প্রত্যন্ত শাল্লা এলাকায় নিজের ধ্যান ধারণা, প্রজ্ঞা ও বুদ্ধিমত্তা দিয়ে। ক্রমে ক্রমে সেই কর্মকাণ্ডের বিস্তার ঘটেছে। এসেছে ব্যাপকতা, আবির্ভূত হয় বিশাল বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাক। সামাজিক উন্নয়ন কর্মসূচির পাশাপাশি ক্রমে দারিদ্র বিমোচন, আর্থিক ক্ষমতায়ন, মানব সক্ষমতা ও মানব মর্যাদা প্রতিষ্ঠার সকল উপাদান-শিক্ষা, স্বাস্থ্য, অধিকার ও আর্থিক উন্নয়নে বহুমাত্রিকতা নিয়ে এসেছে। অতপর ব্র্যাকের পদযাত্রা এনজিও কর্পোরেটের অবয়ব পেল এবং আবেদ ভাই নিরলসভাবে উন্নয়ন জগতে আলোর দিশারী হয়ে এগিয়ে চললেন। তিনি এনজিওদের দেখালেন এবং উদ্বুদ্ধ করলেন সরকারের পাশাপাশি দেশব্যাপী দারিদ্র্য বিমোচন ও সামাজিক উন্নয়ন সাধনের এক অনন্য দৃষ্টান্ত হিসেবে। শুধু এখানেই ক্ষান্ত নয়, তিনি বাংলাদেশের বাইরেও ব্র্যাক ইন্টারন্যাশনাল-এর মাধ্যমে উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করেছেন। ব্র্যাকের বহুমাত্রিক উন্নয়ন টেকসই করার জন্য নানা ধরনের সামাজিক ব্যবসা (Social Enterprise) প্রতিষ্ঠান গড়ে তুললেন। সেগুলো ব্র্যাকের কার্যক্রমের সঙ্গে যুক্ত করে গড়ে তুললেন-আড়ং, পোল্ডি, ডেইরি ও সীড ইত্যাদি। এমনকি পরবর্তীতে ব্যাংক এবং বিশ্ববিদ্যালয়ও প্রতিষ্ঠা করলেন।

প্রথমদিকে অনেক সমালোচিত হয়েছেন। কেন উন্নয়ন সংস্থা ব্যবসা করবে? কেন ব্র্যাক উপকারভোগীকে ক্ষুদ্রঋণের পাশাপাশি নানা ধরনের শাকসবজি চাষ করার জন্য সীড কিনতে বাধ্য করবে? বাস্তবতা হলো তিনি দরিদ্র মানুষের পুষ্টির কথা ভেবেই এটা করেছিলেন। আবেদ ভাই যে কতখানি সুদূরপ্রসারী চিন্তা করতেন এবং সকল কাজের ব্যাপকতা ও প্রভাব নিয়ে ভাবতেন, সেটা সাধারণ মানুষের চিন্তা চেতনায় দুর্বোধ্য ছিল। আজ ব্র্যাকের সামাজিক ব্যবসা প্রতিষ্ঠানগুলোর আয় থেকে দারিদ্র্য বিমোচন কর্মসূচির অর্থায়ন প্রায় ৫০ ভাগের বেশি ফ্রস সাবসিডাইজেশন

(Cross Subsidization) করার সামর্থ্য গড়ে তুলেছে। ব্র্যাকের দেখাদেখি অনেক এনজিওই সামাজিক ব্যবসায়িক প্রতিষ্ঠান গড়ে তুলেছে। কিন্তু সব প্রতিষ্ঠান সফল হতে পারেনি। তার কারণ হলো আবেদ ভাই যা অনুধাবন করতে পেরেছিলেন, তা অন্যরা করতে পারে নি। একটি সংগঠনকে টেকসইভাবে এগিয়ে নিতে হলে দিকনির্দেশনার জন্য উপযুক্ত পর্যদ, সংগঠন পরিচালনার জন্য যোগ্যতাসম্পন্ন পেশাদারি ও প্রয়োজনীয় জনবল, হিসাববিদ, আভ্যন্তরীণ নিরীক্ষা এবং প্রযুক্তি ও দক্ষতা উন্নয়নের কোনো বিকল্প নেই। শুধু ব্যয়সাশ্রয়ী হলে হবে না, পাশাপাশি সংস্থাকে সুসংহত ও গুণগত উন্নতির জন্য সাংগঠনিক কাঠামো, অর্গানোগ্রাম, নিয়মিত পর্যালোচনা এবং সুনামধারী অডিট ফর্ম দিয়ে অডিট করার প্রয়োজন রয়েছে।

আবেদ ভাই সব সময় কর্মসূচির ব্যাপ্তি, বিস্তার, ফ্লেলিংআপ এবং ইমপ্যাক্টের ওপর জোর দিতেন। প্রতিনিয়তই তিনি তৃণমূলের চাহিদা জানার চেষ্টা করেছেন। প্রয়োজনে কার্যক্রম রি-ডিজাইন করেছেন। পাশাপাশি টেকসই করার কথাও ভেবেছেন। সবকিছু বিশ্লেষণ ও সমন্বয় করে যেটি অলাভজনক, সেই সামাজিক ব্যবসায়িক প্রতিষ্ঠানকে বন্ধ করে দেওয়ার মতো সিদ্ধান্ত নিয়েছেন।

ব্র্যাকের হিসাব বিভাগে আমার কর্মজীবন শুরু করি ১৯৯১ সালের জুন মাসে। সেই সময় ব্র্যাকের হিসাব বিভাগে আমি আবেদ ভাইয়ের হাতে লেখা লেজার বুক দেখেছি। কাছে থেকে দেখেছি আবেদ ভাই কীভাবে অসহায়, বিপদগ্রস্ত এবং পূর্বে কোনো কাজের অভিজ্ঞতা ছাড়া যোগ্যতাসম্পন্ন মেয়েদের কাজের সুযোগ সৃষ্টি করে দিয়েছেন। এমনকি মধ্য জীবনেও শিক্ষিত নারীদের বিশেষ করে বিধবা, তালাকপ্রাপ্তা ও অবিবাহিত মেয়েদের কাজের সুযোগ সৃষ্টি করে জীবনের হাল ধরতে সহায়তা করেছেন। সম্ভাব্য গুণাবলি বিকাশে তাদের তিনি সুযোগ দিয়েছেন। এ ধরনের সুযোগ পাওয়া নারীরা পেশাগত জীবনে উন্নতি সাধনের মাধ্যমে কেউ কেউ শীর্ষ পদে সফলতার সঙ্গে পৌঁছতে সক্ষম হয়েছেন। শুধু তাই নয়, পরবর্তী সময়েও দেখেছি উন্নয়ন জগতের কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যখন বিপদে পড়েছে, তিনি সহায়তার হাত বাড়িয়ে দিতে কার্পণ্য করেন নি। মাঝে মাঝে অনেককে ব্যক্তিগত চিকিৎসার জন্যও সহায়তা করেছেন।



২০০১ সালে আমি পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এ যোগদান করি। তখন ব্র্যাক পিকেএসএফ-এর বিপুলভূক্ত অংশী সংগঠন ছিল। সেই সুবাদে আবেদ ভাইকে কাছে থেকে দেখার আবারও সুযোগ হয়। তখন ঋণ কার্যক্রম পরিচালনার জন্য পিকেএসএফ থেকে চেক নেওয়ার জন্য তিনি নিজেই আসতেন এবং নির্দিষ্ট কর্মীর ডেস্ক থেকে নিয়ে যেতে দ্বিধাবোধ করতেন না। অথচ অনেক সংস্থার কর্ণধার এ ধরনের কাজে স্বাচ্ছন্দ্যবোধ করতেন না। আবেদ ভাই সবসময় ব্যক্তির চাইতে সংগঠনকে বড় করে দেখেছেন। প্রয়াত আমিন ভাই (আমিনুল আলম) তখন ব্র্যাকের ক্ষুদ্রঋণ কর্মসূচির দায়িত্বে ছিলেন। পিকেএসএফ থেকে যখনই আমরা মাঠ কার্যক্রম পরিদর্শনে দুর্বলতা সম্পর্কিত মতামত জানাতাম, আবেদ ভাই কখনই প্রতিরোধমূলক মনোভাব দেখান নি, বরং সবসময় গঠনমূলক সমালোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করেছেন। তিনি বলতেন, তোমাদের তৃতীয় চোখের পর্যবেক্ষণ খুবই গুরুত্বপূর্ণ। আরেকটি বিশেষ শিক্ষণীয় বিষয় হলো পিকেএসএফ তো কয়েকটি ব্রাঞ্চ পরিদর্শন করে রিপোর্ট দিত। তিনি সেই রিপোর্টকে এতটাই গুরুত্ব দিতেন যে, শুধু সেই নির্দিষ্ট ব্রাঞ্চ নয়, ব্র্যাকের সকল ব্রাঞ্চে সেই দুর্বলতা নিরসন ও পুনরাবৃত্তি না হওয়ার জন্য প্রতিকারের ব্যবস্থা নিতেন।

২০১১ সালে ব্র্যাক ইন্টারন্যাশনাল-এর সূচনার সময় আমাকে ব্র্যাক অ্যাসোসিয়েশন ও ইন্টারন্যাশনালের পর্ষদ সদস্য করেন এবং ব্র্যাক ও ব্র্যাক ইন্টারন্যাশনালের ফাইন্যান্স অ্যান্ড অডিট কমিটির চেয়ারপারসনের দায়িত্ব পালন করার সুযোগ দিয়েছিলেন। আবেদ ভাই সবসময় সব বিষয় ভালো করে দেখতে বলতেন, সকল পর্যবেক্ষণের গুরুত্ব দিতেন এবং বাস্তবায়ন করতে সহায়তা করতেন। আসলে নিজের গড়া সংগঠন তাঁর প্রাণপ্রিয় ছিল এবং সংগঠনের উন্নতিতেই ছিল তাঁর আনন্দ। ব্র্যাক ইন্টারন্যাশনাল নেদারল্যান্ডসে রেজিস্টার্ড হওয়াতে প্রতি বছরই একটি মিটিং সেখানে অনুষ্ঠিত হতে হয়। তিনি সবসময় সকলের সঙ্গে একত্রে বাসে করে মিটিং ভেন্যুতে যেতেন। প্রতিবারই একটি ফরমাল ডিনার দিতেন। দেশি-বিদেশি এমন অনেককেই সেখানে দেখেছি, যারা তাঁর বছরদিনের পরিচিত। বহু বছর ধরে তারা ব্র্যাকের সঙ্গে কোনো না কোনোভাবে জড়িত এবং সময়ের সঙ্গে সঙ্গে তাঁর বন্ধুত্ব গ্রহণ করেছেন। তিনি বন্ধুত্বকে আজীবন লালন করেছেন। এটি আবেদ ভাইয়ের অন্যতম একটি বৈশিষ্ট্য।

২০১৯ সালের জুন মাসে আমরা নেদারল্যান্ডসের দ্য হেগ শহরে মিটিংয়ের জন্য যাই। মিটিংয়ের মধ্যাহ্ন বিরতিতে আবেদ ভাই বললেন যে, তিনি চেয়ারপারসন পদ থেকে সরে যাবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন এবং পরবর্তী লিডারশিপ নিয়ে ভাবছেন। বাংলাদেশে এনজিও কর্পোরেটের ধারণা তাঁর হাত ধরেই হয়েছে। যেহেতু বাংলাদেশে এখনও এনজিও প্রতিষ্ঠাতারা কেউ কেউ

কাজ করে যাচ্ছেন, সংগঠনের ওপর তাদের একক প্রভাব বিরাজ করছে এবং সাকশেশন প্ল্যানিং খুবই দুর্বল। আবেদ ভাই বিগত কিছুদিন ধরে সচেতনভাবে সে বিষয়টি গুরুত্বের সঙ্গে ভাবছিলেন এবং ইতিবাচক পরিবর্তন আনা শুরু করেছিলেন। ২০১৯ সালের জুলাই মাসে ব্র্যাকের নির্ধারিত মিটিং পিছিয়ে আগস্ট মাসে অনুষ্ঠিত হলো। সেই সময় জানলাম যে, তিনি দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত। কিন্তু তাঁকে খুবই শান্তভাবে মিটিংয়ের কার্যক্রম পরিচালনা করতে দেখলাম। ব্র্যাক ইন্টারন্যাশনালের মিটিং শুরু করে সাম্প্রতিক পরিবর্তিত বিষয়গুলো সম্পর্কে তিনি অবহিত করলেন। আবেদ ভাই ব্র্যাকের নতুন গভর্নেন্স স্ট্রাকচার, ব্যবস্থাপনা, গ্লোবাল ব্র্যাক কনসেপ্ট এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের সঙ্গে চিন্তা ও চেতনায় সার্বিকভাবে সমন্বয় সাধনের বিষয়গুলো সম্পর্কে আলোকপাত করলেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দিলেন। অবশ্য বেশ কিছুদিন ধরে এ বিষয়গুলো আলোচিত হচ্ছিল এবং কনসালটেন্ট পর্যায়ে বিভিন্ন স্টেকহোল্ডারদের সঙ্গেও তিনি মতবিনিময় করছিলেন। অসুস্থতার আগেই তিনি সাকশেশন প্ল্যানিংয়ের প্রক্রিয়াটি সচেতনভাবে শুরু করেছিলেন। হয়তো অসুস্থতা সেটিকে তরাণিত করেছে।

আবেদ ভাই তাঁর বক্তব্যের পরে ব্র্যাক ইন্টারন্যাশনালের নতুন চেয়ারপারসন আমরা হককে মিটিং চেয়ার করার জন্য আমন্ত্রণ জানালেন। তিনি সচেতনভাবেই পাশের চেয়ারে গিয়ে বসলেন। আমার জীবন ধন্য! আমি এ রকম একটি মাহেন্দ্রক্ষণের স্বাক্ষী! বড় মাপের গুণীজন কীভাবে এত সহজে তার জায়গা খালি করে ভরসার সঙ্গে নতুন নেতৃত্বের হাতে কার্যভার তুলে দিতে পারেন, তা প্রত্যক্ষ করলাম। আসলে তিনি তাঁর কর্মকেই ভালোবেসেছেন। তাঁর কর্ম ও সাধনা যাদের জন্য তাদের কথা ভাবতেন এবং নিজের চাইতে সংগঠনকে ভালোবেসেছেন। ব্র্যাক এবং আবেদ ভাই অভিন্ন। তিনি সফল হয়েছেন তাঁর লালিত স্বপ্নের জালে কর্মীবাহিনীকে আবদ্ধ করতে এবং ব্র্যাকের মূল্যবোধ তাদের মধ্যে সঞ্চারিত করে দিতে। আমি আবেদ ভাইয়ের আত্মার শান্তি কামনা করি। ব্র্যাকের সুবর্ণজয়ন্তীতে জানাচ্ছি শুভেচ্ছা। এই অগ্রযাত্রা দীর্ঘ থেকে দীর্ঘতর এবং সাফল্যমণ্ডিত হোক।

পারভীন মাহমুদ

সাবেক সভাপতি, দি ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস
অব বাংলাদেশ এবং বোর্ড মেম্বর, ব্র্যাক ইন্টারন্যাশনাল

” DON'T
EVER LOSE
SIGHT OF
THE MISSION
TO EXTEND
A HAND
TO THOSE
WHO NEED IT
THE MOST.

Sir Fazle Hasan Abed KCMG

Founder, BRAC

স্মরণে আবেদ ভাই

লুভা নাহিদ চৌধুরী

আবেদ ভাইকে দূর থেকে দেখেছি আমার ফুপু সালমা খানের বাড়িতে। ওঁদের বহুদিনের পারিবারিক ঘনিষ্ঠতা ছিল। আরেকটু বেশি দেখার সুযোগ হয় ২০০০ সাল পরবর্তী সময়ে, যখন আমি বেঙ্গল ফাউন্ডেশনে কাজ শুরু করি। বেঙ্গল ফাউন্ডেশনের সভাপতি আবুল খায়ের আবেদ ভাইয়ের অনুরক্ত ছিলেন। তাকে বলতে শুনেছি, জীবনের নানা সন্ধিক্ষণে ও সঙ্কটে তিনি আবেদ ভাইয়ের কাছ থেকে মূল্যবান দিকনির্দেশনা পেয়েছেন। খায়ের সাহেব এক কথায় বলতেন, ‘আবেদ ভাইকে আমি মানি।’ আবেদ ভাইকে আরও কত মানুষ যে মানত আর শ্রদ্ধা করত, তার ইয়ত্তা নেই। কিছু কিছু মানুষকে দেখামাত্র তাঁদের ভেতরকার শক্তি আঁচ করা যায়। আবেদ ভাই তেমনই একজন মানুষ ছিলেন।

২০০৯ সালে কোনো একদিন অধ্যাপক আনিসুজ্জামানের বাড়িতে প্রাতঃরাশের আমন্ত্রণ ছিল। এরকম একটি আমন্ত্রণে যোগদান করতে পারা নেহাত ভাগ্যের ব্যাপার, কারণ বেবি মামির (আনিস স্যারের সহধর্মিণী) হাতের রান্না যে একবার খেয়েছে, তার পক্ষে সে অভিজ্ঞতা ভোলা সম্ভব নয়। আনিস স্যারের স্নেহ-অবারিত বলে আমিও সেখানে উপস্থিত ছিলাম। সেখানে কী কারণে জানি না, আবেদ ভাই ব্র্যাকের পরিচালনা পরিষদে আমার যোগদানের বিষয়ে প্রস্তাব করলেন। আমি অবশ্য এই সম্মানের যোগ্য ছিলাম না (এখনও নই), তবে এভাবে আবেদ ভাইয়ের কাছ থেকে কিছু শেখার সুযোগ হতে পারে, তা ভেবে প্রীত হয়েছিলাম। ব্র্যাকের বোর্ডে আর যাঁরা ছিলেন, তাঁরা সকলেই সমাজের সম্মানীয় ব্যক্তি, প্রত্যেকেই সুদক্ষ এবং স্ব-স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত। একটা মিল বোধহয় ছিল। সকলেরই কমবেশি বড় করে চিন্তা করার ক্ষমতা ও দূরদৃষ্টি ছিল। অনেক প্রতিষ্ঠা পেয়েও নতুন স্বপ্ন দেখার প্রবণতা তাঁদের হারিয়ে যায় নি। বোর্ডে বিদেশিরাও ছিলেন-এ দেশের শুভার্থী। এর পরের ন’বছর কেটেছে বহু সভায় ও সিদ্ধান্তে আবেদ ভাইকে প্রত্যক্ষ করে। তাঁর স্মৃতিশক্তি ছিল প্রখর। সভায় নানা সময়ে পরিচালকরা প্রতিবেদন পেশ করতে এসে ভুল তথ্য দিয়ে পার পেতেন না, কারণ আবেদ ভাই সঙ্গেসঙ্গে তা ধরে ফেলতেন এবং অবশ্যই সংশোধন করে দিতেন। এসব দেখতে দেখতে একসময় আমিও অনুধাবন করলাম, দেশকে ভালোবাসলে দেশ সম্বন্ধে ভালো করে জানতে হয়। বাংলাদেশ সম্বন্ধে কোনো তথ্য বা পরিসংখ্যান

আবেদ ভাইয়ের অজানা ছিল না (আমার তো ভাই মনে হতো!)। তাঁর সমাজ ও রাষ্ট্রচিন্তা খুব স্পষ্ট ছিল। দেশ বা দেশের মানুষ সম্বন্ধে তাঁকে কখনও কোনো নেতিবাচক মন্তব্য করতে শুনি নি। তাঁর সমালোচনা ছিল নৈর্ব্যক্তিক ও গঠনমূলক। নির্লিপ্ত পরিসংখ্যানের সঙ্গে সমাজ-বাস্তবতার সম্পর্ক তিনি দিব্যচোখে দেখতে পেতেন। সাম্য ও ন্যায্যতা প্রতিষ্ঠায় আবেদ ভাই স্থিত ছিলেন। কখনও এ-লক্ষ্য থেকে বিচ্যুত হন নি। ২০১৯ সালে বোর্ডের মেয়াদ যখন শেষ হলো, তখন আবেদ ভাইকে নিয়েই আমরা অনেকে বেরিয়ে এলাম।

আবুল খায়েরকে অত্যন্ত ভালোবাসতেন আবেদ ভাই। তাই তিনি চলে যাওয়ার পর খুব ভেঙে পড়েছিলেন খায়ের সাহেব। তাঁকে বারবার বলতে শুনেছি, একটু সং পরামর্শ দেওয়ার আর কেউ রইল না। এই প্রচলিত ভালোবাসার জের ধরেই বেঙ্গল ফাউন্ডেশনের নানা অনুষ্ঠানে আবেদ ভাইয়ের আসা হতো। শৃঙ্খলাবোধ ও সময়ানুবর্তিতার বিচারে আবুল খায়ের ও ফজলে হাসান আবেদ হয়তো দুই মেরুর মানুষ। কিন্তু তাঁদের প্রকৃত মিল ছিল গান, কবিতা, চিত্রকলা, সাহিত্যের প্রতি ভালোবাসা, উচ্চ রুচিবোধ এবং নতুন কিছু করার অদম্য উৎসাহে। আমার দেখা বেঙ্গলের অনুষ্ঠানে আবেদ ভাইয়ের প্রথম সম্পৃক্ততা ঘটে ২০০০ সালে, এশিয়ান আর্ট বিয়োনাল কর্মশালায়। বাংলাদেশ শিল্পকলা একাডেমীর সঙ্গে যৌথভাবে আয়োজিত বড় পরিসরের এই কর্মশালায় ১৭টি দেশের ৭৭ জন শিল্পী অংশগ্রহণ করেন। তিনদিন ধরে রং-তুলি-ক্যানভাসের যজ্ঞ চলেছিল রাজেন্দ্রপুরের সুবিশাল ব্র্যাক সেন্টারের আঙিনায় (বর্তমানে ব্র্যাক সিডিএম রাজেন্দ্রপুর হিসেবে পরিচিত)। আবেদ ভাই আর সারওয়াত আপা বন্ধুদের নিয়ে পুরোটা সময় ওখানেই ছিলেন। অন্যরকম এক প্রাণচাঞ্চল্যে মেতে উঠেছিলেন সবাই।

আবেদ ভাইয়ের সযত্নে সংগ্রহ করা বহু চিত্রকর্ম ও ট্যাপেস্ট্রির সমারোহ দেখা যায় ব্র্যাকের প্রধান কার্যালয়ের দেওয়ালে। কাজগুলো যে সময়ের, তখন ঢাকায় পেইন্টিংয়ের বড় বাজার ছিল না, তেমন কোনো ক্রেতাও ছিলেন না। শিল্পীদের প্রতি আবেদ ভাই সংবেদনশীল ছিলেন। সাহিত্যের গভীর পঠন-পাঠন তাঁর রুচি গঠনে সহায়ক হয়েছিল। শিল্পের বিকাশের মধ্য দিয়েই যে সমাজে

সুনীতির পথ প্রশস্ত হয়, সেটি তিনি জানতেন। বেঙ্গল শিল্পালায়ে বহু গানের অনুষ্ঠানে ও শিল্পপ্রদর্শনীতে তাঁকে আমরা সঙ্গে পেয়েছি। রবীন্দ্রনাথের গান শুনতে ভালোবাসতেন। অদिति মহসিন ছিলেন তাঁর প্রিয় শিল্পীদের মধ্যে অন্যতম। শেষ বিদায়ের মাত্র কয়েক সপ্তাহ আগে তাঁর অনুরোধেই খায়ের সাহেবের বাসায় আয়োজিত হয়েছিল এক মনোরম সংগীত সন্ধ্যা। এরপর আবেদ ভাইয়ের সঙ্গে আমার আর দেখা হয়নি।

২০১২ থেকে ২০১৭ সাল পর্যন্ত বেঙ্গল উচ্চাঙ্গসংগীত উৎসবের প্রতিটি উদ্বোধনী আয়োজনে বক্তৃতা দিয়ে আবেদ ভাই শিল্পীদের উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন। সংগীতের এই মহাযজ্ঞে তিনি সানন্দে অংশগ্রহণ করতেন। প্রতি সন্ধ্যায়ই তাঁকে আর সারওয়াত আপাকে দেখা যেত, প্রথম সারিতে বসে মন দিয়ে গান শুনছেন। একইভাবে ২০১৭ সালে সিলেটে অনুষ্ঠিত দশ দিনের বেঙ্গল সংস্কৃতি উৎসবের পুরোটা সময়ই আবেদ ভাই উপস্থিত ছিলেন।

দেশ যাঁরা গড়েন, স্থাপত্যশিল্পের প্রতি স্বভাবতই তাঁদের একটা ঝোঁক থাকে। স্বপ্নবান দুই সুহৃদ আবেদ ভাই ও আবুল খায়ের-এর এখানেও একটা মিল ছিল। ব-দ্বীপে বিশেষায়িত স্থাপত্যশৈলী, নদীর প্রকৃতি, বসতি, জল ও স্থলের সম্পর্ক-এসব গবেষণার জন্য আবুল খায়ের যখন প্রতিষ্ঠা করলেন বেঙ্গল ইনস্টিটিউট ফর আর্কিটেকচার, ল্যান্ডস্কেপস অ্যান্ড সেটেলমেন্টস, আবেদ ভাই সে-প্রতিষ্ঠানের উপদেষ্টা পরিষদের সভাপতি হলেন। ডিজাইন ও স্থাপত্যশিল্পের খুঁটিনাটি, ঢাকা শহরকে কীভাবে বাসযোগ্য করে তোলা যায়, বাংলাদেশের কৃষি জমি ও প্রাকৃতিক ভারসাম্য সংরক্ষণ, নদীপথ সচল ও ব্যবহারোপযোগী করে তোলা, কৃষি ও খাদ্য খাতে নতুন উদ্ভাবন-এসব নিয়ে আবেদ ভাই ও খায়ের সাহেবকে প্রাজ্ঞাল আলোচনায় সময় কাটাতে দেখেছি।

উনিশ সালের এপ্রিলে কাজী গিয়াসের চিত্রকর্ম নিয়ে আয়োজিত প্রদর্শনীর মধ্য দিয়ে ধানমন্ডির বেঙ্গল শিল্পালায়ে ‘কামরুল হাসান প্রদর্শনশালা’র উদ্বোধন হয় অধ্যাপক আনিসুজ্জামান ও আবেদ ভাইয়ের হাতে। শিল্পী, চিত্রী, লেখক, গাইয়ে নিয়ে আবেদ ভাইয়ের এক বিশাল বন্ধুবৃত্ত ছিল। ২০১৬ সালে আবেদ ভাইয়ের আশিতম জন্মবার্ষিকী উপলক্ষে শিল্পী মনিরুল ইসলাম ও শহীদ কবিরের আঁকা অত্যন্ত মনোজ্ঞ দুটো পোর্ট্রেট খায়ের সাহেব তাঁকে উপহার দেওয়ায় তিনি খুব খুশি হয়েছিলেন।

আবেদ ভাইকে ধানমন্ডিতে শেষ দেখি ২০১৯ সালের এপ্রিলে। সেদিন শিল্পী আমিনুল ইসলামের স্মরণে তরুণ শিল্পীদের পুরস্কার প্রদান করা হচ্ছিল। অনুষ্ঠান প্রায় শেষের পথে, তখন আবেদ ভাই আর সারওয়াত আপা ঢুকলেন। আমিনুল ইসলামের সহধর্মিণী রুবি ইসলাম তাঁদের দেখে খুব খুশি হয়েছিলেন। কিছুক্ষণের মধ্যে সবাই মিলে গোল হয়ে আড্ডায় মেতে উঠলেন। তবে সেদিন সন্ধ্যায় একবার মনে হয়েছিল, আবেদ ভাইয়ের শরীর হয়তো ততটা ভালো নেই।

বন্ধুর আনিসুজ্জামানের সঙ্গে আবেদ ভাইয়ের গভীর হৃদয়তা ছিল। আবেদ ভাইয়ের শারীরিক অবস্থার অবনতি হচ্ছে, এটা আনিস স্যার সহজে মেনে নিতে পারেন নি। বন্ধুর সঙ্গে অন্তরঙ্গ আলাপে আরেকটা সন্ধ্যা কাটাবেন ভেবে আনিস স্যার একদিন নেমন্তন্ন করলেন। মাত্র ছয়-সাতজন ছিলাম। ছবি তোলা হলো, গল্পও হলো। কিন্তু ভেতরে ভেতরে আমরা সবাই জানতাম যে, এরকম সন্ধ্যা আর একটিও হবে না।

লুভা নাহিদ চৌধুরী

স্থপতি, সঙ্গীত শিল্পী, মহাপরিচালক-বেঙ্গল ফাউন্ডেশন এবং
সাবেক বোর্ড মেম্বর, ব্র্যাক

ভালোবাসার ব্র্যাক

প্রফেসর ড. মো. গোলাম সামদানী ফকির

ব্র্যাকের সঙ্গে আমার সম্পর্ক দুই দশকের কিছুটা বেশি সময়ের, যার শুরুটা হয়েছিল ১৯৮৪ সালে। আমি তখন ইকোনমিক্সে পিএইচডি শেষে যুক্তরাষ্ট্রের একটি বিজনেস ফার্ম-এ সদ্য যোগ দিয়েছি। কিন্তু মানসিকভাবে তৃপ্ত ছিলাম না। অর্থনীতির একজন ছাত্র হিসেবে হতদরিদ্র ও অসহায় মানুষের সেবায় যে কোনোভাবে নিজেকে সম্পৃক্ত করার তাগিদ অনুভব করতাম। শুধু তাই নয়, এই আত্মত্যাগের অংশ হিসেবে ওই সময় বাংলাদেশে এমন একটি সংস্থা খুঁজছিলাম, যারা আমাকে সমাজের সুবিধাবঞ্চিত মানুষের সঙ্গে কাজ করার সুযোগ করে দিতে পারবে। বেশ কিছুদিন এমন মনস্তাত্ত্বিক দ্বন্দ্বের থাকার পর যুক্তরাষ্ট্র থাকাকালীন সময়েই আবেদ ভাই (স্যার ফজলে হাসান আবেদ কেসিএমজি) এবং ব্র্যাক সম্পর্কে জানার সুযোগ পাই। এর কিছুদিন পরই চাকরি থেকে পদত্যাগ করি এবং দেশে ফিরে আসি।

তখন জানুয়ারি ১৯৮৪। দেশে ফেরার কয়েকদিনের মধ্যেই আবেদ ভাইয়ের সঙ্গে দেখা করার উদ্যোগ নেই এবং ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে সাক্ষাৎ করি। সাক্ষাৎকারটি মূলত একটি সংলাপ ছিল। তিনি আমার ব্যক্তিগত জীবন, কল্পনা, বাংলাদেশে ফিরে আসার যুক্তি এবং ভবিষ্যৎ বাংলাদেশকে কেমন দেখতে চাই, সেসব বিষয় নিয়ে প্রশ্ন করলেন। অর্থনীতিতে আমার একাডেমিক ব্যাকগ্রাউন্ড, সমাজতাত্ত্বিক দেশে (রোমানিয়া) পিএইচডি এবং বাংলাদেশের হতদরিদ্র মানুষের অর্থনৈতিক ও সামাজিক সমস্যা আমাদের আলোচনার কেন্দ্রবিন্দু ছিল। এরপর তিনি আমাকে ব্র্যাক গড়ে তোলার প্রেক্ষাপট, পটভূমি, রূপকল্প, লক্ষ্য, মূল্যবোধ এবং কর্মকৌশল সম্পর্কে জানালেন। ব্রিফিংকালে তিনি প্রতিষ্ঠানের জন্য যোগ্য ও পেশাদার লোকের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরলেন। বললেন, তিনি এমন মানুষ চান, যারা প্রতিশ্রুতিবদ্ধ এবং দেশের দরিদ্র ও প্রান্তিক মানুষের জন্য কাজ করবে। সেদিন আমি এতটাই মুগ্ধ হয়েছিলাম যে, আজও আমি আবেদ ভাইয়ের সেই হাস্যোজ্জ্বল মুখটি কল্পনা করতে পারি এবং তার কোমল কণ্ঠস্বর অনুভব করতে পারি। এই খোলামেলা আলোচনা (কোনো নির্দিষ্ট এজেন্ডা ছাড়াই) শেষেই আমি বুঝতে পেরেছিলাম, ব্র্যাকই সেই সঠিক জায়গা যেখানে আমি আমার লালিত ইচ্ছা পূরণ করতে পারি। তারপরও ভেবেছিলাম, প্রাথমিকভাবে ৬ মাস কাজ করে বুঝতে চেষ্টা করব

ব্র্যাকের মাধ্যমে সত্যিকার অর্থে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কাজ করতে পারছি কিনা? এই ৬ মাস আমাকে পরবর্তীতে ব্র্যাকের জন্য ২০ বছর কাজ করিয়েছে। প্রাথমিকভাবে আমি Research and Evaluation Division-RED এবং পরে বেশিরভাগ সময় এই সংস্থার সক্ষমতা এবং ব্যবস্থাপনা ও মানবসম্পদ বিভাগের উন্নয়নে প্রশিক্ষণ বিভাগের হয়ে কাজ করেছি।

আমার কাছে ব্র্যাক কী এবং কীভাবে একে খুঁজে পেলাম?

আমার কাছে ব্র্যাক মানে সমাজের দরিদ্র ও প্রান্তিক অংশের সমন্বিত এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে নিবেদিত একটি প্ল্যাটফর্ম। ব্র্যাক বিশ্বাস করে মানুষের শক্তিতে, বিশ্বাস করে হতদরিদ্র মানুষের উন্নয়ন ও বিকাশের মাধ্যমে তাদের ব্যক্তি ও পারিবারিক জীবনের পাশাপাশি জাতীয় উন্নতিতে অবদান রাখা সম্ভব। আর এ কারণেই একটি সক্ষম পরিবেশ দরকার ছিল, যা তৈরি করা নিয়ে আবেদ ভাই তথা ব্র্যাক উদ্বিগ্ন ছিল। তবে বলে রাখা ভালো, উন্নয়নমন্ডল মানুষগুলোর কাজ ও ভাবনা অনেক বেশি প্রসারিত ও ব্যাপক হয়। আবেদ ভাইও তার ব্যতিক্রম ছিলেন না। সুদীর্ঘ কর্মবহুল জীবনে একটি কথাই তিনি বিশ্বাস করতেন আর তা হলো- 'Small is beautiful, but big is necessary'। ব্র্যাক যে আজ এক লাখ কর্মীর সংস্থা এবং পৃথিবীর ১১টি দেশের ১২০ মিলিয়ন মানুষের সেবাদাতা প্রতিষ্ঠান, দেশে-বিদেশে সুবিশাল অবয়বে ছড়ানো এর কার্যক্রম, এসবই আবেদ ভাইয়ের সেই 'ছোট সুন্দর, কিন্তু বড় প্রয়োজন' চিন্তার ফসল।

এখানে একটা বিষয় বলে রাখা দরকার। প্রতিষ্ঠাকালের শুরুতে ব্র্যাক কার্যক্রমের দ্রুত সম্প্রসারণ নিয়ে কিছুটা অভ্যন্তরীণ বিতর্ক ছিল। একটি পক্ষ যারা দ্রুত সম্প্রসারণকে সমর্থন করতেন না, তাদের যুক্তি ছিল-দ্রুত সম্প্রসারণে নজর দিলে ব্র্যাক তার গুণগত মান হারাতে পারে। আত্মহীনতায় পড়বে সাধারণ মানুষের কাছে। কিন্তু আবেদ ভাই, যিনি শুধু দ্রুত সম্প্রসারণের ব্যাপারে গ্রিন সিগন্যাল ও জোরালো পরামর্শই দেননি, প্রাসঙ্গিক ও প্রয়োজনীয় সব উদ্যোগ গ্রহণ করে সর্বত্র ব্র্যাকের ব্যাপ্তি ঘটিয়েছেন। যুদ্ধবিধ্বস্ত দেশের তৃণমূলের মানুষের সেবা করতে গিয়ে যে প্রতিষ্ঠানের শুরু হয়েছিল,



তা পরবর্তীতে বাংলাদেশের প্রতিটি কোণ তো বটেই, এমনকি এশিয়া-আফ্রিকা এবং ক্যারিবীয় অঞ্চলের এগারটি দেশে ব্র্যাক তার কর্মকাণ্ডের সম্প্রসারণ ঘটিয়েছে। অর্জন করেছে জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতি।

এ প্রসঙ্গে উপআনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রমের একটি উদাহরণ উদ্ধৃত করা যেতে পারে। '৮০'র দশকে (১৯৮৫) তৃণমূল শিক্ষাব্যবস্থার উন্নয়নে মাত্র ২২টি স্কুল নিয়ে উপআনুষ্ঠানিক প্রাথমিক ও প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরু করেছিল ব্র্যাক। প্রত্যন্ত অঞ্চলে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর শিশুদের শিক্ষার আওতায় আনতে এই কার্যক্রম হাতে নেয় ব্র্যাক, যেখানে একটি স্কুল, একজন শিক্ষক, প্রথম শ্রেণি থেকে তৃতীয় শ্রেণি পর্যন্ত ৩৩ জন শিক্ষার্থী (৭০% মেয়ে এবং ৩০% ছেলে) নিয়ে পাইলটিং করে সরকারকে বড় আকারে প্রতিলিপি করতে আমন্ত্রণ জানানো হয়। কিন্তু বিদ্যালয়ের এই সংখ্যা (২২টি) সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারেনি। তখনই 'ছোট সুন্দর' ধারণাটি পাল্টে যায় এবং দেশের বিভিন্ন স্থানে ৩ হাজার (পরে ৩৫ হাজার) উপআনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করে এই কার্যক্রম সম্প্রসারিত করা হয়। যে স্কুলগুলোর সফলতা পরবর্তীতে বাংলাদেশ সরকার তো বটেই, দেশের বাইরেও বিভিন্ন দাতা সংস্থা ও অন্যান্য বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও)-র দৃষ্টি আকর্ষণ করে।

ব্র্যাক বিশ্বাস করত, সব মানুষের মধ্যে অফুরন্ত সম্ভবনা আছে, কিন্তু প্রতিকূল পরিবেশ ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধার অভাবে বেশিরভাগ মানুষই তা কাজে লাগাতে পারে না। হয়তো এ কারণেই শুধু বাংলাদেশ নয়, সারাবিশ্বের দারিদ্র্য বিমোচনে অভাবনীয় সাড়া ফেলেছে উন্নয়ন সংস্থা ব্র্যাক। বাংলাদেশ যে আজ উন্নয়নের ধাঁধা হিসেবে পরিচিত, সেটার পেছনেও আবেদ ভাই ও তাঁর ব্র্যাকের চিন্তা-ভাবনার গভীর ও সুস্বপ্ন প্রভাব রয়েছে। শুধু এনজিও হিসেবেই নয়, নানা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমন্বিত পদ্ধতির ব্যবহার করে ব্র্যাককে মূলধারায় পরিণত করেছেন স্যার ফজলে হাসান আবেদ। সামনের সারির কর্মী, শাখা ব্যবস্থাপক ও প্রোগ্রামে অংশগ্রহণকারীদের (প্রোগ্রাম/প্রকল্পের সুবিধাভোগী) সক্ষমতা উন্নয়নের উদ্যোগ দেশে-বিদেশে সম্প্রসারিত হয়েছে। এক্ষেত্রে ব্র্যাক ট্রেনিং ডিভিশন (বর্তমানে ব্র্যাক লার্নিং ডিভিশন) স্টেকহোল্ডারদের ক্রমবর্ধমান চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

রিসার্চ অ্যান্ড ইভালুয়েশন ডিভিশন (RED) ব্র্যাকের আরেকটি গুরুত্বপূর্ণ বিভাগ, যা ব্র্যাকের বিভিন্ন কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা দানের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা করত। আবেদ ভাই বিশ্বাস করতেন, ব্র্যাকের সামগ্রিক উন্নয়নে গবেষণা ও প্রশিক্ষণ বিভাগের প্রয়োজনীয়তা রয়েছে। এ কারণেই তিনি অন্য সব কর্মসূচির সঙ্গে সমানভাবে গুরুত্ব দিয়ে BRAC

Training Division Ges Research and Evaluation Division-কে ব্র্যাকের সামগ্রিক সম্প্রসারণে কাজে লাগিয়েছেন। আমি এই দুটোকে (BTD এবং RED) মজা করে ব্র্যাকের ডান ও বাম হাত বলতাম। কারণ এই দুই বিভাগের মাধ্যমেই ব্র্যাক সকল ধরনের কর্মসূচি এবং প্রকল্প বাস্তবায়ন করত।

ব্র্যাক বিশেষ করে আবেদন ভাই আমার ব্যক্তিজীবনের ক্যারিয়ারে বড় ধরনের পরিবর্তন আনতে সহায়ক ছিলেন। তিনি ও তাঁর ব্র্যাক কীভাবে রূপান্তর করল, এ প্রসঙ্গে তাঁর একটি কথা মনে পড়ছে। একদিন তিনি আমাকে ডেকে বললেন, ‘আপনি (প্রথম দিকে আপনি বলতেন) যদি বিআইডিএস-এ চাকরি করেন, তবে আপনাকে অবশ্যই রিসার্চার (গবেষক) হতে হবে। যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ে চাকরি করেন, তবে সেখানকার শিক্ষক হতে হবে। অর্থাৎ যে প্রতিষ্ঠানেই চাকরি করেন না কেন, সেই প্রতিষ্ঠানের মূলধারায় যদি নিজে সঙ্গীত করতে না পারেন, তবে অনেক ক্ষেত্রেই আপনার মেধা-শ্রম বৃথা যাবে। তেমনিভাবে ব্র্যাক হলো প্রোগ্রাম-বেজড সংস্থা। আপনি যদি এখানে প্রোগ্রামের সঙ্গে সংশ্লিষ্ট হতে না পারেন, তবে ব্র্যাকের মূলধারায় আসতে পারবেন না। আমি আপনাকে প্রশিক্ষণ কর্মকাণ্ডের মাধ্যমে ব্র্যাকের মূলধারার কর্মসূচির সঙ্গে সম্পৃক্ত করে কাজ করার সুযোগ করে দেব।’

ওই সময় তিনি আমাকে ব্র্যাকের মেইনস্ট্রিমে নিয়ে আসার পরিকল্পনার কথা জানান, যা ৬ মাস পর বাস্তবায়ন করেন। এর আগে আমি ব্র্যাকের Research and Evaluation Division (RED)-এ সিনিয়র রিসার্চ ইকোনমিস্ট হিসেবে কর্মরত ছিলাম। যাই হোক, পরবর্তীতে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া ইউনিভার্সিটির প্রফেসর ক্যাথারিন নোবেল ব্র্যাকের কনসালটেন্ট হিসেবে যোগ দিলে তার সঙ্গে Child Survival Program (১৯৮৫-১৯৯০)-এর মতো বড় একটি প্রোগ্রামে প্ল্যানিং অ্যান্ড ট্রেনিং চিফ হিসেবে কাজ শুরু করি।

ট্রেনিং ডিভিশনে থাকাকালীন সরকারের স্বাস্থ্য বিভাগের সঙ্গে কাজ করতে গিয়ে অল্প-মধুর সম্পর্কের স্মৃতির কথা বিশেষভাবে মনে পড়ে। সরকারের Health Assistant (HA) এবং Family Welfare Assistant (FWA) সহ বিভাগীয় পর্যায়ের সকল স্বাস্থ্যকর্মীর সক্ষমতা বাড়ানোর জন্য ব্র্যাক কর্তৃক ট্রেনিং প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব আমার ওপর বর্তায়। যথারীতি আমি বিষয়টির অনুমোদনের জন্য ডিজি হেলথ বরাবর আবেদন করি এবং তাঁর সঙ্গে দেখা করি। তিনি কিছুটা অবাধ হওয়ার মতো করেই আমাকে প্রশ্ন করেন, ‘ব্র্যাক আমাদের (সরকারি স্বাস্থ্যকর্মী) ট্রেনিং দেবে?’ এই বলে ওই অর্থে তিনি আমাদের ট্রেনিং প্রোগ্রাম আয়োজনের অনুমোদন দিলেন না। যাই হোক, বিষয়টি নিয়ে আমার মধ্যে মনস্তাত্ত্বিক দ্বন্দ্ব ছিল। অনেকের সঙ্গে পরামর্শ করেও নতুন কোনো

দিশা না পেয়ে নিজেই আবেদনপত্রটি নতুনভাবে তৈরি করি এবং সেখানে ‘সরকারের স্বাস্থ্য বিভাগের কর্মীদের কাছ থেকে ব্র্যাককর্মীরা শিখতে চায়’ বিষয়টি উল্লেখ করলাম। এরপর আবেদনটি গৃহীত হলো। পরবর্তীতে পাইলট বেসিসে মানিকগঞ্জের পাঁচটি উপজেলায় সরকারি ও ব্র্যাক স্বাস্থ্যকর্মীদের অংশগ্রহণে Experiential Learning Exercise নামে ওয়ার্কশপ প্রোগ্রাম শুরু হয়। এরপর সেই প্রোগ্রাম বাংলাদেশের যে কোনো বিভাগ ও জেলা-উপজেলায় প্রশিক্ষণ পরিচালনা করার অনুমোদন পায়। এখানে উল্লেখ্য যে, এই প্রোগ্রামের মাধ্যমেই ব্র্যাক আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ সরকারের সঙ্গে সম্পৃক্ত হয় এবং সম্প্রসারিত টিকাদান কর্মসূচি তথা Expanded Program on Immunization (EPI) প্রোগ্রামে কাজ করার সুযোগ পায়।

আমি বিশ্বাস করি, ব্র্যাকের বিশাল এই সাফল্যের পেছনে আবেদন ভাইয়ের স্বপ্নদর্শী ও প্রতিশ্রুতিবদ্ধ নেতৃত্বই প্রধান শক্তি। একই সময়ে গতিশীল, নিবেদিত ও উন্নয়নপ্রেমী কিছু ব্যবস্থাপকের কারণেই ব্র্যাক আজ সত্যিকার অর্থে জনগনের প্রতিষ্ঠান। ২০১৫ সালে দারিদ্র্য বিমোচনে অবদান রাখায় ‘ওয়ার্ল্ড ফুড প্রাইজ’ গ্রহণকালে আবেদন ভাই নিজেই পরিষ্কার করে বলেছিলেন, ‘বাংলাদেশে আমরা যা করেছি, তা একটি সুনির্দিষ্ট লক্ষ্য থেকেই করেছি। আমাদের লক্ষ্য ছিল দরিদ্র জনগোষ্ঠীকে দারিদ্র্যসীমার মধ্য থেকে বের করে আনা। কারণ আমরা অনুভব করি, দারিদ্র্য অমানবিক রূপ নেয়। তা ছাড়া অতিদরিদ্র অবস্থা থেকে মানুষকে বের করা অসম্ভব কিছু নয়। এ জন্য শুধু বিশ্বের প্রতিটি দেশের অঙ্গীকার প্রয়োজন।’ ২০০৪ সালের জাতিসংঘ উন্নয়ন সংস্থার প্রধান তাঁকে পুরস্কার প্রদানকালে বলেছিলেন, ‘যদি ফজলে হাসান আবেদের মতো মাত্র ছয়জন রাষ্ট্রপ্রধান আমি পেতাম, তাহলে পৃথিবীতে খাদ্যের অভাব চিরতরে দূর করে দিতে পারতাম।’

আমার চোখে বিশ্ব দরবারে এটাই আবেদন ভাই ও তাঁর ব্র্যাকের সফলতা। তৃতীয় বিশ্বের উন্নয়নকামী দেশ হিসেবে বাংলাদেশের জন্য ব্র্যাক জরুরি ছিল, জরুরি থাকবে। ৫০-এ পা দেওয়া লাখ লাখ মানুষের আবেগের এই প্রতিষ্ঠান হাজার বছর চলমান থাকুক, সুবর্ণজয়ন্তীতে এটিই প্রত্যাশা।

প্রফেসর ড. মো. গোলাম সামাদানী ফকির
উপাচার্য, গ্রিন ইউনিভার্সিটি অব বাংলাদেশ
সাবেক পরিচালক-ব্র্যাক

” THE PASSION
OF MY LIFETIME
HAS BEEN TO WORK
WITH PEOPLE LIVING
IN POVERTY AND TO
SEE THEM, WITH THE
RIGHT RESOURCES
AND OPPORTUNITIES,
TRANSFORM INTO
AGENTS OF CHANGE
IN THEIR OWN LIVES,
FAMILIES AND
COMMUNITIES.

Sir Fazle Hasan Abed KCMG

Founder, BRAC

ব্র্যাক ও স্যার ফজলে হাসান আবেদ

সুখেন্দ্র কুমার সরকার

ব্র্যাক পঞ্চাশ বছর পূর্ণ করল। এই পঞ্চাশ বছরে ব্র্যাক ছোট থেকে অনেক বড় হয়েছে। সকলেই এখন জানে যে, ব্র্যাক একটি বিশাল প্রতিষ্ঠান এবং দারিদ্র্য বিমোচনে ব্র্যাকের রয়েছে বহুবিধ কর্মকাণ্ড, যেমন : মাইক্রোফাইন্যান্স, স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, মৎস্য চাষ, গবাদি পশুপালন ইত্যাদি উল্লেখযোগ্য। ব্র্যাকের এ সকল কর্মকাণ্ড এখন দেশের গণ্ডি পেরিয়ে বিশ্বের আরও ১১টি দেশে বিস্তার লাভ করেছে। বর্তমানে ব্র্যাকে প্রায় এক লক্ষ সুদক্ষ কর্মবাহিনী রয়েছে। ব্র্যাকের এই বিশালত্ব এবং এর বহুবিধ কর্মকাণ্ড ব্র্যাককে পৃথিবীর মধ্যে এক নম্বর এনজিও হিসেবে পরিচিতি লাভ করতে সহায়তা করেছে।

ব্র্যাকের আজকের অবস্থান জানার পর অনেকের মনেই প্রশ্ন জাগতে পারে শুরুতে ব্র্যাকের অবস্থান কেমন ছিল এবং ব্র্যাক কীভাবে আজকের এই অবস্থানে পৌঁছল?

১৯৭১ সালে স্বাধীনতা সংগ্রামের সময় পাকবাহিনীর অত্যাচারের ফলে আমাদের অনেকেরই ভারত গিয়ে শরণার্থী হিসেবে আশ্রয় নিতে হয়। দেশ স্বাধীন হওয়ার পর শরণার্থীরা যখন ফেরৎ আসে তখন তাদের পুনর্বাসনের জন্য সরকারের পাশাপাশি অনেক বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি সহায়তার হাত বাড়িয়ে দেয়। সেই লক্ষ্যে স্যার ফজলে হাসান আবেদ আমাদের আবেদনভাই ১৯৭২ সালের মার্চ মাসে ব্র্যাক প্রতিষ্ঠা করেন এবং দুর্গম এলাকা হিসেবে সুনামগঞ্জের শাল্লা এলাকাকে বেছে নেন পুনর্বাসনের কাজ করার জন্য। তখন ব্র্যাকের নাম ছিল 'বাংলাদেশ রিহ্যাবিলিটেশন অ্যাসিস্ট্যান্স কমিটি' (বাংলায় ছিল, 'বাংলাদেশ পুনর্বাসন সহায়ক সমিতি')। ওই সময় অর্থাৎ ১৯৭২-৭৩ সালের দিকে শাল্লা প্রকল্প এলাকায় বেশিরভাগ জনগণ ব্র্যাককে চিনত 'ত্রাণসংঘ' নামে। যেহেতু ব্র্যাকের কাজ ছিল রিলিফ দেওয়া ও পুনর্বাসনের ব্যবস্থা করা সেজন্য শাল্লার বাইরে অন্য জায়গার লোকজন ব্র্যাক বললে বুঝত ব্যারাক, ব্রেক ইত্যাদি। জাতীয় পর্যায়ে ব্র্যাককে পরিচিত করে ১৯৮০-এর দশকের ওরাল থেরাপি এক্সটেনশন প্রোগ্রাম বা ওটপ কর্মসূচির কর্মীরা। যেহেতু তারা বাংলাদেশের এক কোটি সতের লক্ষ বিরানব্বই হাজার ছয়শ চুয়ান্ন পরিবারে গেছে এবং ব্র্যাক ও লবণ গুড়ের স্যালাইন সম্পর্কে জনগণকে অবহিত করেছে। ওটপের কর্মীরা ছাড়াও কর্মসূচি চলাকালীন রেডিও ও টেলিভিশনে

লবণ গুড়ের স্যালাইনের প্রচার করা হয়েছে এবং সেখানে বলা হতো 'জনস্বার্থে ব্র্যাক'।

আমি ব্র্যাকে যোগদান করি ১৯৭৩ সালের ১লা জুলাই এবং ব্র্যাক ছেড়ে আসি ২০১৭ সালের ১লা জুলাই। আমি যখন ব্র্যাকের নিয়োগপত্র পাই তখন আমার বন্ধু-বান্ধবরা কাজে যোগদান করতে নিষেধ করেছিল। কারণ হিসেবে তারা বলেছিল রিলিফের কাজ শেষ, চাকুরিও শেষ। বড় জোর ৩-৪ মাস রিলিফ কাজ চলতে পারে। তারপরেই ব্র্যাক বন্ধ হয়ে যাবে।

ব্র্যাক আমার বন্ধুদের ভবিষ্যৎ বাণী নাকচ করে দিয়ে এ বছর সুবর্ণজয়ন্তী পালন করছে। আশা করি, পৃথিবীতে যতদিন মানব জাতি থাকবে ততদিন ব্র্যাক তার কার্যক্রম চালিয়ে যাবে। রিলিফ থেকে উন্নয়ন কার্যক্রম শুরু করলে ব্র্যাকের নাম হয় 'বাংলাদেশ রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি'। সেখান থেকে উত্তরণ ঘটিয়ে এখন 'ব্র্যাক' নামে পরিচিত এবং এটি একটি সফল প্রতিষ্ঠান। এটি সম্ভব হলো কীভাবে?

আমার মনে হয়, এটি সম্ভব হয়েছে আবেদনভাইয়ের দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব, সুষ্ঠু ব্যবস্থাপনা, জীবনদর্শন, দারিদ্র্য বিমোচনে দৃঢ় প্রত্যয়, জনগণের প্রতি গভীর ভালোবাসা ও সৃজনশীলতার কারণে। তাই তো দেখেছি তিনি সবসময় চিন্তা করতেন কীভাবে এদেশের দারিদ্র্য দূর করা যায়। ব্র্যাক ছিল তাঁর ধ্যান ও জ্ঞান। ব্র্যাক ছাড়া তিনি অন্য কিছু চিন্তা করতেন বলে মনে হয় না। তাই ব্র্যাক সম্পর্কে বলতে গেলে আবেদনভাই সম্পর্কে বলতে হবে, আবার আবেদনভাই সম্পর্কে বলতে গেলে ব্র্যাক সম্পর্কে বলতে হবে।

আবেদনভাই ব্রাজিলিয়ান শিক্ষাবিদ পাওলো ফ্রেইরির দর্শনে বিশ্বাসী ছিলেন। দর্শনটি হলো দরিদ্র জনগোষ্ঠীর অবস্থার পরিবর্তন ঘটাতে হলে দরিদ্র জনগণকে মুখ্য ভূমিকায় রাখতে হবে। জনগণই তার অবস্থার পরিবর্তন ঘটানোর ব্যাপারে সক্রিয় ভূমিকা রাখবে। উন্নয়ন কর্মীর কাজ হলো জনগণের দ্বারপ্রান্তে যাওয়া, তার সমস্যাগুলো শোনা ও জানা এবং জনগণকে সঙ্গে নিয়ে সেসব সমস্যা সমাধান করা। আবেদনভাই গভীরভাবে বিশ্বাস করতেন যে, জনগণের সমস্যা বুঝতে হলে, জনগণের আস্থাভাজন হতে হলে, তাদেরকে সক্রিয়



অংশগ্রহণ করাতে হলে তাদের দ্বারপ্রান্তে যেতে হবে। আলাপ আলোচনার মাধ্যমে তাদেরকে ভালোভাবে চিনতে, জানতে ও বুঝতে হবে। তাদের ভালোবাসার আসনে নিজেদের বসাতে হবে। সমস্যা চিহ্নিতকরণ ও তার সমাধান উভয়ক্ষেত্রেই জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

এবার আবেদ ভাইয়ের দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব প্রসঙ্গে দুয়েকটি কথা বলতে চাই। ১৯৭০-এর দশকে শাল্লায় শিক্ষিতের হার ছিল নগণ্য। ফলে পরিবার পরিকল্পনার কর্মসূচি বাস্তবায়ন করতে কর্মীদের একই বাড়িতে অনেকবার যেতে হতো। এ অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য আমরা ১৯৭৭ সালে আবেদভাইকে শিশুদের শিক্ষা কর্মসূচি চালু করার অনুরোধ করি। তিনি বললেন, শিশুদের শিক্ষা কর্মসূচি চালু করার জন্য দাতাগোষ্ঠী থেকে যে তহবিল সংগ্রহ করতে হবে, তা এই মুহূর্তে পাওয়া সম্ভব নয়। শিশুদের শিক্ষা কর্মসূচি চালু করা সম্ভব হবে নব্বইয়ের দশকে। এখানে বলে রাখা ভালো যে, তিনি পরবর্তীতে ১৯৮৫ সালে শিশুদের জন্য শিক্ষা কর্মসূচি 'নন ফরমাল প্রাইমারি এডুকেশন' চালু করেন। এ সময় তিনি আমাদের বলেছিলেন, তোমরা যদি শিক্ষা কর্মসূচির ওপর কাজ করতে চাও, তাহলে স্বাস্থ্যশিক্ষা কর্মসূচি নিয়ে চিন্তা কর। এরই প্রেক্ষিতে ব্র্যাক ১৯৮০ সালে 'ওটপ' নামে স্বাস্থ্যশিক্ষা কর্মসূচির ওপর ব্র্যাক এক জাতীয় কর্মসূচি হাতে নেয়।

ওটপ যেহেতু জাতীয় কর্মসূচি এবং তা বাস্তবায়ন করার জন্য প্রয়োজন প্রচুর লোকবল, তাই ১৯৮০ সালের দিকে আবেদভাই বলতেন উন্নয়ন কর্মসূচির এত ম্যানেজার সরবরাহ করতে হলে ব্র্যাকের একটি বিশ্ববিদ্যালয় দরকার। ব্র্যাক বিশ্ববিদ্যালয় তিনি প্রতিষ্ঠা করেন ২০০১ সালে।

১৯৯০-এর দিকে আবেদভাই বলতেন, তাঁর একটি কমার্শিয়াল ব্যাংক দরকার। কারণ যারা ক্ষুদ্রঋণ নিচ্ছে তারা যখন তাদের আর্থিক অবস্থার উন্নতি ঘটাবে, তখন তারা ক্ষুদ্র ব্যবসায়ী হবে। তখন তাদের মূলধনের চাহিদা বেড়ে যাবে। ব্র্যাক তাদের চাহিদামতো মূলধন সরবরাহ করতে পারবে না। ফলে প্রয়োজন একটি ব্যাংক। আবেদ ভাই ব্র্যাক ব্যাংকও প্রতিষ্ঠা করেন ২০০১ সালে। আবেদভাইয়ের কাছে গেলে প্রায়ই বলতেন, বর্তমানের সঙ্গেসঙ্গে আগামী ১০-১৫ বছরে বিশ্বে এবং বাংলাদেশে কী ধরনের পরিবর্তন আসবে সেগুলো নিয়েও চিন্তাভাবনা করা উচিত। কারণ পরিবর্তনগুলোর ওপর নির্ভর করে পূর্বেই ব্র্যাক তার কর্মসূচির পরিবর্তন ও পরিবর্ধন করার প্রস্তুতি নিতে পারবে এবং কর্মীদের সেভাবে দক্ষ করে তুলতে পারবে। এভাবে করা গেলে ব্র্যাক আগামীতে যে কোনো প্রতিদ্বন্দ্বিতায় টিকে থাকতে পারবে।

আবেদভাইয়ের সৃজনশীলতার পরিচয় ব্র্যাকের প্রতিটি অঙ্গসংগঠন ও প্রতিটি কর্মসূচির পরতে পরতে জড়িয়ে আছে। এই উদ্ভাবনী

শক্তির জোরেই আবেদনভাই ব্র্যাককে এত বড় পরিসরে নিয়ে যেতে পেরেছেন। তাঁর উদ্ভাবনীমূলক চিন্তাভাবনা থেকে কর্মসূচির নতুন নতুন আঙ্গিক যুক্ত হয়েছে এবং কর্মসূচির পরিধি বিস্তার লাভ করেছে। যেমন দারিদ্র্য বিমোচনে দরকার আয় বৃদ্ধি। আয় বৃদ্ধির জন্য দরকার কর্মসংস্থান। শুরু হলো মুরগি পালন। মুরগি পালনে দেখা গেল একদিন বয়সী যে বাচ্চা লাগে তা বাজারে কিনতে পাওয়া যায় না। তখন আবেদনভাই শুরু করলেন পোলট্রি হ্যাচারি। হ্যাচারির পর দেখা গেল হ্যাচারিতে যে পরিমাণ বাচ্চা উৎপাদন হয়, সেই পরিমাণ বাচ্চার খাবার বাজারে পাওয়া যায় না। তখন তিনি শুরু করলেন ফিড মিল। ফিড মিল করার পর দেখা গেল ফিড তৈরিতে যে পরিমাণ কাঁচামাল বিশেষ করে ভুট্টা দরকার, তা বাজারে পাওয়া যায় না। তখন শুরু করলেন ভুট্টা চাষ। এভাবে যদি আমরা বিশ্লেষণ করি তাহলে দেখব প্রতিটি কর্মসূচি বা কার্যক্রমের বিস্তৃতি ঘটেছে উদ্ভূত সমস্যার সমাধান কীভাবে করা যায়, তার পথ খুঁজতে গিয়ে।

দারিদ্র্য বিমোচনে আবেদনভাই যে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন তার একটি ছোট উদাহরণ আপনাদের সামনে তুলে ধরতে চাই। ২০১৯ সালের ২রা অক্টোবর আমি, সাব্বির ভাই, কৈরী ও শিপা হাফিজা অসুস্থ আবেদনভাইকে দেখতে তাঁর বাসায় যাই। তিনি প্রায় ঘণ্টা খানেক শাল্লা প্রকল্পের বিভিন্ন ঘটনা এবং উন্নয়নের অনেক বিষয় নিয়ে আলাপ করলেন। একটা পর্যায়ে তিনি বললেন, ‘দেখো এতদিন এনজিও সেক্টরে সরকার, দাতাগোষ্ঠী, মৌলবাদী সংগঠন ইত্যাদি থেকে মাঝে মাঝে যে সব ঝড়ঝাড়া আসত তা আমি সামাল দিয়েছি। আমি তো চলে যাচ্ছি। এখন এটা তোমাদের সামাল দিতে হবে। তোমরা এনজিও সেক্টরের সকল নেটওয়ার্ক সংগঠনগুলো যেমন : এডাব, এফএনবি, সিডিএফ, ক্যাম্পে সব একীভূত করে একটি শক্তিশালী সংগঠন তৈরি কর, যাতে যে কোনো সমস্যা বা বাধা এলে তোমরা একত্রিত হয়ে তা মোকাবিলা করতে পার।’ তারপরেই তিনি উঠে গেলেন এবং যাওয়ার সময় ভাবীকে জিজ্ঞাসা করলেন, ডাক্তারের মতে আমার আর কয়দিন যেন বাকি আছে? এরপর ২০শে ডিসেম্বর ২০১৯ তিনি আমাদের ছেড়ে পরপারে চলে গেলেন।

ব্র্যাকের সাফল্যের পেছনে বড় ভূমিকা পালন করেছেন আবেদনভাই। তার সঙ্গে জড়িয়ে রয়েছে হাজার হাজার সাবেক ও বর্তমান নিবেদিতপ্রাণ কর্মীর মেধা, শ্রম, ত্যাগ-তিতিক্ষা। ব্র্যাকের শুরুর দিকে যেসব কর্মী ব্র্যাকে যোগদান করেছিলেন, তারা সকলেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মুক্তিযুদ্ধের সঙ্গে জড়িত ছিলেন। দেশ স্বাধীন হওয়ার পর তারা দেশ গড়ার কাজে নিজেদেরকে নিয়োজিত করার জন্য একটি প্ল্যাটফর্মের সন্ধানে ছিল। ব্র্যাক নামক সংগঠনটি তাদের সে সুযোগ করে দেয় এবং তারাও আবেদনভাইয়ের নেতৃত্বে তাঁর স্বপ্নপূরণের লক্ষ্যে জানপ্রাণ দিয়ে কাজ করে গেছে। আবেদনভাই মনেপ্রাণে বিশ্বাস করতেন যে, একটি সংগঠনের মূলশক্তি হচ্ছে তার

কর্মীরা। তাই তিনি কর্মীদের সুদক্ষ হিসেবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, এক্সপোজার ভিজিট ও উচ্চশিক্ষার সুযোগ করে দিয়েছেন। এ সংক্রান্ত ব্যয়কে তিনি ব্যয় হিসেবে গণ্য করেন নি। তিনি মনে করতেন, এগুলো উন্নয়ন কর্মসূচি থেকে ভালো ফল পাওয়ার জন্য বিনিয়োগ।

ব্যবস্থাপনার ব্যাপারে তিনি সব বিষয়ে খবর রাখার চেষ্টা করতেন, এমনকি কর্মসূচির খুঁটিনাটি বিষয়েও জানতে চাইতেন। কাউকে দায়িত্ব দিয়ে তিনি বসে থাকতেন না, বরং সে ওই দায়িত্ব ঠিকমতো পালন করেছে কিনা সে ব্যাপারে ফলোআপ করতেন।

এতক্ষণ কিছুটা আলাপ করলাম আবেদনভাইয়ের নেতৃত্বে ব্র্যাক কীভাবে একটি সফল প্রতিষ্ঠানে রূপান্তরিত হলো সে বিষয়ে। এবার সংক্ষেপে ব্র্যাকের একটি সফল কর্মসূচি সম্পর্কে আলোচনা করতে চাই। কর্মসূচির নাম ছিল ‘ওটপ’। এটি ব্র্যাকের একটি জাতীয় কর্মসূচি ছিল। কর্মসূচি চলে ১৯৮০-১৯৯০ সাল পর্যন্ত। ১৯৭৮ সালে বাংলাদেশে শিশুমৃত্যুর হার ছিল হাজারে ১৯৯। যে সকল কারণে শিশুমৃত্যু বেশি ছিল তা হলো-ডায়রিয়া, নিউমোনিয়া, হাম, ধনুষ্টংকার ও অপুষ্টি।

১৯৭৮ সালের শেষের দিকে শাল্লা প্রকল্পের মাসিক সভায় আবেদনভাই ইচ্ছা প্রকাশ করলেন যে, বাংলাদেশে শিশুমৃত্যুর হার কমাতে হলে ব্র্যাকের ডায়রিয়ার ওপর কাজ করা উচিত। তিনি সকল ম্যানেজারদের এ ব্যাপারে চিন্তাভাবনা করতে বললেন এবং এও বললেন যে, আগামী মাসের প্রকল্প সভাতে এ ব্যাপারে তিনি বিস্তারিত আলাপ আলোচনা করবেন। পরবর্তী মাসিক সভাতে বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত হয় যে, ডায়রিয়ার ওপর শিক্ষামূলক প্রকল্প গ্রহণ করা হবে। শিক্ষার বিষয়বস্তু কী হবে তা ঠিক করার দায়িত্ব দেওয়া হলো একজন ডাক্তারকে। কাদের শিক্ষা দিতে হবে? এ ব্যাপারে সিদ্ধান্ত হয় যেহেতু শিশুদের অসুখবিসুখে মায়েরা বেশি যত্ন নেয়, ফলে শেখাতে হবে মহিলাদের। কারা শিক্ষা দেবে? যেহেতু শেখাতে হবে মহিলাদের ফলে সিদ্ধান্ত হয় শেখাবে মহিলা কর্মীরা। শেখানোর পদ্ধতি কী হবে? এ ব্যাপারে সিদ্ধান্ত হয় যে, মহিলা কর্মী প্রতিটি বাড়িতে গিয়ে একজন মহিলাকে ডায়রিয়ার বিষয়বস্তুগুলোর ওপর শিক্ষা দেবে।

এখানে একটি বিষয় লক্ষ্যণীয়, স্বল্পদৃষ্টা হচ্ছেন আবেদনভাই। তিনি কোনো কিছুই জোর করে কর্মীদের ওপর চাপিয়ে দেন নি। মার্ঠপর্যায়ের কর্মীদের অংশগ্রহণের মাধ্যমেই সকল সিদ্ধান্ত গ্রহণ করেছেন। যে কোনো কর্মসূচি বা সিদ্ধান্ত গ্রহণে এটি অবশ্য পালনীয়।

সবকিছু সম্পন্ন হওয়ার পর ১৯৭৯ সালের ফেব্রুয়ারি মাসে শাল্লা প্রকল্পের হরিনগর ও আনন্দপুর গ্রামে ১৫০টি পরিবারকে শেখানো হয়। এটি ছিল ছোট আকারের একটি পরীক্ষামূলক কাজ। কারণ



শিক্ষা ছিল যে, গ্রামের মহিলারা যেহেতু শিক্ষিত নয় ফলে তারা এ শিক্ষা মনে রাখতে পারবে কিনা? ফলাফল সন্তোষজনক হওয়াতে ১৯৭৯ সালের জুলাই মাস থেকে মে '৮০ পর্যন্ত বড় আকারের আরেকটি পরীক্ষামূলক কার্যক্রম হাতে নেওয়া হয়। এই এক বছরে শেখানোর বিষয়বস্তু, শেখানোর পদ্ধতি, দিনে কর্মী কতজনকে শিক্ষা দিতে পারবে, মনিটরিং কীভাবে করা হবে, মহিলাকর্মীদের বেতন কীভাবে নির্ধারিত হবে, মায়েদের ছাড়া আর কাউকে শিক্ষা দিতে হবে কিনা ইত্যাদির ওপর পরীক্ষা-নিরীক্ষা করা হয়। পরীক্ষা-নিরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে কর্মসূচির পরিবর্তন ও পরিবর্ধন করা হয়। ওটেক কর্মসূচি সফল হওয়ার পেছনে যে বিষয়গুলো কাজ করেছিল তা হলো :

পরিকল্পনা : কর্মসূচির প্রথম ধাপ ছিল ৩ বছরের। দ্বিতীয় ধাপ ছিল ৩ বছরের এবং তৃতীয় ধাপ ছিল ৪ বছরের। প্রতিটি ধাপের শুরুতেই পুরো সময়ের পরিকল্পনা করা হতো। পরিকল্পনাতে থাকত কোন্ জেলায় কখন কর্মসূচি শুরু হবে এবং কর্মসূচি বাস্তবায়নের জন্য কতজন টিম লিডার ও মহিলা কর্মী লাগবে। ওটেকের জেলা পর্যায়ের অফিসে এই পরিকল্পনা একেবারে ইউনিয়ন পর্যায় পর্যন্ত করা হতো। পরিকল্পনা পূর্বেই করে রাখার ফলে সঠিক সময়ে প্রয়োজনীয়সংখ্যক টিম লিডার ও মহিলাকর্মী সরবরাহ করা সম্ভব হয়েছে এবং কর্মসূচি সঠিক সময়ে শেষ হয়েছে।

মহিলাকর্মীদের কাজের গুণগত মানের ওপর বেতন নির্ধারণ :

ওআরডব্লিউ বা মহিলাকর্মীদের বেতন নির্ধারিত হতো তাদের কাজের ওপর। মহিলাকর্মীরা যে সকল মায়েদের শিক্ষা দিত, তা একমাস পর মনিটরিং করা হতো। মনিটরিংয়ের উদ্দেশ্য ছিল মায়েদের শেখানো ১০টি পয়েন্টের ওপর জ্ঞান ও লবণ গুড়ের স্যালাইন নির্ভুলভাবে বানাতে পারে কিনা তা যাচাই করা। অর্জিত জ্ঞান ও নির্ভুলভাবে স্যালাইন বানানোর ফলাফলের ওপর ভিত্তি করে এ বি সি ডি এই চারটি গ্রেডে ভাগ করা হতো। গ্রেডের ওপর নির্ভর করে মহিলাকর্মীদের বেতন নির্ধারিত হতো। যেহেতু মহিলাকর্মীদের নির্ধারিত কোনো মাসিক বেতন ছিল না, তাই মহিলাকর্মীরা নিজেরাই সচেষ্টি থাকত যাতে তার শেখানো বার্তা মায়েরা মনে রাখতে পারে এবং নির্ভুলভাবে স্যালাইন বানাতে পারে। এতে করে কাজের গুণমান বজায় রাখা সম্ভব হয়েছে।

মনিটরিং : মনিটরিং ছিল বলে মহিলা কর্মীদের কাজের গুণমান আশানুরূপ হয়েছে এবং গ্রামের মহিলারা সুন্দরভাবে শিক্ষা গ্রহণ করতে পেরেছে। বিশেষ করে সঠিকভাবে লবণ গুড়ের স্যালাইন বানানো। উল্লেখ্য, ব্র্যাকে মনিটরিং বিভাগের জন্ম হয়েছে ওটেক-এর এই মনিটরিংয়ের ধারণা থেকে।

খোলামনে ফিডব্যাক গ্রহণ ও কর্মসূচির উন্নয়ন : কর্মসূচি বাস্তবায়নকালে যখনই কোনো সমস্যা সামনে এসেছে, তা এড়িয়ে না গিয়ে সমাধানের চেষ্টা করা হয়েছে। ফলে কর্মসূচির কলেবর বৃদ্ধি পেয়েছে এবং লবণ গুড়ের স্যালাইনের ব্যবহারও বেড়েছে।





কর্মসূচি বাস্তবায়নকালীন কী ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়েছিল তার কিয়দংশ বর্ণনা করা হলো।

মায়েদের শেখানো : প্রথমদিকে মহিলাকর্মীরা বাড়িতে গিয়ে ডায়রিয়ার ওপর দশটি পয়েন্ট নিজে বলে যেত ও মায়েরা শুনত। বলা শেষে হাতে কলমে লবণ গুড়ের স্যালাইন বানানো শেখাত। এখানে ফিডব্যাক দেওয়া হলো যে, শিক্ষাটা একতরফা হচ্ছে। মায়েদের অংশগ্রহণের কোনো সুযোগ নেই। তখন শেখানোর জন্য ফ্লিপচার্ট বানানো হলো এবং পরবর্তীতে সেই ফ্লিপচার্ট দেখিয়ে মায়েদের শিক্ষা দেওয়া হতো।

স্যালাইন বানানো সহজীকরণ : প্রথমে শেখানো হতো অর্ধমুষ্টির দুই মুষ্টি গুড় ও এক চিমটি লবণ আধা সের পানি মিশিয়ে স্যালাইন বানাতে হবে। মনিটরিংয়ের সময় দেখা গেল অনেক মায়েরা দুই চিমটি লবণ ও এক মুষ্টি গুড় বলে। তখন এই এক আর দুইয়ের সমস্যা কীভাবে সমাধান করা যায়, তা চিন্তা করা হলো। আবেদনভাই নিজের বাড়িতে পুরো এক মুষ্টি গুড় ও এক চিমটি লবণ দিয়ে স্যালাইন বানিয়ে আইসিডিডিআর, বি-তে পরীক্ষা করেন এবং দেখেন প্রয়োজনীয় সকল উপাদান সঠিকভাবে আছে। তারপর থেকে শেখানো শুরু হলো এক মুষ্টি গুড় ও এক চিমটি লবণ।

স্যালাইনের ব্যবহার বৃদ্ধি : প্রথমে ধারণা ছিল মহিলাকর্মীরা মায়েদের ডায়রিয়ার ওপর শিক্ষা দিয়ে এলে বাড়িতে কারও ডায়রিয়া হলে মহিলারা তা ব্যবহার করবে। কিন্তু দেখা গেল পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থায় পুরুষদের সহায়তা ছাড়া মহিলারা লবণ গুড়ের স্যালাইন ব্যবহার করতে পারে না। তাই পরবর্তী সময়ে পুরুষ, ফুলের ছাত্রছাত্রী, ডাক্তার এবং মসজিদের ইমামদের ডায়রিয়ার ওপর শিক্ষা দেওয়া হয়। এগুলো করার ফলে লবণ গুড়ের স্যালাইনের ব্যবহার এবং ওটোপ কর্মসূচির কলেবর বৃদ্ধি পায়। প্রথমদিকে শুধুমাত্র মায়েদের শেখানোর ফলে স্যালাইনের ব্যবহার ছিল ৬%। পুরুষদের শিক্ষা দেওয়া শুরু করলে ব্যবহার বেড়ে দাঁড়ায় ১৮%। তারপর কর্মসূচি চলাকালীন সময়ে তা বেড়ে দাঁড়ায় ৪০%। প্রথমে ওটোপের পুরুষ কর্মীদের মহিলাকর্মীদের গ্রামে পৌঁছানো ছাড়া আর বিশেষ কোনো কাজ ছিল না। কিন্তু পরবর্তীতে পুরুষদের শেখানোর দায়িত্ব পাওয়ার পর পুরুষ কর্মীরাও বেশ ব্যস্ত হয়ে পড়ে। বর্তমানে ৯৫% লোক ডায়রিয়া সম্পর্কে সচেতন এবং ৯০% লোক ডায়রিয়া হলে মুখে খাওয়ার স্যালাইন ব্যবহার করে। মুখে খাওয়ার স্যালাইন ব্যবহারে বাংলাদেশ বিশ্বে প্রথম স্থানে আছে।

গ্রামে মহিলাকর্মী দ্বারা স্যালাইন টেস্ট করা : গ্রামে অনেক ঘরে অনেক সময় গুড় পাওয়া যেত না। তাই মহিলাকর্মীরা তাদের সঙ্গে করে গুড় নিয়ে যেত। স্যালাইন বানানোর সময় মহিলাকর্মীদের গুড় মায়েরা হাতের মুষ্টিতে নিত। কোনো কোনো এলাকায় গ্রামের লোকেরা রটিয়ে দেয় যে, এ গুড়ের ভেতর পবিরার পরিকল্পনার

ওষুধ আছে এবং হাতের মধ্যে দিয়ে তা মহিলাদের দেহে ঢুকছে। ফলে আগামীতে আর কোনো সন্তানাদি হবে না। তখন সিদ্ধান্ত নেওয়া হলো বিশ্বাস স্থাপনের জন্য বানানো স্যালাইন মহিলাকর্মীরা মায়েদের সামনে মুখে নিয়ে টেস্ট করবে।

এ ধরনের বহু উদাহরণ আছে যেখানে ফিডব্যাক পাওয়ার পর কর্মসূচির পরিবর্তন বা পরিবর্ধন করা হয়েছে। তবে এই পরিবর্তন ও পরিবর্ধনের ব্যাপারে বেশি ফিডব্যাক পাওয়া গেছে ব্র্যাকের গবেষণা বিভাগ থেকে। গবেষণা বিভাগের কর্মীরা ওটোপ কর্মসূচির কাজ দেখতে মাঠ পর্যায়ে গেছে এবং মাঠ থেকে ফিরে এসে তারা তাদের মতামত ওটোপের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে পেশ করেছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পেশকৃত মতামত কর্মীদের সঙ্গে আলোচনার মাধ্যমে কর্মসূচির পরিবর্তন ও পরিবর্ধন করেছে। এ প্রসঙ্গে বিশেষভাবে অবদান রেখেছেন আমাদের মোশতাক ভাই (আহমদ মোশতাক রাজা চৌধুরী)। তিনি তখন গবেষণা ও মূল্যায়ন বিভাগের প্রধান ছিলেন।

ওটোপ ছিল একটি সফল কর্মসূচি। ওটোপ-ই ব্র্যাককে দেশে এবং বিদেশে ব্যাপক পরিচিতি এনে দিয়েছে। ওটোপ বাংলাদেশে ডায়রিয়া হলেই মুখে খাওয়ার স্যালাইন খাওয়ার ব্যাপারে জনগণকে সচেতন করেছে এবং মুখে খাওয়ার স্যালাইন ব্যবহারের ফলে বাংলাদেশে শিশুমৃত্যুর হার কমে গেছে। ১৯৭৯ সালে বাংলাদেশে শিশুমৃত্যুর হার ছিল ১৯৯, ২০১৯-এ তা কমে হয়েছে ৩১। ওটোপ কর্মসূচি চালানোর ফলে ডায়রিয়া হলে মুখে খাওয়ার স্যালাইন খাওয়ানো আমাদের সংস্কৃতির একটি অংশ হয়ে গেছে। ওটোপ কর্মসূচি ব্র্যাকের সাংগঠনিক শক্তি বাড়িয়েছে এবং ব্র্যাককে এই আত্মবিশ্বাসে বলীয়ান করেছে যে, ব্র্যাক যে কোনো জাতীয় কর্মসূচি বাস্তবায়ন করতে সক্ষম। ওটোপ সরকার ও দাতাগোষ্ঠীর কাছে ব্র্যাকের গ্রহণযোগ্যতা বাড়িয়েছে। পরিশেষে বলতে চাই, ওটোপ কর্মসূচি বাস্তবায়নের পর ব্র্যাক ও আবেদনভাইকে পেছনের দিকে ফিরে তাকাতে হয়নি। এরপর ব্র্যাক সামনের দিকে এগিয়ে গেছে এবং দেশের গণ্ডি পেরিয়ে বিদেশেও দারিদ্র্য বিমোচনের কাজে নিয়োজিত হয়েছে। বিশ্বব্যাপী পরিচিত একজন উন্নয়ন গুরু আবেদনভাইয়ের নেতৃত্বে একটি সফল প্রতিষ্ঠান ব্র্যাক ও তার একটি সফল কর্মসূচি ওটোপ-এ কাজ করার সুযোগ পেয়ে আমি নিজেকে সৌভাগ্যবান মনে করি।

আশা করি, শুধু পঞ্চাশ বছর নয়, ব্র্যাক যুগ যুগ ধরে টিকে থাকবে এবং দারিদ্র্য বিমোচনে ও মানব সেবায় সর্বদা নিয়োজিত থাকবে।

সুখেন্দ্র কুমার সরকার

সাবেক পরিচালক-ব্র্যাক ও সাবেক ট্রেজারার-ব্র্যাক ইউনিভার্সিটি

ব্র্যাকের সফলতার ভেতরের গল্প

শিব নারায়ণ কৈরী

আমি ব্র্যাকে ৩৮ বছর কাজ করেছি। ব্র্যাকের সফলতার মূল কারণগুলো নিয়ে আমার ভাবনাগুলো হলো :

সুশৃঙ্খল ও নিবেদিত কর্মীবাহিনী

আমি ব্র্যাকে যোগদান করি ১লা এপ্রিল ১৯৮২। একমাস পর প্রধান হিসাবরক্ষক বললেন, ঢাকায় থেকে কাজ করেন, যখন প্রয়োজন হবে তখন মাঠ কার্যালয়ে পোস্টিং দেওয়া হবে। একদিন আমাকে বলা হলো মাঠ কার্যালয় থেকে বিল ভাউচার বুঝে নিয়ে আসতে। আমাকে দিরাই ও সুনামগঞ্জ অফিসে যেতে হবে। যদিও আমার বাড়ি হবিগঞ্জ কিন্তু কখনও সুনামগঞ্জ যাইনি। ঢাকা থেকে বাসে সিলেট গেলাম। এরপর সিলেট থেকে বাসে সুনামগঞ্জের জয়কলস, সেখান থেকে লঞ্চের দিরাই। দিরাই পৌঁছতে সন্ধ্যা হলো। তখন জুলাই মাস। অফিসের চতুর্দিকে পানি। অফিস বলতে কতগুলো টিনের ঘর। কোনো লোকজনের সাড়াশব্দ নেই। কী করব ভাবতে পারছি না। ফিরে আসারও সুযোগ নেই। কারণ সন্ধ্যার পর লঞ্চ পাওয়া যায় না।

আধঘণ্টা পর একজনকে হারিকেন নিয়ে এগিয়ে আসতে দেখলাম। কাছে এসে গম্ভীর গলায় জিজ্ঞেস করলেন, তুমি কে? সেই মুহূর্তে আমি ভয়ে ঈশ্বরকে ডাকছি আর ভাবছি, ডাকাতের কবলে পড়লাম না তো? আবার জিজ্ঞেস করলেন, কে তুমি? ভয়ে ভয়ে বললাম, আমি ব্র্যাকে কাজ করি, ঢাকা থেকে এসেছি। এই কথা বলার সঙ্গেসঙ্গে তিনি আদাব দিলেন এবং বললেন, বাবু ভেতরে এসো। ঘরের তালা খুলে আমাকে বসতে বললেন। কিন্তু তখনও আমার ভয় কাটেনি। বললেন, আজ কেউ অফিসে আসবে না, কাল সবাই আসবে। তুমি এখানেই থাক, আমি খাবারের ব্যবস্থা করি। এ কথা বলে তিনি বের হয়ে গেলেন।

আমি যে ঘরে আছি তার পাশেই যে রান্নাঘর তা বুঝতে পারলাম হাড়িপাতিলের শব্দে। বেশ কিছুক্ষণ পরে এসে বললেন, খেতে চলো। গিয়ে দেখি শিং মাছের ঝোল ও ভাত। সে যে কী স্বাদ! আজও সেই স্বাদ মুখে লেগে আছে। খাওয়ার পরে ঘরে এসে ভয়ে আর ঘুম আসছে না। চতুর্দিকে পানি। শুনেছি পানিতে সাপ থাকে। আমি তার ঘরে গিয়ে বললাম, ভয় করছে। জিজ্ঞেস করলাম, দাদা আপনার নাম? কী বলে সম্বোধন করব? তিনি বললেন,

গণেশ। আমি বললাম, আপনাকে গণেশ দা বলে ডাকব। বললেন, ঠিক আছে। বললাম, গণেশ দা আমি তো এরকম পানির দেশে কখনও থাকি নি। গণেশ দা বললেন, ভয় নেই। এমনিতে কোনো সমস্যা নেই। মাঝে মাঝে পেট্রিরা মাছ ধরতে আসে। তবে ব্র্যাকের লোকজনকে কিছু করে না। আমি আরও ভয় পেয়ে গেলাম। জিজ্ঞেস করলাম, তারা কীভাবে চিনবে যে, আমি ব্র্যাককর্মী। কারণ আমার তো এখনও ব্র্যাকের আইডি কার্ড হয়নি। গণেশ দা বললেন, আমি তো আছি। কোনো অসুবিধা নেই। আমি দরজা বন্ধ করে শুয়ে পড়লাম এবং ঘুমিয়ে গেলাম।

খুব ভোরে যখন ঘুম ভাঙল, দেখি দরজার বাইরে আলো দেখা যাচ্ছে। বেড়ার ফাঁক দিয়ে দেখি গণেশ দা হারিকেন নিয়ে বসে আছেন। দরজা খুলে তাকে বললাম, আপনি কেন বসে আছেন? রাতে ঘুমোন নি? তিনি বললেন, তুমি না বললে ভয় করছে। তাই দরজার সামনে বসে সারারাত তোমাকে পাহারা দিলাম। আমি আশ্চর্য হয়ে গেলাম! এ কী করে সম্ভব? আমাকে পাহারা দেওয়ার জন্য একজন অচেনা মানুষ সারারাত বসে কাটিয়ে দিল! আজও সে কথা মনে হলে গণেশ দা'র মতো মানুষদের প্রতি শ্রদ্ধায় মাথা নত হয়ে আসে। সেদিনই সিদ্ধান্ত নিলাম যতদিন পারি ব্র্যাকে কাজ করব। একজন কর্মীর প্রতি আরেকজন কর্মীর এত মমত্ববোধ! কী গভীর ভালোবাসা! এরকম গভীর ভালোবাসা ও মমত্ববোধ লক্ষ্যধিক ব্র্যাককর্মীকে একই পরিবারভুক্ত করেছে। এজন্যই আমরা ব্র্যাক পরিবার।

গণেশ দা অনেকদিন ব্র্যাকে কাজ করেছেন। নব্বই দশকের শুরু দিকে ব্র্যাক দিরাই অফিস বন্ধ করে দেওয়া হয়। তিন বছর পর যখন আবার দিরাই অফিস চালু হয়, তখন দেখা গেল বন্ধের সময়ে গণেশ দা বিনাবেতনে অফিস পাহারা দিয়েছেন। ভাবা যায়? তাকে জিজ্ঞেস করেছিলাম, কেন এরকম করলেন? বললেন, আমি না থাকলে ব্র্যাকের ঘরবাড়ি, গাছপালা সব নষ্ট হয়ে যেত। ওই সময়টাতে তিনি মাছ ধরে জীবিকা নির্বাহ করেছেন এবং ব্র্যাকের সম্পদ পাহারা দিয়েছেন।

গণেশ দা'র মতো হাজার হাজার নিবেদিতপ্রাণ কর্মীর জন্যই ব্র্যাক ও আবেদভাই সফল হয়েছেন। ব্র্যাকের কর্মীরা শুধুমাত্র হাত বা

মাথা খাটিয়ে কাজ করে নি, তারা হৃদয় দিয়েও কাজ করেছে। আবেদনভাই সবসময় এসব কাজের মূল্যায়ন করতেন। পে-স্কেল নির্ধারণের সময় সর্বস্তরের কর্মীদের দিকে খেয়াল রাখতেন। আমাদেরকে বলতেন, কর্মীদের বেতনভাতা প্রদানের ক্ষেত্রে এক দিনও যেন দেবী না হয়। গত পঞ্চাশ বছরের কর্মীরা নির্ধারিত তারিখেই বেতন পেয়েছে। আশির দশকের শেষদিকে ব্র্যাকের অর্থসঙ্কট হয়েছিল। ওই সময় আবেদনভাই তাঁর নিজের ফিক্সড ডিপোজিট ব্যাংকে বন্ধক রেখে অর্থ জোগাড় করে ব্র্যাককর্মীদের সময়মতো বেতন প্রদান নিশ্চিত করেছিলেন।

আবেদনভাইয়ের অনন্য ব্যবস্থাপনা

ব্র্যাকের সকল মাঠকর্মী প্রতিটি গ্রাম সংগঠনে সপ্তাহে একদিন মিটিং করতেন। মিটিংয়ে সংগঠনের সদস্যদের সামাজিক ও অর্থনৈতিক সকল ধরনের সমস্যা এবং সমাধানের উপায় নিয়ে আলোচনা হতো। আবার প্রতিটি শাখায় সপ্তাহের শেষদিন মিটিং করে একইভাবে সিদ্ধান্ত নেওয়া হতো। এই বিষয়গুলো আঞ্চলিক কার্যালয়ের মাসিক মিটিংয়ে আলোচনা হতো। আঞ্চলিক ব্যবস্থাপক প্রধান কার্যালয়ের মাসিক মিটিংয়ে তা তুলে ধরতেন। এভাবে প্রধান কার্যালয়ের সঙ্গে প্রতিটি গ্রামসংগঠনের সদস্যদের যোগাযোগ থাকত। আবেদনভাই গ্রামে কী হচ্ছে, অসুবিধা কী এবং কীভাবে সমাধান করা হচ্ছে সবই জানতে পারতেন।

আবেদনভাই প্রতিটি কর্মসূচির উদ্ভাবন, পরিকল্পনা ও উন্নয়নে অনেক সময় দিতেন। একটি উদাহরণ দিলেই বিষয়টি পরিষ্কার হবে। ১৯৮৫ সালে পাইলট কর্মসূচি হিসেবে ২২টি স্কুল নিয়ে উপআনুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় কার্যক্রম শুরু হয়। একজন ছাত্রের লেখাপড়ার জন্য প্রতিমাসে কয়টি প্লেট ও পেন্সিল, কয়টি কাঠ পেন্সিল এবং কয়টি খাতা প্রয়োজন হবে সে বিষয়ে আবেদনভাই প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে যাচাই করে দেখতে বলতেন। একজন শিক্ষার্থী প্লেট পেন্সিলের শেষ অংশটুকু ফেরত দিলে তাকে আরেকটি দেওয়া হতো। এর ফলে মাসের শেষে কী পরিমাণ পেন্সিল প্রয়োজন তা বের করা সহজ হতো। একদিন আবেদনভাইকে বললাম, এত ছোট ছোট বিষয় হিসাব করে কী হবে? এটা তো ব্যয়সাশ্রয়ী হবে না। আবেদনভাই বললেন, পাইলট করার সময় এগুলো হিসাব হয়ে গেলে পরে আর হিসাব রাখার প্রয়োজন নেই। বাজেট প্রণয়নের সময় আমরা ঠিকমতো হিসাব করতে পারব যে, একজন শিক্ষার্থীর কয়টি পেন্সিল প্রয়োজন। এভাবে প্রতিটি বিষয় আবেদনভাই চিন্তা করে সকলকে চিন্তা করতে উদ্বুদ্ধ করতেন। ২২টি স্কুল থেকে এক সময় ব্র্যাক ৬২ হাজার স্কুল পরিচালনা করেছে!

আর্থিক স্বচ্ছলতা এবং দক্ষতা যে কোনো সংস্থার স্বাবলম্বী হওয়ার জন্য খুব গুরুত্বপূর্ণ। ব্র্যাকের জন্মলগ্ন থেকে আবেদনভাই এ ব্যাপারে খুবই সচেতন ছিলেন। আর্থিক অনিয়মের ক্ষেত্রে ‘জিরো টলারেন্স’ নীতি অবলম্বন করা হয়। ব্র্যাকের কার্যক্রম শুরু করেন আবেদনভাই

নিজের অর্থ দিয়ে। নিজের অর্থ দিয়ে শুরু করলেও তিনি প্রথম দিন থেকেই হিসাবের খাতা যথাযথভাবে সংরক্ষণ করেছেন। ব্র্যাকের শুরু থেকে পরিচালনা পর্ষদ সকল কর্মসূচি পরীক্ষা-নিরীক্ষা করে অনুমোদন দিতেন এবং বছর শেষে অগ্রগতি রিপোর্ট পর্যালোচনা করে চূড়ান্ত অনুমোদন দিতেন। ১৯৭২ সাল থেকে প্রতিবছর বহিঃনিরীক্ষণ কোম্পানির দ্বারা নিরীক্ষা সম্পন্ন করে সরকার ও পরিচালনা পর্ষদের কাছে রিপোর্ট প্রদান করা হতো। এখানে আরেকটি উদাহরণ দেই।

১৯৭২ সালের ১৪ই মার্চ প্রথম পরিচালনা পর্ষদের সভা হয়।

সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

১. প্রথম পরিচালনা পর্ষদ নির্বাচন করা হয়। পর্ষদের নির্বাচিত সদস্যবৃন্দ হলেন-
ফজলে হাসান আবেদ
অধ্যাপক আব্দুর রাজ্জাক
বেগম সুফিয়া কামাল
কাজী ফজলুর রহমান
আকবর কবীর
ভিকারুল ইসলাম চৌধুরী
এস আর হোসেন
২. সর্বসম্মতিক্রমে বেগম সুফিয়া কামাল পরিচালনা পর্ষদের প্রথম চেয়ারপারসন নিযুক্ত হন।
৩. পরিচালনা পর্ষদ মেমোরেন্ডাম ও আর্টিকেল অব অ্যাসোসিয়েশন অনুমোদন করে এবং সোসাইটি রেজিস্ট্রেশন আইনে নিবন্ধন করার জন্য সিদ্ধান্ত নেয়।

১১ই এপ্রিল ১৯৭২ সালে পরিচালনা পর্ষদের দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

১. পুনর্বাঁসন কর্মসূচি ফেজ-১ এর প্রস্তাবনা পর্যালোচনা করে অনুমোদন দেওয়া হয়। এই কর্মসূচি বাস্তবায়নের জন্য অক্সফাম ১ লাখ ৬২ হাজার ৭৪ পাউন্ড প্রদান করবে, যা সভায় অনুমোদন করা হয়।
২. পুনর্বাঁসন কর্মসূচি বাস্তবায়নের জন্য বীজ ক্রয় এবং কৃষকদের মধ্যে বিতরণের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। গরুর অভাবে কৃষকেরা হালচাষ করতে পারছে না, এজন্য পাওয়ার টিলারের মাধ্যমে বিনামূল্যে কৃষকদের জমি চাষ করার ব্যবস্থা করা হবে সিদ্ধান্ত হয়। কৃষকের ফসল ওঠার পর বীজের মূল্য আদায় করা যেতে পারে, যা পরবর্তীতে ঘূর্ণায়মান তহবিল হিসেবে বীজ ক্রয় এবং বিতরণের জন্য ব্যবহৃত হবে।
৩. ফজলে হাসান আবেদ পরিচালনা পর্ষদকে জানান যে,



ব্র্যাকের সূচনালগ্নের পাঁচ কর্মী : বাঁ থেকে আসমা আহমেদ, নাসিম হাই, সৈয়দ জিয়াউদ্দিন হোসেন, খুশী কবীর ও ফজলে হাসান আবেদ
ছবি : ২০০৩ সালে তোলা

- শাল্লা থানায় ইউনিসেফ-এর শিশুখাদ্য বিতরণ কর্মসূচি নেই, তবে ইউনিসেফ ব্র্যাকের মাধ্যমে শাল্লা থানায় শিশুখাদ্য বিতরণের জন্য হাইপ্রোটিন ফুড দেবে। এজন্য একটি ভিলেজ ফিডিং সেন্টার করতে হবে, যার জন্য খরচ হবে ৫ হাজার টাকা। পরিচালনা পর্ষদ এই খরচের অনুমোদন দেয়।
৪. শাল্লা প্রোজেক্ট এলাকায় অতিসম্প্রতি ঘূর্ণিঝড়ে যেসব বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে, তা হাউজিং প্রোজেক্টের আওতায় আনা হবে।
৫. বাঁশ আনতে যেহেতু সময় লাগছে, তাই জরুরিভিত্তিতে বিমাই চা বাগান থেকে পাঁচ লক্ষ বাঁশ (১ হাজার ৫শ টাকা প্রতি লক্ষ বাঁশের মূল্য) ৭ হাজার ৫শ টাকায় ক্রয় করার অনুমোদন দেওয়া হয়।
৬. ব্যাক হিসাব পরিচালনার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা অনুমোদন দেওয়া হয়।

গ্রুপ-এ : পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ

১. কাজী ফজলুর রহমান
২. আকবর কবীর
৩. ভিকারুল ইসলাম চৌধুরী

৪. ফজলে হাসান আবেদ

গ্রুপ-বি : ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ

১. ইকবাল আহমেদ
২. নাসিম হাই
৩. খুশী কবীর
৪. আসমা আহমেদ

শর্ত : গ্রুপ-এ থেকে যে কোনো দু'জন Standard Chartered Bank-এর হিসাব থেকে যে কোনো পরিমাণ অর্থ লেনদেন করতে পারবেন। গ্রুপ-এ থেকে একজন এবং গ্রুপ-বি থেকে একজন, এই দুইজন যৌথভাবে ২০ হাজার টাকা পর্যন্ত লেনদেন করতে পারবেন। তবে গ্রুপ-বি এককভাবে কোনো লেনদেন করতে পারবে না।

ব্র্যাকের শুরু থেকেই আর্থিক স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিত করা হয়েছে। আবেদনভাই সবসময় আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার চেষ্টা করতেন। সে কারণে একটি স্বাবলম্বী প্রতিষ্ঠান হিসেবে ব্র্যাক টিকে আছে।



৬৬ মহাখালীতে নির্মিত ব্র্যাকের প্রথম প্রধান কার্যালয়

আবেদভাই ছিলেন একজন অসাধারণ ব্যবস্থাপক। ব্র্যাকের প্রতিটি কাজের পেছনে ঘণ্টার পর ঘণ্টা সময় দিতেন। আবেদ ভাইয়ের স্মরণ শক্তি ছিল প্রখর। কোনো বিষয় একবার শুনলে বা দেখলে তা কখনই ভুলতেন না। দেশে বা বিদেশে মিটিংয়ের জন্য আবেদ ভাইয়ের কোনো ফাইলপত্র প্রয়োজন হতো না। সবকিছু মাথায় থাকত। আমি একদিন জিজ্ঞেস করলাম, আপনি কী করে এত কিছু মনে রাখেন? বললেন, ‘কোনো চিঠি বা ডকুমেন্ট পাওয়ার সঙ্গেসঙ্গে ভালো করে পড়ে নিও। যদি প্রয়োজনীয় ডকুমেন্ট না হয়, তবে তা ফাইল করার প্রয়োজন নেই। যেহেতু অনেক চিঠি সংরক্ষণ করছ না, সেজন্য তা ভালো করে পড়ার তাগিদ তোমার নিজের ভেতর থেকেই আসবে। এভাবেই মনে থাকবে। ফাইলে সংরক্ষণ করলে মনে হয় পরে পড়ব। কিন্তু কখনও আর পড়া হয় না।’ খেয়াল করেছি, আবেদভাই নিজে যা বলতেন সেটা ঠিকই অনুসরণ করতেন।

আরেকটি উদাহরণ দেই। একবার আড়ং ভবন থেকে কাপড় চুরি হলো। আবেদভাইকে বিষয়টি জানানোর জন্য তৎকালীন আড়ং প্রধান তাঁর রুমে গিয়ে বললেন, গতকাল আড়ংয়ের সাত তলা থেকে কিছু কাপড় চুরি হয়েছে। চোর সেখান থেকে চুরি করা কাপড় রাস্তায় ফেলে দিয়ে নিয়ে গেছে। আবেদভাই বললেন, রাস্তায় কীভাবে ফেলল? আড়ংয়ের ওই দিকের জানালা তো সব সিল করা

অর্থাৎ বন্ধ। তাহলে কি গ্লাস ভেঙে ফেলেছে? আবেদভাই জানেন, বিল্ডিংয়ের কোনদিকের জানালা খোলা আর কোনদিক বন্ধ!

আরেকটি ঘটনার কথা বলি। প্রধান কার্যালয়ের লিফট পরিবর্তন করতে হবে। প্রধান প্রকৌশলী আবেদভাইয়ের কাছে লিফট পরিবর্তনের প্রস্তাব নিয়ে গিয়ে বললেন, এবার আরও দ্রুতগতির লিফট আনতে চাই। কারণ লিফটে ওঠানামার সময় লম্বা লাইন হয়ে যায়। সেজন্য দ্রুতগতির লিফট হলে ভালো হয়। আবেদভাই বললেন, ঠিক আছে। তবে বড় সাইজের লিফট কেনেন। প্রকৌশলী বললেন, বড় সাইজের হলে স্ট্র্যাকচার ভেঙে করতে হবে। আবেদভাই বললেন, স্ট্র্যাকচার ঠিক আছে। বিশ বছর আগে লিফট বসানোর সময় যে স্ট্র্যাকচার ছিল, তার চাইতে ছোট লিফট বসানো হয়েছিল। পরে পরীক্ষা করে প্রকৌশলী দেখলেন, আবেদভাই ঠিকই বলেছেন। আমার বিশ্বাস, আবেদ ভাইয়ের অসাধারণ স্মরণ শক্তি ও মেধা ব্র্যাকের সফলতার অন্যতম কারণ।

শিব নারায়ণ কৈরী

সাবেক সিএফও-ব্র্যাক ও সাবেক ট্রেজারার-ব্র্যাক ইউনিভার্সিটি

ব্র্যাক : দেশের সঙ্গে বেড়ে ওঠা উন্নয়নযোগী

শাইখ সিরাজ

বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করছি আমরা। স্বাধীনতার অর্ধশত বছরে দেশের অর্জনগুলো সামনে তুলে আনছি আমরা। হিসেব করছি কোথা থেকে কোথায় এসেছে বাংলাদেশ। স্বাধীনতার পর যে দেশটির টিকে থাকা সম্পর্কে বিশ্বের অনেক চিন্তক নানা সন্দেহ পোষণ করেছিলেন, সেই দেশটিই আজ উন্নয়নের এক রোল মডেলে পরিণত হয়েছে। সন্দেহ নেই এই গর্বিত জায়গায় পৌঁছানোর পেছনে বহু মানুষের ত্যাগ, শ্রম ও নিষ্ঠা রয়েছে, রয়েছে নিরন্তর কর্মসাধনা। বাংলাদেশ স্বাধীনতা লাভের পর সরকারি পরিকল্পনাগুলো সঠিকভাবে বাস্তবায়ন হওয়ার আগেই একের পর এক অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে, ঘটেছে রাজনৈতিক পালাবদল। একেক সরকার এসে একেকভাবে দেশ গোছানোর চেষ্টা করেছে। শুরু দিকে যে মানুষগুলো সরকারের পাশাপাশি উন্নয়নের এক গভীর চিন্তা নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যেতে প্রয়াসী হন, তাদের মধ্যে অন্যতম স্যার ফজলে হাসান আবেদ। তাঁর স্বপ্নের সংগঠন 'ব্র্যাক' বাংলাদেশের বয়সের সঙ্গেসঙ্গে বেড়ে উঠেছে।

ব্র্যাকও উদ্‌যাপন করছে পথচলার সুবর্ণজয়ন্তী। রাজনীতি ও দলমতের উর্ধ্বে থেকে ব্র্যাক ভেতরে ভেতরে অনন্য সাধারণ সব কাজ করেছে। বাংলাদেশের শিক্ষা, স্বাস্থ্য, কৃষিসহ সকল ক্ষেত্রে ব্র্যাকের রয়েছে অসামান্য কর্মযজ্ঞ। এই উদ্যোগগুলোর সাফল্যই ব্র্যাককে পৃথিবীর সবচাইতে বড় সংগঠনে পরিণত করেছে।

অন্তত ত্রিশ বছর আগের কথা। দিনাজপুরের মাধবদি চিড়াকুঠিপাড়ায় খুব ভোরে গেছি চিত্রধারণ করতে। একে তো শীতের দিন তার ওপর ভোরের আলো ভালো করে ফোটেনি। গ্রামে ঢুকতেই কানে এলো একঝাঁক শিশুর পড়াশোনার কলরব। এগিয়ে গিয়ে দেখলাম এক কক্ষের একটি মাটির ঘরে শিশুরা পড়ছে। যেখানে মানুষ দু'বেলা দু'মুঠো খাবার পায় না, সেখানে প্রতিটি ঘরের শিশু স্কুলে যাচ্ছে! সেটি ছিল ব্র্যাকের উপআনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের স্কুল। যেখানে একজন শিক্ষক ৩০ জন করে শিশুর সব বিষয়ে প্রাথমিক শিক্ষা দিয়ে থাকেন। সেটি ছিল এক বৈপ্লবিক শিক্ষা বিকাশের পদ্ধতি। তৃণমূল দরিদ্র জনগোষ্ঠী, যারা নানা কারণে তাদের সন্তানকে স্কুলে পাঠাতে পারেন না, তাদের জন্য এই শিক্ষা কার্যক্রম আমাদের সাক্ষরতার হার বাড়াতে রেখেছে অসামান্য অবদান। কাজগুলো এখনও চলছে।

আমি টানা চার দশকেরও বেশি সময় ব্র্যাকের কাজের প্রতিফলনগুলো গ্রামে গ্রামে ছড়িয়ে যেতে দেখছি। গ্রামে কাজ করতে গেলে একদম প্রত্যন্ত পল্লীতে হঠাৎ অন্য ধরনের ভবন কাঠামো দেখে উন্নয়নের আভাস পেয়েছি। চারদিকে খড়ের ছাউনি মাটির ঘর, দুয়েকটি টিনের চালা বাঁশের বেড়ার ঘর, তার মধ্যে একটি পাকা ভবন। কাছে গিয়ে দেখেছি সেটি ব্র্যাকের ভবন। উপলব্ধি করেছি এসব উন্নয়নেরই এক ভিন্নরকম সূচনা।

আমি নিজেকে সৌভাগ্যবান ভাবি এজন্য যে, আমার কাজের ভেতর দিয়েই চোখের সামনে দেশের কয়েকটি উন্নয়ন সংগঠনের ব্যাপক কার্যক্রম দেখার সুযোগ পেয়েছি। এসব কাজের সঙ্গে আমার সরাসরি যোগসূত্র না থাকলেও আমরা একইসঙ্গে বেড়ে উঠেছি। এক পর্যায়ে স্যার ফজলে হাসান আবেদের সঙ্গে আমার পরিচয় হলো। সেটা আশির দশকের শেষের দিকে হবে। যতদূর মনে পড়ে, সে সময় শিক্ষা নিয়ে তিনি ব্যাপকভাবে কাজ করছেন। তাঁর উপআনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম ছড়িয়ে পড়ছে দেশব্যাপী। ক্ষুদ্রঋণ থেকে দিনে দিনে গ্রামীণ স্বাস্থ্য, স্যানিটেশন, কৃষি ইত্যাদি কাজগুলোও সম্প্রসারিত হচ্ছে। গ্রামীণ তৃণমূল কৃষক পরিবার অল্পস্বল্প পুঁজি হাতে নিয়ে বর্গাচামের যে সুযোগ পায়, তার পেছনে ছিল ব্র্যাকের মতো সংগঠনগুলো। গ্রামে গ্রামে আমি দেখেছি কৃষক ভূমিহীন হওয়ার কারণে সরকারি ব্যাংকের ঋণ পায় না। পুঁজি না থাকার কারণে জমিও আবাদ করতে পারে না। আবার মহাজনি ঋণের সুদ নিয়ে পুষিয়ে উঠতে পারে না। তখন এনজিও-র ঋণ তাদের ভীষণভাবে কাজে লেগেছে। চাষীর বউ ঋণ এনে দিয়েছে, তার ওপর ভরসা করে সে জমি বর্গা নিয়ে চাষ করেছে। কিছু বিফলতা, ব্যর্থতা বা নেতিবাচক উদাহরণ নেই, তা নয়। তবে তৃণমূলে উন্নয়নের চাকা ঘুরিয়ে দেওয়ার ক্ষেত্রে এই কাজগুলো ছিল অনেক বেশী কার্যকর। আমি মনে করি, এর পেছনে স্যার ফজলে হাসান আবেদের মতো মানুষের দীর্ঘ এক মিশন ও ভিশন কাজ করেছে।

১৯৭২ সালে সদ্য স্বাধীন দেশে সিলেটের শাল্লায় যুদ্ধের ধ্বংসস্তূপের মধ্যে বসবাসরত মানুষের পাশে ব্র্যাকের জন্ম হয়। শুরুতে সংগঠনটি ছিল ত্রাণ ও পুনর্বাসনকেন্দ্রিক, পরে ১৯৭৩ সালে এসে এটি সার্বিক গ্রামোন্নয়নমুখী একটি সংগঠন হিসেবে আত্মপ্রকাশ করে। কবি সুফিয়া কামাল ছিলেন ব্র্যাকের প্রথম চেয়ারপারসন। এ থেকে আরেকটি জিনিস বোঝা যায়, ব্র্যাকের বেড়ে ওঠার সঙ্গে



আমার জাতীয়তা, সংস্কৃতি, মুক্তবুদ্ধি ও উন্নয়নের এক গভীর সংমিশ্রণ রয়েছে।

দেশে-বিদেশে ব্র্যাকের কাজ আজ সারাবিশ্বে সমাদৃত। পৃথিবীর সবচাইতে বড় বেসরকারি উন্নয়ন সংগঠন বাংলাদেশের ব্র্যাক দেশের বাইরেও আমাদেরকে গর্বিত করে। এশিয়া, আফ্রিকা ও ক্যারিবীয় অঞ্চলে ছড়িয়ে গেছে ব্র্যাক। আমার সুযোগ হয়েছে পূর্ব আফ্রিকার দেশ উগান্ডায় ব্র্যাকের কাজ সরেজমিনে দেখার। বিশেষ করে পূর্ব আফ্রিকার দেশগুলোর কৃষি, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি উন্নয়নে ব্র্যাকের কাজ সত্যিই দৃষ্টান্তমূলক। ব্র্যাক বাংলাদেশভিত্তিক একটি উন্নয়ন সংগঠন হলেও আফ্রিকার দেশটির উন্নয়ন পরিকল্পনা ও অগ্রগতির সঙ্গে এখন মিশে গেছে গভীরভাবে। সেখানে এখন রাষ্ট্রীয় উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ব্র্যাককে ধরা হয় সবচাইতে কার্যকর ও গতিশীল অংশীদার হিসেবে। আমি উগান্ডার স্বাস্থ্যমন্ত্রী, কৃষি প্রতিমন্ত্রী, পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান, বিশ্বব্যাংক প্রতিনিধি থেকে শুরু করে তৃণমূলের অনেক কৃষকের সঙ্গে কথা বলেছি। সবাই ব্র্যাকের উন্নয়ন তৎপরতার প্রশংসা করেছেন। আমি দেখেছি, স্যার ফজলে হাসান আবেদের বিশ্বব্যাপী ছড়িয়েপড়া উন্নয়নচিন্তা এখন পৃথিবীর অনেক মানুষকেই প্রভাবিত ও আলোড়িত করছে। বরাবরই দেখেছি শত ব্যস্ততার ভেতর আমাদের যেকোনো উদ্যোগে, চিন্তায় ও আস্থানে তিনি সাড়া দিয়েছেন, এসেছেন ও মুগ্ধ করে পাশে দাঁড়িয়েছেন।

পৃথিবীব্যাপী ছড়িয়েপড়া ব্র্যাক, বাতির গোড়ায় কোনো অন্ধকার রাখেনি। বলতে চাই, দেশের তৃণমূল জনগোষ্ঠীর ভাগ্যে উন্নয়নে ও জীবনযাত্রার মানোন্নয়নে ব্র্যাক রাষ্ট্রের এক অসাধারণ উন্নয়ন অংশীদার। আমি মূল্যায়ন করি ব্র্যাকের সেই কাজগুলো, যখন দেখি গ্রামের একজন প্রান্তিক কৃষকের মাটির ঘরের ভেতর বৈদ্যুতিক পাখা ঘুরছে, তার ঘরেও রয়েছে ফ্রিজ, টিভি। সংসারের এই উপকরণগুলো কেনার জন্য যে টাকার প্রয়োজন, সেই টাকা জমানো একসময় প্রান্তিক কৃষকের জন্য ছিল অসম্ভব। তার স্ত্রী ব্র্যাক বা ব্র্যাকের মতো সংগঠনে যুক্ত থেকে এককালীন ঋণ নিয়ে পরিবারের এই স্বপ্নগুলো পূরণ করেছে। এর মধ্য দিয়ে ওই ঘরের নারী সদস্যটি সংসারে ক্ষমতায়িত হয়েছেন। এভাবে আজ বাংলাদেশের যতগুলো উন্নয়ন মাপকাঠি সারা পৃথিবীতে বড় দৃষ্টান্ত হিসেবে উপস্থাপিত হচ্ছে, তার অনেকগুলোর সঙ্গেই ব্র্যাকের সম্পৃক্ততা রয়েছে, অবদান রয়েছে। নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় রোল মডেল হিসেবে বিবেচিত হয়, এক্ষেত্রেও রয়েছে ব্র্যাকের অনন্য অবদান। ব্র্যাকের স্বপ্নদ্রষ্টা স্যার ফজলে হাসান আবেদ শারীরিকভাবে আজ নেই কিন্তু তিনি রয়ে গেছেন ব্র্যাকের সাফল্যের অভিযাত্রার ভেতর। রয়ে গেছেন ব্র্যাকের বিরামহীন কর্মপদ্ধতির ভেতর।

শাইখ সিরাজ

স্বাধীনতা পুরস্কার, একুশে পদক ও এফএও-র অ্যাওয়ার্ডপ্রাপ্ত উন্নয়ন সাংবাদিক। পরিচালক ও বার্তা প্রধান-চ্যানেল আই

আমার দেখা ব্যাক

জালালউদ্দীন আহমদ

বিংশ শতাব্দীর '৮০'র দশকের প্রথম ভাগ, সবে প্রাতিষ্ঠানিক পড়াশোনার পাঠ শেষ করেছি। চোখে তখন নতুন কিছু করার স্বপ্ন, চিন্তে সমাজকে বদলে দেওয়ার জন্য ব্যাকুলতা। এমন সময়ে চাকরির অফার পেয়ে যোগদান করি ব্যাকের গবেষণা বিভাগে। তারিখটা ছিল ১৯৮০ সালের ১৭ই ফেব্রুয়ারি। রিসার্চ বা গবেষণা ব্যাকের মূল কর্মসূচিগুলোর সহায়ক কর্মসূচির অন্যতম। আমার কাজের ক্ষেত্রটি ছিল স্বাস্থ্যবিষয়ক গবেষণা। প্রধান কার্যালয়ে পোস্টিং হলেও ঘন ঘন আমাকে ফিল্ডে থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করতে হয়েছে। গবেষণার কাজ করতে গিয়ে আমি মানুষের কাছাকাছি থাকতে পেরেছিলাম, তাদের জীবনযাত্রা প্রত্যক্ষ করে আমার গবেষণাকে সমৃদ্ধ করতে পেরেছিলাম। এই অমূল্য অভিজ্ঞতা পরবর্তীকালে আমাকে ব্যাকের বিভিন্ন কর্মসূচি পরিচালনার পাথেয় গড়ে দিয়েছিল। ব্যাকে আজও এ নিয়ম প্রচলিত রয়েছে যে, একজন কর্মী তা তিনি যে স্তরেরই হোন না কেন, তাকে কিছুদিন ফিল্ডে অবস্থান করে ব্যাক সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করতে হবে। ব্যাকের পরিভাষায় একে বলে immersion. Immersion-এর সঠিক বাংলা প্রতিশব্দ কী হতে পারে? নিমজ্জন কিংবা অবগাহন? আমার মনে হয় 'অবগাহন'-ই উপযুক্ত অর্থ বহন করে। অনেকের মতো আমিও মনে করি, ব্যাকে পুরোপুরি অবগাহন না করলে তার সৌন্দর্য ও বৈচিত্র্যকে বোঝা আদৌ সম্ভব নয়।

দীর্ঘপ্রায় চার দশকে ব্যাক বাংলাদেশ-এর বিভিন্ন কর্মসূচিতে এবং ব্যাক আন্তর্জাতিক কর্মসূচির বিভিন্ন দেশে আমার কাজ করার সুযোগ হয়েছে। এই সময়ে আমার পদমর্যাদা ও অবস্থানের বেশ পরিবর্তন হয়েছে। তবে আমার পরম সৌভাগ্য এই যে, নিতান্তই চারাগাছ থেকে বিকশিত মহীরুহ ব্যাককে আমি খুব কাছে থেকে প্রত্যক্ষ করতে পেরেছিলাম। ছোট ছোট কাজের মাধ্যমে বৃহৎ উদ্দেশ্য সাধনে এগিয়ে যাওয়ার ব্রতে আমরা স্থিতসংকল্প ছিলাম। কারণ আমরা বিশ্বাস করেছি যে, পথ আমাদের নিশ্চিত গন্তব্যে নিয়ে যাবে।

দীর্ঘ যাত্রাশেষে পথিককে তো থামতেই হয়। প্রকৃতির অমোঘ নিয়ম মেনে আমাকেও কর্মজীবন থেকে অবসর নিতে হয়েছে। আজ ব্যাক পঞ্চাশে উত্তীর্ণ, তারুণ্যের দীপ্তিতে উজ্জ্বল। সেই ব্যাকের চার দশক

আমি কীভাবে দেখেছি, তার আরও কিছু নির্মোহ অনুভূতি আমার ক্ষুদ্র অভিজ্ঞতা ও স্মৃতির সঞ্চয় থেকে এখানে তুলে ধরছি।

স্বাস্থ্য, শিক্ষা, ক্ষুদ্রঋণ প্রভৃতি ব্যাকের প্রধান কর্মসূচি। ভবিষ্যতমুখিতা ও রূপান্তরকামিতা এ সকল কর্মসূচির এক অনন্যসাধারণ বৈশিষ্ট্য, যার কারণে যুগ বদলালেও কর্মসূচিগুলো কখনও তার প্রাসঙ্গিকতা হারায় নি। আবেদনাই আমাদেরকে তৃণমূল পর্যায়ের জ্ঞানকে ধারণ করতে বলতেন। তিনি নিজেও মাঠ কার্যক্রম পরিদর্শনের সময় সাধারণ মানুষের সঙ্গে বসে তাদের সুখ-দুঃখের কথা মন দিয়ে শুনতেন। তাদের চিন্তা-ভাবনা সম্পর্কে জানতে চাইতেন, ব্যাকের কর্মসূচি তাদের জীবনে কী প্রভাব ফেলছে সে বিষয়ে প্রত্যক্ষ পাঠ গ্রহণ করতেন।

কোনো কর্মসূচির মেয়াদ শেষ হয়ে গেলে নতুন কর্মসূচি হাতে নেওয়ার আগে তার উপযোগিতা যাচাইয়ের জন্য মাঠপর্যায়ে কর্মী ও জনগোষ্ঠীর সঙ্গে মতবিনিময় করা হতো। এই আলোচনার সারাংশ ব্যাকের নীতি-নির্ধারনী সভায় গুরুত্বের সঙ্গে আলোচিত হতো এবং এভাবেই নতুন কর্মসূচি গ্রহণ করা হতো, যা স্বভাবতই হয়ে উঠত মানুষের আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতিপূর্ণ। জনগণের সঙ্গে ব্যাকের এই চমৎকার মিথস্ক্রিয়া তার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

স্বাস্থ্য, শিক্ষা ও ক্ষুদ্রঋণে উল্লেখযোগ্য অবদানের মাধ্যমে জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের মহারণে আমরা ছিলাম সংশ্লিষ্ট। এই সাফল্যের ফলে ব্যাকের অবদান জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি লাভ করে। বিস্ময়কর এই যে, এ সকল অভিযানে মুখ্য ভূমিকা রেখেছেন ব্যাকের মাঠকর্মীরা, প্রকৃত অর্থেই পদাতিক, যারা বিভিন্ন ডিসিপ্লিন থেকে এসেও এমন অসাধ্য সাধন করতে পেরেছিলেন সংস্থার আদর্শ, অদম্য মনোবল, স্থিরসংকল্প ও একাত্মতার কারণে। প্রয়োজনীয় প্রশিক্ষণের পাশাপাশি টিমওয়ার্কের সুফল হিসেবে cross-learning ছিল অন্যতম গুরুত্বপূর্ণ প্রভাবক।

আমি আগেই বলেছি যে, বিভিন্ন দেশে ব্যাকের কর্মসূচি পরিচালনা করার সৌভাগ্য আমার হয়েছিল। আমরা কেবলই ব্যাক বাংলাদেশের অভিজ্ঞতালব্ধ জ্ঞানকে পুঁজি করে সেই সকল দেশে অনুরূপ কর্মসূচি



গ্রহণের ক্ষেত্রে সরাসরি তা সংযোজন বা প্রতিস্থাপন (transplant) করার চেষ্টা করি নি। প্রতিটি দেশের ভূ-রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটের যে ভিন্নতা ও বিচিত্রতা রয়েছে, আমরা তা অনুধাবন করেছি। আমরা তা ধারণও করেছি এবং সেই দেশের মানুষের আকাঙ্ক্ষার উপযোগী করে কর্মসূচি গ্রহণ করেছি এবং সেভাবেই তা পরিচালনা করেছি। কিন্তু এতসব বৈচিত্র্যের মধ্যেও ব্র্যাকের সার্বজনীনতা ও ঐক্যতানে কখনও কোনো ছেদ পড়েনি। বিভিন্ন দেশে বিভিন্ন ধরনের সরকার, প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করতে গিয়ে আমরা অনেক অভিজ্ঞতা সঞ্চয় করেছি, অভিজ্ঞতা বিনিময়ও করেছি সার্থকভাবে। যে কারণে আমি দেখেছি, ব্র্যাক যেখানে যে কর্মসূচি বাস্তবায়ন করেছে, অধিকাংশ ক্ষেত্রেই তা সফল হয়েছে। এভাবে দেশে দেশে অগণিত মানুষের জীবনকে ছুঁয়ে গেছে ব্র্যাক। যার ফলে ব্র্যাক বারেবারে পৃথিবীর এক নম্বর উন্নয়ন প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করেছে। দীর্ঘ কর্মজীবনে ব্র্যাকের এই উত্থান, বিকাশমানতা ও গ্রহণযোগ্যতার কারণ বিশ্লেষণে আমার কাছে এটাই প্রতিভাত হয়েছে যে, সংস্থার আদর্শ, নীতিমালা ও কর্মপন্থা সুদূরপ্রসারী ও সুচিন্তিত হওয়ায় সকলে তা নিষ্ঠার সঙ্গে অনুসরণ করে বলেই তাতে ত্রুটি-বিচ্যুতি কম হয়ে থাকে।

দেশে কিংবা বিদেশে, প্রকৃত অর্থেই জনগণের কাছাকাছি অবস্থানের কারণে তাদের সমস্যাগুলোকে আমরা অন্তর দিয়ে উপলব্ধি করতে পেরেছিলাম। মূলত আমাদের জীবনপাঠ এভাবেই পরিপূর্ণতা লাভ

করেছিল। মাঠ পর্যায়ে সমস্যা হলে তাৎক্ষণিকভাবে আমরাই তার সমাধান খুঁজে নিতাম। সবসময় হয়ত এতে কাজক্ষিত ফল পাওয়া যেত না, তবুও আমরা কখনও হতাশ হইনি। ভুল থেকে শেখা বা ঠেকে শেখার এই অনুশীলন আমাদের ব্যবস্থাপনা তথা নেতৃত্বদানের দক্ষতাকে উত্তরোত্তর সমৃদ্ধ করেছে। আরেক সংস্কৃতি ছিল ফিডব্যাক। আমরা মুক্তমনে একে অপরকে ফিডব্যাক দিতাম ও নিতাম। কর্মক্ষেত্রে কোনো সমালোচনাকেই কখনও আমরা গুরুত্বহীন মনে করি নি, কারণ আমরা জানতাম আমার সমালোচক আমার বন্ধুও বটে।

মানুষের প্রতি তার অঙ্গীকার পূরণে ব্র্যাককে ক্ষুদ্র থেকে বৃহদায়তন হতে হয়েছে। আগামীর চ্যালেঞ্জ মোকাবিলায় উপযুক্ত হতে ব্র্যাক নানা ধরনের পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে ধাপে ধাপে তার ব্যাপ্তিকে সম্প্রসারিত করে। কর্মীদের জ্ঞান ও দক্ষতা উন্নয়নে দেশে-বিদেশে প্রশিক্ষণ, শিক্ষা সফর ও উচ্চতর শিক্ষার ব্যবস্থা করা হয়। কর্মসূচির আকার ও আয়তন বাড়ানোর সঙ্গেসঙ্গে মাঠপর্যায়ে কর্মসূচিকে ধরে রাখতে স্থানীয়ভাবে স্বাস্থ্যসেবিকা, প্যারাভেট, প্যারালিগ্যাল প্রভৃতি স্বেচ্ছাকর্মী নির্বাচন করে প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে সেবাপ্রদানে এমনভাবে উপযুক্ত করে তোলা হয়, যাতে ব্র্যাকের কোনো কর্মসূচির সমাপ্তির পরেও তারা অর্জিত জ্ঞানকে জনগণের সেবায় কাজে লাগাতে আত্মপ্রতায়ী হতে পারেন। ব্র্যাক এভাবেই স্থানীয় সম্পদের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি কমিউনিটি পর্যায়ে নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি করে চলেছে।

প্রাকৃতিক ও মানবিক দুর্ঘোণে তাৎক্ষণিক ও প্রথম সাড়াদানকারী হিসেবে দেশে-বিদেশে ব্র্যাকের ভাবমূর্তি প্রতিষ্ঠিত হয়েছে। সরকারের সঙ্গে যৌথ কর্মপরিকল্পনা গ্রহণের পাশাপাশি দুর্ঘোণপ্রতিরোধমূলক কর্মসূচি ও মানবিক সহায়তা নিয়ে ব্র্যাক মানুষের পাশে দাঁড়ায়। ভূমিকম্পবিধ্বস্ত হাইতি, সুনামিপীড়িত শ্রীলঙ্কা, যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানসহ দারিদ্র্যপীড়িত আফ্রিকার বিভিন্ন দেশের আর্থ-সামাজিক পুনর্গঠনে ব্র্যাক উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। বাংলাদেশে রোহিঙ্গা উদ্বাস্ত সমস্যা ও রানা প্লাজা ধ্বসের কারণে সৃষ্ট মানবিক দুর্ঘোণেও ব্র্যাক তাৎক্ষণিক ও নিয়মিত কর্মসূচির মাধ্যমে প্রয়োজনীয় সেবাপ্রদান অব্যাহত রেখেছে। এভাবে ব্র্যাককর্মীদের জ্ঞান ও দক্ষতা বহুমাত্রিক হয়েছে।

ব্র্যাকে নেতৃত্ব ও ব্যবস্থাপনায় গতিশীলতা ও আধুনিকতা দৃশ্যমান। কারণ এর স্বপ্নদ্রষ্টা স্যার ফজলে হাসান আবেদ চাইতেন যে, প্রতিটি ব্র্যাককর্মী যেন তাঁর স্বপ্নকে ধারণ ও লালন করতে সমর্থ হয়। আমার মনে হয়েছে আবেদভাই একজন সফল নেতাই শুধু ছিলেন না, ব্যবস্থাপক হিসেবেও তিনি ছিলেন আদর্শস্থানীয়। চাকরির প্রথমদিকের দিনগুলোতে তাঁর সঙ্গে আমাদের নিয়মিত মিটিং হতো। কর্মীদের সঙ্গে আলোচনায় তাঁকে সর্বদা একজন মনোযোগী শ্রোতা হিসেবেই দেখেছি। তিনি যে কোনো জটিল পরিস্থিতিতে নিরঙ্কুশ থেকে, সকলকে সঙ্গে নিয়ে সমন্বিত সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারতেন। এই স্বপ্ন পরিসরের লেখায় আমি তাঁর এমন বিশেষ কয়েকটি গুণের কথা তুলে ধরব, যা সংস্থার প্রতিটি কর্মীর জন্যই প্রণিধানযোগ্য।

সিদ্ধান্তগ্রহণে অনন্যসাধারণ গুণ ছিল আবেদভাইয়ের। অধিকাংশ ক্ষেত্রেই তার সিদ্ধান্ত সঠিক, সমন্বিতমুখী ও সর্বজনগ্রাহ্য হয়েছে। আমার বেশ মনে পড়ে, নব্বইয়ের দশকে দেশব্যাপী মৌলবাদী হামলার অংশ হিসেবে যখন ময়মনসিংহ ও বগুড়াতে ব্র্যাক স্কুল পুড়িয়ে দেওয়া, তুঁতগাছ কেটে ফেলা, যক্ষ্মারোগীর চিকিৎসায় বাধা দেওয়ার মতো সহিংস ঘটনায় আমরা চরম উদ্বেগে দিন কাটাচ্ছিলাম, তখনও আবেদ ভাইকে স্থিরচিত্ত এবং লক্ষ্যে অবিচল থাকতে দেখেছি। পরিস্থিতির প্রেক্ষাপট বিবেচনা করে তিনি এই বিশ্বাসে উপনীত হয়েছিলেন যে, যেহেতু জনগণই কর্মসূচির প্রাণ, তাই তারাই ব্র্যাককে ধরে রাখবে। তিনি আমাদেরকে সবসময় জনগণের সঙ্গে থাকতে বলেছিলেন। তার সুদৃঢ় মনোবল, দূরদর্শী ও সমন্বিত সিদ্ধান্তগ্রহণের কারণে ব্র্যাক সেই সঙ্কটকাল সফলতার সঙ্গে অতিক্রম করতে পেরেছিল। ফলস্বরূপ ব্র্যাকের কর্মসূচি উত্তরোত্তর সম্প্রসারিত ও বহুমাত্রিক হয়েছে, তার জনসংশ্লিষ্টতাও বেড়েছে। তাঁর বিচক্ষণতা ও অনুপ্রেরণায় ব্র্যাকের সকল স্তরে নেতৃত্বের বিকাশ সম্ভব হয়েছে। চর্চায় ব্র্যাক অনন্য কৃতিত্বের দাবিদার হতেই পারে। আবেদভাইয়ের দূরদর্শিতা ব্র্যাককে কখনও নেতৃত্বশূন্য হতে দেয়নি।

ব্র্যাক তার কর্মীদেরকে ব্যয়সাশ্রয়ী হতে নিয়ত উদ্বুদ্ধ করে, তবে তা আদর্শ ও গুণমানের সঙ্গে আপোস করে নয়। ব্র্যাকে আর্থিক-নিরীক্ষার পাশাপাশি কর্মসূচি-নিরীক্ষাও সমান গুরুত্বের সঙ্গে বিবেচিত হয়ে থাকে। কারণ সংস্থার নিজস্ব নিয়মিত আর্থিক-নিরীক্ষার পাশাপাশি উন্নয়ন সহযোগী তথা তৃতীয় পক্ষের আর্থিক-নিরীক্ষা যেমন তার আর্থিক রেকর্ডের প্রতিনিধিত্ব ও যথার্থতা নিশ্চিতকরণে সহায়তা করে, তেমনই কর্মসূচির ফিল্ড ভিজিট, মাসিক তথ্যবিবরণীর পাশাপাশি স্বতন্ত্র মনিটরিং ও মূল্যায়নের মাধ্যমে সম্পাদিত কর্মসূচি-নিরীক্ষাও কর্মসূচিসংক্রান্ত রেকর্ডের প্রতিনিধিত্ব নিশ্চিতকরণে সহায়ক। ব্র্যাকে সকল স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতার অনুশীলন করা হয়।

অন্য অনেক কিছু মতোই সুশাসন প্রতিষ্ঠায়ও ব্র্যাক অগ্রপথিক। উন্নয়ন কর্মসূচিগুলো পরিচালনায় ব্র্যাক স্থানীয় সরকার ও প্রতিষ্ঠানগুলোর সঙ্গে নিয়মিত কর্মময় যোগাযোগ রক্ষা করে চলে। যার ফলে ব্র্যাক কর্মসূচির পাশাপাশি অন্যান্য সরকারি-বেসরকারি কর্মসূচিগুলোও জনমুখী হয়ে ওঠে এবং সুশাসন কার্যকরের পথ উন্মুক্ত হয়। সংস্থার অভ্যন্তরে সুশাসন রক্ষায় ব্র্যাক ব্যবস্থাপনা বেশ আন্তরিক। ব্র্যাকের মানবসম্পদ নীতিমালা অনুসরণ করতে গিয়ে কোনো কর্মী কোনো কারণে সংক্ষুব্ধ হলে তিনি যাতে তার ক্ষোভ নিরসনে সর্বোচ্চ সেবার অধিকার লাভ করতে পারেন, সেজন্য ব্র্যাক ‘ন্যায়পাল’ নিয়োগ করেছে। সুশাসন কার্যকর রাখতেও ব্র্যাক অতদ্রুতপ্রহরী।

উন্নয়নকে সামগ্রিকভাবে বিবেচনা করতে ব্র্যাক তার কর্মীদের উদ্বুদ্ধ করে থাকে, যার কেন্দ্রে থাকে অবধারিতভাবে মানুষ, বিশেষ করে সহায়হীন দরিদ্র পরিবারের মহিলা ও শিশু। অধিকারবঞ্চিত মানুষকে অধিকারসচেতন করে উন্নয়নের মূলশ্রোতে যুক্ত করে ব্র্যাক অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে (inclusive development) অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। ব্র্যাক এমন এক স্বপ্নের নাম, যে স্বপ্ন দেশে-বিদেশে অগণিত সাধারণ মানুষের আকাঙ্ক্ষাকে ধারণ করে আছে। যাদের কাছে ‘স্বপ্ন’ শুধুই বিলাসিতার নামান্তর, ব্র্যাক তার ‘জিয়ন কার্টি’ ছুঁয়ে তাদের চেপে রাখা সেই স্বপ্নগুলোকে জাগিয়ে তুলেছে, তার বাস্তব রূপদানে সহায়তা করেছে। পরিবারের সদস্যদের সুস্থ জীবন, উজ্জ্বল পরমায়ু, সন্তানের শিক্ষা ও মহাজনী ঋণের নাগপাশমুক্ত জীবন দেওয়ার জন্য ব্র্যাক কোটি কোটি মানুষের স্বপ্নপূরণের সারথি হয়েছে।

জালালউদ্দীন আহমদ

সাবেক আঞ্চলিক পরিচালক-এশিয়া, ব্র্যাক আন্তর্জাতিক

অতলান্ত গভীর আলোর প্রাণপুরুষ

চন্দ্রশেখর সাহা

সময় নদীর মতো। আমি বলি, সময় সময়ের মতো। ধরতে পারলে থেকে যায়। বিফল হলে বিস্মৃতির ব্ল্যাক হোল বা কৃষ্ণগহ্বরেই শেষ নিয়তি। আবেদ ভাই এসেছিলেন থাকার জন্য নয়, যা প্রকৃতির চিরন্তনে নির্দিষ্ট। কিন্তু তিনি শাল্লা থেকে ঢাকা হয়ে সমগ্র বাংলাদেশে ছড়িয়ে গেছেন যতি চিহ্নহীন। বিশ্বময় রয়ে গেলেন সবার অনুপ্রেরণার উৎস হয়ে। দেওয়া-নেওয়া আর নেওয়া না দেওয়া। শুধুই দেওয়ার উৎসবে সারাজীবন উৎসর্গ করা মানুষের সংখ্যামাত্র। ব্যতিক্রমী কয়েকজন। তার মধ্যে অন্যতম আমাদের সবার আবেদ ভাই।

প্রতিদিন সূর্য পূর্বদিকে দেখা দেয়। সময়ের হাত ধরে মধ্য গগন হয়ে যায় অস্তাচলে। সন্ধ্যায় যখন আকাশে প্রদীপ জ্বলে নক্ষত্রলোকে, আবেদ ভাই তেমনি মানুষের পাশে দাঁড়িয়েছিলেন স্বাধীনতার সূর্যোদয়ের উষালগ্ন থেকে। আজ স্বাধীনতার ৫০ বছর উদ্ব্যাপনের সময়ে তাঁর সুবিশাল কর্মকাণ্ড সবাইকে বিস্মিত করে! সম্ভাবনা ও আত্মবিশ্বাসের শক্তি এবং অবহেলিত নারী সমাজের শিক্ষা, কর্মসংস্থান ও ব্যক্তিত্ব নিয়ে বেঁচে থাকার যে আকাঙ্ক্ষা, তার সবগুলোই তিনি সুন্দরভাবে পরিকল্পিত সত্যের আলোকে প্রতিষ্ঠিত করে যেতে পেরেছেন। তিনি কোনো স্মৃতিস্তম্ভ অথবা স্মৃতিসৌধে অনুগত ছিলেন না। তিনি বিশ্বাস করতেন, প্রতিটি মানুষের মধ্যে আছে লালিত স্বপ্ন। প্রয়োজন সময়মতো সঠিক পথে সহায়তা দিয়ে আলোর স্পর্শের মধ্যে সম্পৃক্ত করতে পারা।

বাংলাদেশে বয়ে যাওয়া পদ্মা, মেঘনা ও যমুনা-র সঙ্গে ব্রহ্মপুত্র ও শীতলক্ষ্যার যে প্রবাহ, এই প্রবাহে বাঙালি শিল্প-সংস্কৃতি ও সমাজ উন্নয়নের বিকাশের উন্মেষণ হয়েছিল সেই চর্যাপদের সময়কাল থেকে। আবেদ ভাই দূরদর্শী মনোভাবকে সঠিক সময়ে সঠিক সহযোগিতা ও সঠিক পরিকল্পনার মধ্য দিয়ে এগিয়ে নিয়ে গেছেন। সম্মিলিত প্রচেষ্টায় আমাদেরও অগ্রসর হতে সহায়তা করেছিলেন। পরম নির্ভরতায় তাঁর সব সময়ের স্বপ্নের সঙ্গে ‘এক এবং অদ্বিতীয়’ আমার প্রতিষ্ঠান যতিচিহ্নের বিভ্রম হয়ে থাকবে, এর কোনো মিল নেই। একজন সমাজের প্রয়োজনে পথ তৈরি করেন, আবার বাড় ও বিপদেও সহায় থাকেন আশ্রয় হয়ে। আমাদের আবেদ ভাই সেই দর্শনের প্রাণপুরুষ। ব্যক্তিজীবনে তিনি সব দায়িত্বে আন্তরিক থেকেও হাজার মানুষের ব্যক্তিজীবনের নির্ভরতার পথপ্রদর্শক হয়ে উঠেছিলেন। সারা পৃথিবী আছে এবং কিছুই নেই, দু’ভাগে বিভক্ত। তিনি সমস্ত জীবন দিয়ে পদযাত্রায় আলোকিত পথের

সন্ধান দিয়ে গেছেন অর্থনৈতিক মুক্তি ও শিক্ষার প্রসারে অবহেলিত মানবসম্পদকে। নারীদের অধিকার ও অর্থনৈতিক স্বনির্ভরতায় তাঁর অবদান বাংলাদেশ সবসময়ই কৃতজ্ঞতার সঙ্গে স্মরণে রাখবে।

হস্তজাত কারুশিল্প পণ্যের শিল্পী, সংস্কৃতি ও ঐতিহ্যের পরম্পরাকে যে রক্ষা করে দেশজ নিজস্বতার ঐতিহ্য ও ব্যক্তিত্বকে রক্ষা করতে হবে, সে বিষয়টি তাঁর চিন্তাচেতনার মধ্যে এসেছিল ১৯৭৯ সালের আগে থেকেই। মেয়েরা ঘরে বসে তার পরিবারের শিক্ষা থেকে উপার্জনে কীভাবে সম্পৃক্ত হয়ে মাথা উঁচু করে বেঁচে থাকার স্বাদ নিতে পারে, সেই প্রেক্ষিতে তিনি প্রতিষ্ঠা করেছিলেন আড়ং। আড়ং ডেইরি, আয়েশা আবেদ ফাউন্ডেশনসহ আরও বহুমুখী অর্থ উপার্জনের প্ল্যাটফর্ম গড়েছিলেন। যাদের সফট ও শঙ্কায় ভরা অশ্চর্যতার জীবনযাপন, তাদের আশ্রয় হয়েছিল নতুনভাবে বাঁচার জন্য ব্য্রাকের প্রতিষ্ঠানিক উদ্যোগগুলো।

আবেদ ভাইকে সবসময়ই দেখেছি একজন কথা শোনার বিস্ময়কর স্মৃতিধর মানুষ হিসেবে। সব সময়ে সব বিষয়ে প্রথমেই মনোযোগ দিয়ে শুনতেন। দেখতাম একটা ছোট কাগজে ডাক্তারদের মতো নোট করতেন ও ছোট ছোট লেখা লিখতেন। এরপর বলা শেষ হলে খুব অল্প সময়ে সুনির্দিষ্ট ভঙ্গিতে হালকা হাসির রেখা মুখে ফুটিয়ে তুলে বুঝিয়ে বলতেন কেন ভালো, কেন পরিবর্তন, কেন সিদ্ধান্ত এবং কীভাবে সঠিক ভাবনা ভাবতে হয়। বলতেন শিক্ষকের মতো কিন্তু শিক্ষকতার ভঙ্গিতে নয়। পরিচালকের মতো কিন্তু পরিচালনার পদমর্যাদার অহঙ্কার থেকে নয়, সহজ সরল কথোপকথনের মাত্রাকে শ্রোতা ও গ্রহীতার দৃষ্টিভঙ্গি থেকে দৃষ্টিপাত করতেন।

আবেদ ভাইয়ের অসাধারণ ও ঈর্ষণীয় স্মৃতি প্রখরতা ছিল। আমি ৬৬ মহাখালীর অফিসে কথা শেষ করে বের হওয়ার পরে বহুবার পেছন থেকে আবারও ডেকে বলতে শুনেছি, তুমি বলেছিলে ওই তারিখে হবে। সেই কাজের কী হলো? আমি মুহূর্তের জন্য স্থির হয়ে ভাবনায় সাঁতার দিলাম। এতদিন আগের কথা মনে রেখে জিজ্ঞাসা করছেন কীভাবে! আমার তো কিছুই মনে নেই। বই পড়তে অসম্ভব ভালোবাসতেন। আমার জগৎ ছিল আড়ংয়ের পণ্য উন্নয়ন। এ বিষয়েও নানাভাবে আমাকে সহায়তা করেছেন, উপদেশ দিয়েছেন। প্রায় অসম্ভব ভারতের NID (National Institute of Design) থেকে জ্ঞান অর্জনের সুযোগ করে দিয়েছিলেন। দেশে-বিদেশে এ



বিষয়ে পণ্য নকশা ইতিহাস ও পরিবর্তনের ধারায় আধুনিকায়ন study করার সুযোগ করে দিয়েছিলেন, যা বলে শেষ করা যাবে না। আজ বুঝতে পারছি আমার আমি হয়ে ওঠার পেছনের মূল স্থপতি ছিলেন শ্রদ্ধেয় আবেদ ভাই। তার দূরদর্শিতা ১৯৮১ সাল থেকে কীভাবে আমার ভূমিকা আরও কার্যকর হবে, আড়ংয়ের ভিত তৈরিতে এবং বাংলাদেশের লাইফস্টাইল ব্র্যান্ডের নিজস্ব ধারাটি রচিত হতে হবে, তা তিনি ৪০ বছর আগেই বুঝতে পেরেছিলেন। ৩শ কোটি টাকার স্বপ্নের কথা শুনিয়েছিলেন, যখন আড়ং মাত্র ৬০ কোটির দুয়ারে পৌঁছেছিল। সেদিন মিটিং থেকে বেরিয়ে সবাই নির্বাক হয়েছিলাম।

আমাদের সবার স্বপ্নের মধ্যে তিনি বাস করেন একজন পথপ্রদর্শক হিসেবে চির সবুজের সৌরভে। যে কোনো কাজে সব সময়েই তিনি সামনে এসে দাঁড়ান নিভূতে, সেই সদা হাস্যময় সৌম্যকান্তি নিখুঁত ঋজু ব্যক্তিত্বে, যেখানে নির্ভরতার সীমাহীন আকাশ আর সম্ভাবনার অতলান্ত সমুদ্র এক দিগন্ত রেখায় এসে মিশে গেছে। ‘সম্ভব নয়’ শব্দটি কোনোদিন আবেদ ভাইয়ের অভিধানে ছিল না।

দেশ, জাতি, মানুষ তার অন্তর্নিহিত অশেষ প্রাণশক্তি সবই তিনি প্রত্যক্ষ করেছেন নিজের মেধা ও মননের মধ্য দিয়ে। পৃথিবীর অনেক দুর্ভাবনার সঙ্গে তাঁর করুণাঘন আন্তরিক বোধের যোগসূত্র

ছিল, যেটি নান্দনিক। প্রতিষ্ঠান এবং তাঁর প্রতিষ্ঠিত সত্যের দর্শন নিয়ে এগিয়ে যাওয়ার মন্ত্রগুলো তিনি রচনা করে গিয়েছিলেন সময়ের অধ্যায় থেকে অধ্যান্তরে জাগতিক কর্মযজ্ঞের ভ্রমণের মধ্য দিয়ে।

ব্র্যাকের কর্মকাণ্ডে প্রতিটি অনু-পরমাণুর কেন্দ্রবিন্দুতে তিনি জড়িয়ে আছেন বরাভয় নিয়ে। বিশ্বাস, বোধ ও কর্মযজ্ঞের একাত্মতা সবই নিবিড়ভাবে তিনি আয়ত্ত করেছিলেন কর্মের ভেতরে থেকে। আরোপিত সৌন্দর্য বাহির থেকে নয়। সৌখিনতার প্রলেপ থেকে মনকে ৩৮০ ডিগ্রি বিপরীতে নিয়ে যেতে পেরেছিলেন শুধুমাত্র দেশের জন্য কিছু একটা করতে হবে ভাবনা থেকে, যেখানে মানুষের কল্যাণ নিশ্চিত হবে। জয়-পরাজয় কখনই তাঁর মনকে স্পর্শ করতে দেখিনি। কর্মই ধর্ম, তবে সঠিক বিষয়টি প্রজ্ঞা ও মেধার সঙ্গে স্পষ্টভাবে বুঝতে পারা ও অনুধাবনে নিয়ে এগিয়ে যাওয়ার পথটি আবিষ্কার করে নেওয়া এই মন্ত্রের সৃজন মানুষ এক এবং অদ্বিতীয় আমাদের সবার প্রিয় স্মৃতি আবেদ ভাই।

চন্দ্রশেখর সাহা

সাবেক আড়ং কর্মী, তাঁত গবেষক ও কারুশিল্পবিদ





সেতু-র পাতা থেকে

১৯৮৫ সাল থেকে ব্র্যাকের অভ্যন্তরীণ মুখপত্র হিসেবে নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে 'সেতু'। অভ্যন্তরীণ যোগাযোগ এবং প্রাতিষ্ঠানিক স্মৃতি সংরক্ষণের ক্ষেত্রে এই পত্রিকাটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিগত ৫০ বছরের অভিযাত্রায় ব্র্যাকের নানা কর্মকাণ্ডের সাক্ষী হয়ে রয়েছে এর প্রতিটি পাতা। সেখান থেকে কিছু গল্প এখানে তুলে ধরা হল।

'আমি ব্র্যাকে কেন চাকরী করছি'

খোন্দকার আরিফুল ইসলাম
(পি, ও) ওটেপ, কিশোরগঞ্জ

আমি ব্র্যাকে কেন কাজ করছি একথা কেউ বললে তাকে আমি বলবো :-

ব্র্যাকে আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে বন্ধুত্বপূর্ণ পরিবেশে মিশতে পারি।

এখানে কোন কিছুই চাপিয়ে দেওয়া হয় না। এখানে সম্মিলিতভাবে সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ব্র্যাকে কারও উন্নতিতে কেউ প্রতিবন্ধক নয়।

এখানে ঘৃষ নেই, দুর্নীতি নেই যে বেতন পাই তাতে আমার স্বাভাবিক জীবন যাত্রা চলে।

ব্র্যাকে ভালো কাজের স্বীকৃতি এবং অবৈধ কাজের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়।

ব্র্যাক কর্মীদের সততা ও সহানুভূতিশীলতা আমায় মুগ্ধ করে। বর্তমান সামাজিক প্রেক্ষাপটে ব্র্যাক অনেকটা পবিত্র ও নির্মল বলে আমি মনে করি।

এ চাকরীর মাধ্যমে আমি ভাগ্য বিড়ম্বিত জনগোষ্ঠীর সাথে মিশে তাদের সুখ-দুঃখের কথা জানতে পারছি ও তাদের জন্য কিছু করতে পারছি বলে ব্র্যাককে আমি ভালোবাসি এবং এ চাকরী করছি।

সেতু, ১ম বর্ষ, ৪র্থ সংখ্যা, ডিসেম্বর ১৯৮৫

ডাকাতি

এস, এম, আতিয়ার রহমান
আর. টি. ওটেপ, চাঁদপুর।

১৯৮৩ সালের ১৯শে আগস্ট শুক্রবার। Special Reinforcement Team এর সদস্য আমরা। কচুয়ার কলাতলা ইউনিয়ন হতে গোপালপুর ইউনিয়নে যাচ্ছি। বাইরে টিপ টিপ বৃষ্টি। এক নৌকার ছেঁ-এর মধ্যে আমরা ৩ জন পিও। অন্যটায় বস্তা, ট্রাংক ও ৩টা সাইকেলসহ কুক। বাতাস ও স্রোতের প্রতিকূলে সকাল ৯টা থেকে আমাদের যাত্রা। কচুয়া বাজার থেকে খাওয়া সেরে নিয়েছি তখন প্রায় রাত ৮টা। আরও ২ ঘণ্টা আমাদের যেতে হবে। মাঝি নৌকা ছেড়ে বড় নদীতে আসতেই দু'দিক থেকে দুইটা নৌকা আমাদের গতিরোধ করে দাঁড়ালো। আমরা প্রমাদ গুনলাম। বুঝতে বাকি রইল না—ডাকাতের খপ্পরে পড়েছি। আমরা নিরুপায় ও অসহায়ের মত বসে আছি। ওরা একে একে বস্তা, ট্রাংক ও সাইকেলগুলো ওদের নৌকায় তুলে নিচ্ছে। বেদম মারপিট ও দায়ের কোপ খাওয়া থেকে বাঁচার জন্য ঘড়ি, কলম, টাকা-পয়সা খুলে দিচ্ছি। জায়গাটা নিরাপদ নয় জেনেও পাড়ি ধরে আজ এই বিপত্তি।

মৃত্যুভয় উপেক্ষা করেই আবু বকর শুধু বললো— 'আমরা ডাইরিয়ার ডাক্তার। টাকা-পয়সা ছাড়াই লবণ-ওড়ের স্যালাইন দিয়ে রোগীর চিকিৎসা করি বাড়ী বাড়ী গিয়ে—'

ওদের ভিতরে মুহূর্তের মধ্যে এক চাঞ্চল্যের সৃষ্টি হলো। সব কিছু থমকে গেলো। তারপর

সর্দারের নির্দেশে আমাদের সব কিছু ফেরত দিলো। সাইকেল, ট্রাংক, বস্তা ইত্যাদি। অভয় দিলো, শ্বাস ছেড়ে বাচলাম। তবু ভয় কাটলো না। বিপদজনক রাস্তা কিছুদূর এগিয়ে দিয়ে যাবার সময় বললো এভাবে রাতের বেলায় যেনো চলাচল না করি। পরে জানলাম সর্দারের মুমূর্ষ কন্যাকে প্রায় ২ বছর আগে আমাদের ও আর, ডব্লিউ টিমের পি, ও রা স্যালাইন খাওয়াইয়ে সুস্থ করে তুলেছিল।

সেতু, ১ম বর্ষ, ৪র্থ সংখ্যা, ডিসেম্বর ১৯৮৫



চিমাটি রাণীর বিয়ে

সেদিন এক বন্ধুর বিশেষ অনুরোধে গিয়েছিলাম তার বিয়েতে। যাওয়ার তেমন একটা ইচ্ছা ছিলনা। কিন্তু বন্ধু বলল তোমায় যেতেই হবে। তুমি যদি এ বিয়েতে না যাও তবে বিয়ের আসরই যে জমে উঠবেনা।

বললাম—তা তোমার কনেটি কে? সে সলজ্জ হেসে বলল: কেন? চেননা! ঐ যে চিমাটি রাণী। অবাক হয়ে জিজ্ঞেস করলাম—চিমাটি রাণী, মানে যার ডাক নাম লবণ? মুচ্কি হেসে বন্ধুটি বলল—ঠিক তাই, জান ওর সাথে না আমার মন দেয়ানেকা চলছে। কিন্তু.....।

জিজ্ঞেস করলাম কিন্তু কি? বিয়ে হচ্ছিলনা এইতো?

ঠিক তাই। তবুও হয়তো বিয়েটা হতোনা যদিনা পানি ভাই আমাদের বিয়ের ঘটকালীর ভারটা না নিত। ঐ পানি ভাই এর জন্যই আজ আমি চিমাটি রাণীকে পাব, তা ভাই তুমি আর না করোনা। অবশ্যই যাবে কেমন?

আচ্ছা আচ্ছা যাব'খন, অবশ্যই যাব। বিয়ে বাড়ীতে গিয়ে দেখি বিরাট আয়োজন। ধুমধাম করে বিয়ে হয়ে গেল। খাবার পালা শুরু। সেকি আয়োজন খাবারের।

আমি জানতাম চিমাটি রাণীকে আরও একজন বিয়ে করতে চেয়েছিল। কিন্তু চারিদিকে তাকিয়ে কোথাও তাকে দেখতে পেলাম না। যাই হোক আনন্দের সাথে খাওয়া-দাওয়া হলো—সবাই রান্নারও খুব তারিফ করলো।

এমন সময় হঠাৎ খবর এলো অতিথিদের কেউ কেউ অসুস্থ হয়ে পড়েছেন। অল্পক্ষণের মধ্যেই দেখা গেল অনেকেরই পাতলা পায়খানা শুরু হয়েছে। সবাই বলল, ডায়রিয়া আক্রমণ করেছে। আমি বুঝলাম, কেন এতক্ষণ তাকে দেখা যায় নি। সে চিমাটি রাণীকে বিয়ে করতে ব্যর্থতার প্রতিশোধ নেবার অপেক্ষায় ছিল।

বন্ধু গুড় কিন্তু ঘাবড়ালো না। চিমাটি রাণী আর ঘটক পানিকে নিয়ে একসাথে পাল্টা আক্রমণ চালালো ডায়রিয়ার উপর। অতিথিরাও সাহায্য করলো গুড় লবণ আর পানিকে। শেষ পর্যন্ত পরাজিত ডায়রিয়া আসর ছেড়ে পালালো। সবাই সুস্থ হয়ে উঠলো আবার। ধন্য ধন্য করতে লাগলো ডায়রিয়ার বিরুদ্ধে গুড়-লবণ-পানির যৌথ প্রতিরোধকে।

চিমাটি রাণী লবণ বললো: পানির সার্থক ঘটকালীতেই আমি গুড়ের মতো স্বামী পেলাম। আমি সত্যিই ভাগ্যবতী। আমরা তিনজনে দেশের সবখান থেকে শত্রু ডায়রিয়াকে তাড়াবো। এ কাজে আপনারা আমাদের সাহায্য করবেন।

বেগম বিউটি সরকার

ও আর ডব্লিউ ওটপ, কিশোরগঞ্জ।

সেতু, ১ম বর্ষ, ২য় সংখ্যা, এপ্রিল ১৯৮৫

পালা বদল

একজন কবির একটি কবিতার লাইন বার বার আজ মনে পড়ছে। 'আকাশের নীচে কখন কি হয় যায় না বলা'। সত্যি আমি আজ ভাবতেও পারছি না কেমন করে মানুষের জীবনে এমন পালা বদলের পালা আসে।

আমি ওটপ' এর একজন মাঠকর্মী। বাড়ি কিশোরগঞ্জ জেলার বিল্লগ্রাম। বড় দরিদ্র আমরা। বাবা অসুস্থ। ছোটভাইটি একমাত্র উপার্জনশীল। আমি বয়স্ক অনুষ্ঠা। আমার জন্যে মা বাবার কতো ভাবনা। সমাজের অনুশাসনকে তো এড়ানো যায় না।

তবু হঠাৎ আলোর বন্যা বয়ে গেল আমার মা বাবার মনে। আমার মামা একটি প্রস্তাব এনেছেন। আমাকে খবর দেয়া হলো। আমি ছুটি নিয়ে বাড়ী গেলাম। পাত্র পক্ষ আমাকে দেখলেন। বেশ খুটিয়ে খুটিয়েই দেখলেন। আমার অভিজ্ঞাবকদের স্বাস রুদ্ধ হয়ে আছে। তারপর ওরা জানালেন, মেয়ে পছন্দ হয়েছে। শুনে সবাই যেন হাফ ছেড়ে বাচলেন। ওরা বলে গেলেন কদিন পর বিয়ের তারিখ স্থির করে পাঠাবেন।

আমাদের বাড়ীতে যেন সুবাতাস বইতে লাগলো। এবার প্রতীক্ষা। তারপর এক বিষয় সন্ধ্যায় ওরা বলে পাঠালেন, মেয়ে পছন্দ হয়েছে, তবে একটা রঙিন টিভি চাই। টিভি! তাও আবার রঙিন! মা বাবার মুখের রঙটুকু যেন রঙ হয়ে গড়িয়ে পড়ল মাটিতে।

আমি ফিরে গেলাম কাজে। যে গ্রামে কাজ করছিলাম সে গ্রামেই সেই পাত্রটির বাড়ী। একদিন গভীর রাতে আমাদের ক্যাম্পে জরুরী তলব এলো। এক রুগীর অবস্থা খুব খারাপ। ডায়রিয়া। পরিচয় জেনে মনটা বিরূপ হয়ে উঠেছিলো। ভাবলাম যাবো না। তারপর ভেবে দেখলাম, আশেপাশে কোন ডাক্তার নেই, আমাদের যাওয়া উচিত। গেলাম আমরা তিনজন। সারারাত চিকিৎসা করলাম লবণ-গুড়ের স্যালাইন দিয়ে। সকালে রোগীর অবস্থা উন্নতির দিকে দেখে আমি চলে এলাম। ও বাড়ি থেকে বেরুবার মুখে টের পেলাম কেউ কেউ আমাকে দেখিয়ে ফিসফাস করছে।

তার কদিন পর। ক্যাম্পে ছোটভাইকে সঙ্গে করে আমার মা এসে হাজির। ওরা শোনালো খবর। পাত্র শুধু আমাকেই চায়, টিভি নয়। আমার মা বললো, 'তুই অমত করিসনে মা'।

আমি কি বলবো! কাকে আমার আবেগ আর উচ্ছাস প্রকাশ করবো। ধন্যবাদ কাকে দেব! আমার মাকে! পাত্রকে! উহ! আমার মনতো জানে এই পালা বদলে, যার একমাত্র অবদান রয়েছে সেতো কোন মানুষ নয়, তিনটি নিষ্প্রাণ উপাদান মাত্র। ওদের তো হৃদয় নেই। ওরা কি বুঝতে আমার প্রাণের আকৃতি!

শীলা সরকার

ওটপ, কিশোরগঞ্জ।

সেতু, ২য় বর্ষ, ১ম সংখ্যা, এপ্রিল ১৯৮৬



এখানে কোনদিনই বৃষ্টি হবেনা

(কুসংস্কারের খাঁচা থেকে ওরা এখনো
বেরুতে পারেন নি কবে ওদের ভেতরের
আমি মুক্তি পাবে — জানি না জানি না।)

আমি এখন তিনআনি আরডিপিতে
কাজ করছি। ব্যাকের কাজের ধারা
অনুযায়ী মোটর সাইকেল চালিয়ে রোজই
আমাকে কর্ম এলাকায় যেতে হয়। কখনো
দূরে কখনো কাছে। আমাদের এই যাওয়া
আসার কোন বিরাম নেই, বিচ্ছিন্নতা নেই।
মানুষের মাঝেই আমাদের জীবন, মানুষকে
নিয়েই আমাদের জীবন।

সেদিনও আমি প্রতিদিনকার মতো মালিঝি
কান্দায় যাচ্ছিলাম। উদ্দেশ্য সমিতির মিটিং এ
হাজির হওয়া। কিন্তু যেই আমি তিনআনি

বাজারের পরিয়ে ভাঙাপুলটার বগলে গেছি,
একটা পাথরের কনায় গেলে আমার মোটর
সাইকেলটা উল্টে গেল। আমি আঘাত পেয়ে
মাটিতে পড়ে রইলাম।

আপনারা যারা এ অঞ্চলে আসেননি,
এখানকার রাস্তাঘাট সম্পর্কে আপনাদের
বোঝাতে পারব না। শুকনো মওসুমে প্রতিটি
রাস্তা হা হয়ে থাকে। পাথরের ডাই বেরিয়ে
থাকে তীক্ষ্ণধার জিহ্বা উঠিয়ে। বৃষ্টি হলে এই
খড়খড়ে রাস্তার চেহারাটা সম্পূর্ণ পাল্টে যায়।
তখন কাদা জলে একাকার। সে কাদা যে
কেমন আঠালো না দেখলে বিশ্বাস করা যায়
না।

সে যাকগে, আমি তো পড়েই আছি মোটর
সাইকেলের নীচে। ভাবছি কেউ আমাকে
টেনে তুলবেন। তখন ভর দুপুর। আগুনের
হলুকা ছড়াচ্ছে আকাশ। কাছে পিঠে লোকজন
তেমন নেই। আহত চোখে তাকিয়ে দেখলাম
একটা রিক্সা আসছে। তাতে দু'জন মুরব্বী
গোছের লোক।

ওদের দেখে আমার মনে আশার সঞ্চার হলো।
ভাবলাম তারা আমাকে টেনে তুলবেনই।
কিন্তু কাছে আসতেই মুরব্বীদের একজন
বললেন, ইসরে, দেশটা জ্বলে গেল। একটুও
বৃষ্টি নেই। মেঘ পর্যন্ত দেখা যাচ্ছে না।

আরেকজন আমার দিকে ইংগিত করে
বললেন, সারা দুনিয়ায় বৃষ্টি হলেও এখানে
হবেনা। দেখছেন না মেয়ে মানুষ মোটর
সাইকেল চালাচ্ছে।

আমি কান পেতে কথা গুলো শুনলাম। তারা
যে আমাকে টেনে উঠালেন না, তার জন্যে
মোটাই কষ্ট হলোনা। আমার কষ্ট হলো এই
ভেবে যে কুসংস্কারের খাঁচা থেকে ওরা
এখনো বেরুতে পারেননি।

কবে ওদের ভেতরের আমি মুক্তি পাবে—
জানিনা, জানিনা।

আফরোজা খান
পিও আরডিপি
তিনআনি, শেরপুর

সেত, ৮ম বর্ষ, ২য় সংখ্যা, মে ১৯৯২

১৯৭৪ সালের কথা। আমি ঘুঙুরগাঁও ক্যাম্পে। বন্যার
পানি সব কিছু ভাসিয়ে নিয়ে চলেছে। ঘরে পানি।
চৌকির উপর চৌকি তুলে থাকতে হতো। আর ছিল
সাপ। অজস্র, অসংখ্য। পানিতে যে এতো সাপ
থাকতে পারে তা নিজে চোখে না দেখলে বিশ্বাস করা
যায় না। প্রথম প্রথম খুব ভয় পেতাম, ক্রমে সয়ে
গেছে। খাবারের খুব কষ্ট গেছে তখন। চারিদিকে
পানি, বাজার বসবে কোথায়! তবে পানিতে মাছ ছিল
প্রচুর। সারাদিন কাজ শেষে ঘরে ফিরে চৌকির উপর
বসে ঘরের ভিতরেই ছিপ ফেলে মাছ ধরতাম সবাই
মিলে। তাই দিয়েই খাওয়া চলতো। একদিন আমি
শুয়ে আছি। কুক এসে বললো, স্যার, আমি যে মাছ
কেটে রাখলাম গামলায় সেগুলো গেল কৈ? 'আমি এক
ধমক দিলাম, 'যাও মিথ্যা বলার আর জায়গা পাওনা,
কাটা মাছ যাবে কোথায়'! বেচারী ধমক খেয়ে চলে গেল।
একটু পরেই সে এসে আমাকে ডাকলো, 'স্যার, দেখে যান
কাটা মাছ কোথায় যাচ্ছে'। উঠলাম। গিয়ে দেখি
১০/১২টা সাপ গামলা থেকে কাটা মাছগুলো ছোবল মেরে
তুলে নিচ্ছে আর কপ কপ করে গিলছে।

আমার সবচাইতে ভয়ঙ্কর অভিজ্ঞতা হলো আর
একদিন বিকেলে। মিটিং সেরে মারকুলি থেকে ফিরছি।
একই স্পীডবোট চালিয়ে আসছি হাওড় দিয়ে। হঠাৎ
মুহূর্তের মধ্যে ঝড় উঠলো। সেকি তেউ। যে কোন
মুহূর্তে স্পীডবোট তলিয়ে যেতে পারে। কোন মতে
তেউয়ের ধকল সামলে নিয়ে ইঞ্জিন বন্ধ করে দিলাম।
ঝড়ের গমক কমে গেল। কিন্তু মুমলধারায় রুগ্টি শুরু
হলো। ২/১ মাইলের মধ্যে কোথাও ডাঙার চিহ্ন নেই।
দিক হারিয়ে ফেললাম। মৃত্যু যেন শীতল হাত বুলোতে
শুরু করেছে আমার শরীরে, মনে। রুগ্টি থামলো
একসময়। কিন্তু রাত হয়ে গেছে। কোথায় চলেছি
আমি জানিনা। ইঞ্জিন পানি ঢুক বন্ধ। বৈঠা বেয়ে
এগুতে লাগলাম। অনেকক্ষণ পর একটা গ্রামে এসে ভিড়-
তেই বেশ কিছু লোক উদ্যত বল্লম, রাম দা নিয়ে ঘিরে
ফেললো আমাকে। ওরা ভেবেছে ডাকাত আসছে বুঝি।
পরিচয় দিয়ে রেহাই পেলাম এবং আতিথ্যও।

এস, এ, করিম
প্রোগ্রাম কো-অর্ডিনেটর আর, ডি, পি
সেত, ২য় বর্ষ, ২য় সংখ্যা, জুলাই ১৯৮৬



দেয়াল ভাঙার পালা

সাইকেল চালানো পারবো কিনা এ নিয়ে আমাদের অনেকের মধ্যে দ্বিধাদ্বন্দ্ব রয়েছে। শুনেছি কেয়ার-এর মেয়েরা সাইকেল চালান। আমরা কোনোদিন চালানোর ইচ্ছে নিয়ে সাইকেল ধরে দেখিনি। আমরা ঠিক করলাম, সময় ও সুযোগ পেলে মাঝে মাঝে ভাইদের সাইকেল নিয়ে চালানোর অভ্যাসটা আয়ত্ত করবো। টিমের সকল স্বাস্থ্যকর্মী দ্রুত এক সেট করে সালোয়ার-কামিজ তৈরি করে ফেললাম গোপনে গোপনে। তারপর ৩১ মার্চ শুক্রবার শিবিরের ভেতরে সকলে মিলে সাইকেল চালানো প্র্যাক্টিস শুরু করলাম। আগে থেকেই পরিবেশ সৃষ্টির জন্য শিবিরের আশেপাশের ভাবীদের সাইকেল চালানোর কথা বলে রেখেছিলাম। পরদিন আমরা তখনো ফিল্ড থেকে আসিনি, তার পূর্বেই এ এলাকার হাইস্কুল-গামী কিছু ছাত্রী ও অল্পবয়সী ভাবীরা আমাদের সাথে দেখা করতে এলো। তারা জানতে চাইলো সেদিন আমরা সাইকেল চালানো কিনা? তারা সাইকেল চালানো দেখতে আগ্রহী। আমাদের দুজন স্বাস্থ্যকর্মী বোন দুদিনেই প্রায় সাইকেল চালানো শিখে ফেলেছেন। স্কুলগামী ঐ ছাত্রীরা আমাদের কাছে সাইকেল চালানো শেখার আগ্রহ প্রকাশ করলো।

ঐ ছাত্রীরা, তাদের ভায়েরা এবং আশেপাশের অনেক ছেলেমেয়ে দুতিন মাইল দূরের স্কুলে লেখাপড়া করে। এক সঙ্গে দল বেঁধে হেঁটে মেয়েদেরকে যেতে হয়। এই দুতিন মাইল রাস্তা কিন্তু এসব ছাত্রীদের ভায়েরা এবং

অন্য ছেলেরা প্রায়ই সাইকেলে করে যায়। এতে বেঁচে যায় অনেক সময়, কষ্টও হয় কম। কিন্তু মেয়েরা এতোটা পথ হাঁটতে গিয়ে ছেলেদের থেকে অনেক পিছিয়ে পড়ে। এই ছাত্রীরা ছেলেদের থেকে পিছিয়ে থাকতে চায় না। তারা চায় ব্যবধান ঘোচাতে।

হাইস্কুলে পড়া এ ছাত্রীরা হয়তো কখনো ভাবেনি মেয়েদের পক্ষে সাইকেল চালানো সম্ভব। আমাদের সমাজে প্রাইমারি এবং হাইস্কুল পাস করে অনেক মেয়েকেই ঘরে বসে বিয়ের দিন গুনতে হয়। ইচ্ছে থাকা সত্ত্বেও তিনচার মাইল দূরের স্কুল এবং আরো দূরের কলেজে যাওয়ার সাধ তাদের মেটে না। মেয়েদের সাইকেল চালানোকে সমাজে ভালোভাবে গ্রহণ করলে অনেক মেয়েই তাদের ভায়েরদের সাথে সাইকেলে দূরের স্কুল-কলেজে গিয়ে উচ্চশিক্ষা নিতে পারতো। যৌতুকের দাবি মেটাতে না-পারা বাবা-মায়ের সংসারে অল্প বয়সেই এ মেয়েদেরকে বোঝা হিসেবে থাকতে হতো না। পড়া-লেখার মধ্যে থাকলে বাবা-মা বিয়ের ব্যাপারেও এতো ভাবতেন না।

হাইস্কুলে পড়া এই মেয়েরা আমাদের কাছে তাদের মনের কথা খুলে বললো। তারা চায় সমাজে নিজেদের অধিকার প্রতিষ্ঠা করে নিতে। আমরা যখন সাইকেল চালিয়ে গ্রামে যাওয়া শুরু করবো, তখন এরাও সাইকেলে স্কুলে যাওয়ার চেষ্টা করবে।

সুফিয়া খাতুন ও কল্পনা ডাকুয়া
স্বাস্থ্যকর্মী, টিম নং-০৩
সিএসপি, সাটুরিয়া

সেতু, ৫ম বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই ১৯৮৯



‘দাই নয় নার্স’

নূরুল হদা পি.ও, জামালপুর

জামালপুর জেলার অন্তর্গত মাদারগঞ্জ উপজেলার অধীন আদারভিটা ইউনিয়নে সি. আর পি-৩ নং টিমে কাজ করি। T.T. দেওয়া শেষ করে দাই ট্রেনিং এর বেলায় আমাদেরকে বিপাকে পড়তে হয়। এলাকার মানুষ দাইদেরকে এমন ঘৃণা করে যে, যদি কেউ একজন করে (বাড়ী থেকে বাড়ী) তাহলে তাকে অবজার চোখে দেখে এবং তাকে অনেক লাঞ্ছনা গঞ্জনাইতে হয়। ফলে কেউ একাজ করতে রাজী নয়। অথচ প্রত্যেক পরিবারেই এ ধরনের দু’একজন দাই পাওয়া যায় যারা নিজেদের বাড়ীতেই সীমাবদ্ধ। মানুষ ভাবে না যে, তাদের জন্মের সময় প্রথমেই এই দাইয়ের প্রয়োজন হয়েছে। তাদের আরও অজানা যে, প্রত্যেকটি আদম সন্তান জন্মের

সময় এই দাইয়ের প্রয়োজন। উল্লেখ করা যায় যে, কোন এক গ্রামে একটা দাই পাড়া আছে। তাদের কোন পূর্ব পুরুষ এই দাইয়ের কাজ করতো তা কেউ জানে না অথচ সমাজে তাদের স্থান খুবই নিশ্চেন। তারা আলাদা সমাজ গঠন করে বাস করছে। এমনকি পাঠশালা পর্যন্ত আলাদা। এই অসুবিধায় একটু বিচলিতই হয়েছিলাম। স্থানীয় শিক্ষিত ব্যক্তিবর্গের সাথে আলাপ করার পর এই সিদ্ধান্তে আসা হয় যে, যারা একাজ করে (পরিবারে) তাদেরকে নার্স ট্রেনিং দেওয়া হবে। এই প্রস্তাবে অনেকেই আগ্রহ প্রকাশ করায় গ্রামে গ্রামে কেন্দ্র তৈরী করে দাই ট্রেনিং দেওয়া হয়। এখানে প্রসবকালে দাদী, নানী, শাশুড়ী, মা, খালা ও ফুপুরাই গর্ভ খালাশ করে থাকেন। এখানে আর একটা কুসংস্কার আছে। নাড়ী কেটে রক্তটা ছেলেদের দাড়ি ও গৌফ দেওয়া হয় দাড়ি গৌফ গজানোর জন্য এবং মেয়ে হলে মুখমণ্ডলে দেওয়া হয় বা চোখের দ্রুত দেওয়া হয় চক্ষুলাজ্ঞা হওয়ার জন্য।

সেতু, ২য় বর্ষ, ২য় সংখ্যা, জুলাই ১৯৮৬





উইপোকা

আমার নাম রেনু। মানিকগঞ্জের বাহিরখোলা গ্রামে আমাদের বাড়ি। বাড়ি মানে ঠিকানা আর কি। কেননা ঘরবাড়ি, বিষয়-আশয় তো কিছু নেই আমাদের। ছিলও না কখনো। গ্রাম বাঙলার গরীব পরিবারে যা হয়। শুধু ভিটের উপর একখানা কুড়ে ঘর। দু'একটা আম আর নারকেল গাছে ঘেরা। সেখানেই থাকতাম আমার বাবা, মা, দুটি ভাই আর আমরা দুটি বোন।

১৯৭৭ সালে একদিন আমিন ভাই আমাকে খুঁজে বের করলেন। আমার তখন কি অবস্থা! দেখে তিনি ব্র্যাকের সমিতিতে নিয়ে নিলেন। মানুষটাও ছোট (কতই বা বয়স আমার তখন!) কাজও দিলেন ছোট। চানাচুর বানাতাম। মন প্রতি পাঁচ টাকা করে পেতাম।

তারপর দিন গড়িয়ে চললো। আমি বড়ো হতে থাকলাম। সমিতির মতোই। আমি লেখাপড়া শিখলাম। হাতের কাজ শিখলাম। নক্সা আঁকতে শিখলাম। কোনটা কোন রঙ, হলুদ আর নীল মেশালে কি রঙ বেরিয়ে আসে তা শিখলাম। ছাপার কাজ শিখলাম। সব চেয়ে বড়ো যা শিখলাম তা হলো উপযুক্ত প্রশিক্ষণ পেলে আমার মতো মেয়েও অনেক কিছু করতে পারে। এই যে আজকে সবাইকে আমার কথা বলতে শিখেছি এটাও তো একটা বড়ো শিক্ষা।

আজ আমার আয় বেড়েছে। এক সময় দেখেছি তেল সাবানের জন্য মায়ের কাছে পয়সা চাইলে মা মুখটা কালো করে ফেলতেন। তখন বঝতাম না মায়ের হাতে পয়সা থাকে না, থাকে বাবার কাছে। আজ আমি নিজে আয় করছি। কারো কাছে আমাকে হাত পাততে হয় না। বরং মাকে তেল সাবান কিনে দেই।

আর কি বলবো আমি! বড়ো কষ্ট করে মানুষ হয়েছি আমি। তবু দুঃখ লাগে এই ভেবে যে এখনো আমাদের সমাজের অনেক মানুষের মন আর মানসিকতা সংস্কারমুক্ত নয়। এ কথা শুধু পুরুষদের বেলায়ই নয়, অনেক মহিলার জন্যেও প্রযোজ্য। যেদিন সবাই শ্রম ও শ্রমিককে সম্মান দিতে শিখবে, হয়তো সেইদিনই আমাদের সমাজে শান্তি আসবে, তার আগে নয়।*

রেনু, ব্লক প্রিন্ট কর্মী,

আয়েশা আবেদ ফাউন্ডেশন, মানিকগঞ্জ

আমরা যারা গ্রামের মেয়ে তাদের জীবনে অনেক সমস্যা। আমারও ব্যতিক্রম ছিল না। গরীব বাবার ঘর থেকে পার হয়ে তুকেছিলাম গরীব স্বামীর ঘরে। একান্ন-বর্তী পরিবার। হঠাৎ আমাদের পৃথক করে দিল। কি যে কণ্ঠে পড়লাম তখন। নিজেরা ঘরবাড়ি তুলতে পারিনি। রান্নার হাঁড়ি পাতিলও ভাগে পেলাম না কিছুই। কোন রকমে শূন্য ভিটের একখানা ঘর তুলে থাকতে শুরু করলাম। রান্নার জন্যে প্রতিবেশীর বাড়ীতে গিয়ে বসে থাকতাম, ওদের রান্না শেষ হলে নিজেদের জন্যে দুমুঠো ফুটিয়ে নেবো।

এমনি সময় ব্র্যাকের সাথে যোগাযোগ হলো। পরিবারের লোকজন চাননি যে, আমি কুলবধু, ঘরের বাইরে কাজ করতে বের হই। কিন্তু আমার স্বামী মত দিলেন। আমি কাজে এলাম। সমিতি পরিচালনার কাজ।

এস, এস, সি পাশের পর আমার পিটিআই করা ছিল। কাজেই খুব একটা অসুবিধা হয়নি কাজে। তাছাড়া আমি সমাজেরই মেয়ে। সবাই আমাকে চিনতো, আমি চিনতাম সবাইকে। কিন্তু আমাকে নিঃশেষ করে দিচ্ছিল উইপোকা। বড়ো কণ্ঠে তোলা আমার বেড়ার ঘর খেয়ে ফেলছিল।

আমি প্রশিক্ষণ পেলাম ব্র্যাকের কাছ থেকে, সমিতির সদস্যদের কাছ থেকে। সবাইকে নিয়ে বাঁচার শিক্ষা পেলাম। আজ মাত্র ক'বছর পর আমার এলাকার মহিলারা এতই সংগঠিত যে, তারা সমাজের সব বিচার আর সালিশে অংশগ্রহণ করেন, রায় দেন।

আমার নিজেরও উন্নতি হয়েছে। সব খণ শোধ করে কিছু সঞ্চয়ও করেছি। শাক-সবজীর চাষ আমার বাড়তি আয়ের পথ। এখন আর উইপোকা আমার ক্ষতি করতে পারে না। কেননা এখন ঘর বেঁধেছি টিনের। উইয়ের মিঠুর দাঁত এখন সেখানে কামড় বসাতে পারে না।

আমাদের জীবনকে এখন বেঁধে ফেলেছি সংগঠনের ছকে। দারিদ্র্য আর শোষণের উইগুলো তাই আর ভিড়তে পারবে না।

মালতি রায়

গ্রাম সেবিকা, মির্জাপুর

সেতু, ২য় বর্ষ, ৪র্থ সংখ্যা, জুলাই ১৯৮৬

সেতু, ২য় বর্ষ, ৪র্থ সংখ্যা, জুলাই ১৯৮৬



বিদায় বেলায়

ব্র্যাকের হেড অফিস—সেকালে

নাজমা হাফিজ
সিনিয়র সেক্রেটারী

মানিকগঞ্জ প্রকল্পাধীন আঞ্চলিক এনএফপিই কেন্দ্রটি আনুষ্ঠানিকভাবে বন্ধের কথা ঘোষণা করেছিলাম। তৃতীয় বর্ষের কোর্স শেষ হয়েছে। কিন্তু তখনো সরকারি স্কুলে ভর্তি-হওয়া ছেলেমেয়েরা এখানে আসছিলো। স্কুলে উপস্থিত হয়ে দেখি শিক্ষিকা শামসুন্নাহার মুখ গোমড়া করে দাঁড়িয়ে আছেন। অন্যান্য দিনের মতো তিনি আমাকে অভিবাদন জানানেন না এবং কারো সাথে কথাও বললেন না। আমি ছেলেমেয়েদের বললাম, ‘তোমরা আর এ স্কুলে এসো না’।

জবাবে ওরা জানালো, ‘আমরা দু’স্কুলেই লেখাপড়া করবো’। আমি বললাম, ‘এটা হয় না’।

অনেক বুঝিয়ে-সুঝিয়ে বললাম, ‘তোমরা সরকারি স্কুলে যাচ্ছে। ১৯৮৫ থেকে ১৯৮৭ এ তিন বছর আমাদের সাথে ছিলে। ওখানে গিয়ে তোমরা অনেক বন্ধু পাবে। লেখাপড়া ও চালচলনে আমাদের স্কুলের সুনাম রেখো।’

এভাবে ছেলেমেয়েদের উদ্দেশে উপদেশমূলক কিছু কথা বলে শামসুন্নাহারকে কিছু বলতে অনুরোধ করলাম।

তিনি বললেন, ‘আমি কাউকে বিদায় দিতে পারবো না। ওরা আমার ছেলেমেয়ে, আমার কাছেই থাকবে। যদিও একসাথে এ স্কুলে ওদেরকে পাবো না, তবু বাড়ি বাড়ি ঘুরে আমি ওদের খোঁজখবর নেবো। আমার বিশ্বাস—ওরাও আমাকে এক নজর দেখার জন্য আমার বাড়ির আঙিনায় আসবে।’

কথাগুলো বলে তিনি মুখে হাত চেপে কেঁদে ফেললেন। ছেলেমেয়েরাও কাঁদতে শুরু করলো। এসময় তিনটি ছেলে এসে আমার কাছে বাইরে যাবার অনুমতি চাইলো। অনুমতি দিলাম। কিছুক্ষণ পর ওরা একটি কাগজের ঠোঙায় কয়েকটি নিমকি নিয়ে এলো। দুটি ওদের আপা শামসুন্নাহারকে আর বাকিগুলো আমাকে দিলো। ওরা বললো, ‘অন্য স্যারেরা তো আসেননি, তাদের জন্য নিয়ে যাবেন’। গরিব ছেলেমেয়েদের কেনা একঝাট নিমকি আমি ফিরিয়ে দিতে পারিনি। পয়সাও দেয়া হয়নি।

আরো কিছু কথাবার্তা হলো। ফেরার পথে ভাবছিলাম ব্র্যাক তার অনেক সাফল্যের সাথে গ্রামের পাতার কুটিরের কচি ছেলেমেয়েদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দেয়ার সাফল্যও যোগ করলো।

প্রফুল্ল বর্মণ

পিও-এনএফপিই, মানিকগঞ্জ প্রকল্প

সেতু, ৪র্থ বর্ষ, ৩য় সংখ্যা, জুলাই ১৯৮৮


ক’দিন আগে নরসিংদী বিশ্ব রোডের ধারে, আমাদের বাড়ীর সামনে দাঁড়িয়েছিলাম। হঠাৎ ঝকঝকে একটা মটর সাইকেল সশব্দে ব্রেক কসে থামলো আমার সামনে। আঁতকে উঠেছিলাম। তাকিয়ে দেখলাম ব্র্যাকেরই এক কর্মী ভাই, তাজুল ইসলাম, দুশটুমীভরা চোখে মিটমিট করে হাসছে। ‘আপা, কেমন আছেন?’

ওর প্রশ্নটা যেন দমকা বাতাসের মতো আমাকে পিছিয়ে নিয়ে গেল কয়েক বছর। ১৯৭৬ সালে।

তখনও প্রশ্ন শুনতাম ‘আপা, কেমন আছেন?’ কিন্তু এমন তকতকে ঝকঝকে মটর সাইকেল তখন কোথায়? তখনকার কর্মীদের ঠোঁটে হাসি থাকলেও দেহে লেগে থাকতো ক্লান্তির ছাপ। হেঁটে অথবা নৌকায় করে চলাচল। কখনো কখনো হেড অফিসে। তখনকার হেড-অফিস মগবাজারের ছোট্ট একটা দোতলায়। মাহেরা আপা আর আমি একটা রুমে। একটি মাত্র টেলিফোন। একতলার রান্না ঘরেই আমাদের ক্যান্টিন। হেড অফিসে সব মিলিয়ে কর্মী জনা বিশেক। সবাই মিলে যেন একটি পরিবার।

আজ কতো বড় হয়েছে ব্র্যাক। তবু সেকালের ব্র্যাককে ভোলা যায় না। মনে হয় ‘রাতের সব তারাই আছে দিনের আলোর গভীরে’।

সেতু, ২য় বর্ষ, ২য় সংখ্যা, জুলাই ১৯৮৬



Sir Fazle's final letter to BRAC family

Abed bhai wrote this letter after he retired from the position of Chairperson of BRAC and BRAC International. He sent the letter to all staff members on 7 August 2019.

My dear colleagues,

I am writing to share with you an important life decision. However, before that, let me take the opportunity to tell you how BRAC became my story.

I started BRAC when I was 36. Growing up, starting an NGO and working in the remote villages of Bangladesh were never in my plans. With my privileged upbringing, 14 years in London, first as a student, then as a Chartered Management Accountant, having a comfortable lifestyle as a multinational company's executive – my life was on an entirely different trajectory.

Then things changed.

The devastating Bhola cyclone of 1970 was a turning point in my life. More than 300,000 people lost their lives. Seeing the death and destruction with my own eyes made me realise how disconnected I was. My house became the headquarter of a small relief operation. Experiencing the fragility of human life, especially the vulnerability of the people living in poverty, shook me to the depth of my being. I decided to try to change this.

The War of Liberation of Bangladesh, which began soon thereafter, completely transformed me. In May of 1971, I moved to London to mobilise resources and support from the European and UK governments to get Bangladesh recognised and to denounce the genocide. Along with a few friends, I set up Action Bangladesh. We collected funds and sent relief materials home and vigorously lobbied to get Bangladesh recognised.

I sold my flat in London for 16,000 pounds and returned home in January 1972. With that money and some funds from a few close friends, I set up a relief and rehabilitation project in the remote area of Sulla. The Sulla project covered three unions in the Sunamganj and Habiganj districts in northeastern Bangladesh. That is how BRAC was born.

There was no turning back from that point. Over the next 47 years, we have grown to be one of the most effective development organisations in the world. In 2002, BRAC started its first international operation by venturing into Afghanistan. Since then, we have expanded our international operations into 10 countries in Asia and Africa. BRAC is a unique, holistic development ecosystem comprising social enterprises, microfinance, tertiary education, investments and development programmes, all driven by the same mission.

Of course, none of these were done alone by BRAC. We are fortunate to partner with governments, mission-aligned donors, partners and peer organisations along the way.

For the past few years, I have put a lot of thought and preparation into planning my succession at BRAC. As you know, I handed over my management responsibilities as the Executive Director of BRAC at the age of 65 in 2001 and remained on the Board as Founder and Chairperson. Transitioning from the governance role of BRAC and BRAC International Boards has also been on my mind for quite some time. Now,



at the age of 83, I feel it is the right time for me to step down from my role as Chairperson and focus my time on guiding the future strategy of BRAC.

Hence, I am retiring from my role as the Chairperson of BRAC Bangladesh and Stichting BRAC International Governing Bodies. I am honoured that the Governing Body of BRAC has elected me as Chair Emeritus of BRAC. I will continue to come to office. However, in the coming months, I will focus my time on shaping the global strategy and governance structure of BRAC.

Over the past year, a process has been underway to develop BRAC's global strategy. I would like to invest time in ensuring that the leadership succession and governance structures are in place to strengthen our ability to progress as a unified, 'One BRAC' team globally. A sustainable and cohesive global operating structure is much needed as we aim to expand our impact to millions of more people worldwide in the next 10 years. While remaining as Chair Emeritus of BRAC, I will also work closely with respective leadership teams to ensure a smooth and successful transition.

I am taking this decision with immense pride and confidence. Pride because of what we have been able to accomplish together for the past 47 years. Confidence because of the strength of the team who will take my legacy ahead. This transition demonstrates the strength of BRAC that we are able to implement the succession plan in an orderly and professional manner. At the same time, I feel blessed to have this opportunity to retire and focus on BRAC's future.

Having the right people to carry forward my vision was an essential part of my decision. Dr Muhammad Musa joined as the Executive Director of BRAC International in May 2019 and Asif Saleh has been appointed as the Executive Director of BRAC Bangladesh in August 2019. I am confident in their ability to lead BRAC. Together, they will ensure that we continue to build an equal world.

BRAC has always been privileged to attract eminent personalities to its Boards over the years. I am very pleased to share that Dr Hossain Zillur Rahman is joining the Governing Body of BRAC Bangladesh and Ms Ameerah Haq is joining Stichting BRAC International Supervisory Board as Chairpersons respectively. I believe BRAC will benefit immensely from their depth of experience.


BRAC began its journey as the 'Bangladesh Rural Advancement Committee'. Since then, we have grown beyond being an acronym. When people ask me now what BRAC stands for, I like to say that we stand for an idea – an idea of a world where everyone has an equal opportunity to realise their potential. The passion of my lifetime has been to work with people living in poverty and to see them, with the right resources and opportunities, transform into agents of change in their own lives, families and communities.

BRAC has always believed that change is human-made. At the heart of everything we do is the conviction that everyone can be actors in history, and that no one should ever be a passive recipient of charity.

The inequalities that create divisions among rich and poor, powerful and powerless, are made by humans. So change is also possible through human acts of compassion, courage and conviction. Giving people hope, investing in confidence and reminding them of their own self-worth have been a consistent ethos across all of BRAC's work. I have spent my life watching optimism triumph over despair when the light of self-belief is sparked in people. As a team, I want us to keep lighting these sparks. Our work should always reflect our faith in human spirit and our respect for their inherent power.

Thank you cannot capture my gratitude for the lifetime of trust, friendship, partnership, support and commitment that you have given me. I am sure you will show the same respect and commitment to our new leadership. I have complete confidence in our next generation of leaders.

BRAC has never been about me or any one person. I may have been the founder, however, our strong foundation and reputation are built on your commitment, hard work and sacrifice. It may have been my vision, but vision is nothing without the perseverance to make it real. You have always stepped up to bring my vision to life with boundless courage. You have made BRAC a global leader in every sense, in every sector we have branched into. In my eyes, YOU ARE BRAC!






BRAC HAS
NEVER BEEN
ABOUT ME OR
ANY ONE PERSON.
OUR STRONG
FOUNDATION AND
REPUTATION ARE
BUILT ON THE
COMMITMENT,
HARD WORK AND
DEDICATION OF
OUR STAFF.

Sir Fazle Hasan Abed KCMG

Founder, BRAC



We will not say ‘rest’ in peace.

The Abed bhai we know would not rest until we build an equal world.

We know you would not want us to lament your loss for long.

You would want us to tirelessly fight poverty and inequality, like you did the last 47 years.

We promise to rise to that responsibility.

We promise to be worthy of your legacy.





ALWAYS





A WAY





©BRAC 2022

9 789849 075296 >